A text-book according to revised Syllabus for Secondary and Higher Secondary Schools, West Bengal, for Classes VII & VIII

Modern
English Second Paper

[For Classes VII & VIII]

[Containing (a) Translation (b) Letter-writing (c) Precis-writing (d) Story-building, etc.]

BY

Abinash Chandra Sen Gupta, M. A. B. T.
Late Headmaster, Shyamaprasad
Jatiya Vidyalaya, Hoogly

And

Prafulla Chandra Banerjee, M. A., B. T.
Headmaster, South Garia Jadunath
Vidyamandir (High School) Govt. Aided.

To be had of :—

Book Supply Agency
13, College Row
Calcutta-12

PREFACE

This book aims at teaching children the elementary principles oi Translation, Letter-writing, Summary-writing, Précis-writing, and Story-building. So these items have been treated systematically and elaborately.

Lessons have been so arranged that the students can be drilled in them successfully. A careful study of the book will enable the learners to grasp the subjects thoroughly and answer questions on them independently.

Authors

Ajay Kumar Chakraborty.

CONTENTS

Part I

Part II

Part III

Part IV

Modern
English Second Paper

CHAPTER I

Noun and Article

(I)

একটি বালক—*A* boy
একটি বালিকা—*A* girl
একটি পাখী—*A* bird
একখানি বই—*A* book
একটি ফুল—*A* flower
একখানি নৌকা—*A* boat

Note :—Boy, Girl, bird এই শব্দগুলি যে কোন একটি প্রাণী বুঝাইতেছে। Book, flower, boat এই শব্দগুলি যে কোন একটি বস্তু বুঝাইতেছে। ইংরেজীতে এইরূপ শব্দকে **Common Noun** (সাধারণ নাম) বলা হয়। এই শব্দগুলি হইল Singular (একবচন) এবং ইহাদের প্রথম অক্ষর হইল Consonant (ব্যঞ্জনবর্ণ)।

Singular Common Noun-এর প্রথম অক্ষর Consonant হইলে তাহার পূর্বে 'যে কোন একটি' এই অর্থে সাধারণতঃ **A** বসে।

(II)

একটি পিঁপড়ে—*An* ant

একটি ডিম—*An* egg

একটি দোয়াত—*An* inkpot

একটি ষাঁড়—*An* ox

একটি ছাতা—*An* umbrella

Note :—Singular Common Noun-এর প্রথম অক্ষর Vowel হইলে তাহার পূর্বে সাধারণতঃ An বসিয়া থাকে। A ও An-কে Indefinite Article (ইন্‌ডেফিনিট আরটিকেল) অর্থাৎ অনির্দেশক Article বলে।

মনে রাখিবে, ইংরেজীতে ২৬টি অক্ষর আছে। উহাদের মধ্যে a, e, i, o, u এই পাঁচটি অক্ষর হইল Vowel এবং বাকি ২১টি অক্ষর হইল Consonant.

Exercise

Translate into English :—

1. একটি ঘোড়া। 2. একটি গাধা। 3. একটি ছাগল। 4. একটি হাতী। 5. একটি চিল (kite) 6. একটি কমলা লেবু। 7. একটি দ্বীপ (island)। 8. একটি কলম। 9. একটি ঈগল পাখী (eagle)। 10. একটি বিড়াল। 11. একখানি চেয়ার। 12. একখানি বেঞ্চ। 13. একটি আম। 14. একটি পাতা। 15. একটি বৃক্ষ। 16. একখানি জাহাজ। 17. একটি হরিণ। 18. একটি কাক। 19. একজন ভিখারী। 20. একটি বাড়ী।

Translate into Bengali :—

1. A village 2. A leaf 3. A lion 4. A river 5. An owl 6. A frog 7. An eye 8. A picture 9. A town 10. A garden 11. A bee 12. A door 13. An apple 14. An ear 15. An arm 16. A coconut 17. A pencil 18. A lamp 19. A window. 20. A pond 21. An ocean.

CHAPTER II

Definite Article—The

(I)

বালকটি—*The* boy
বালিকাটি—*The* girl
নৌকাখানি—*The* boat
ষাঁড়টি—*The* ox
দোয়াতটি—*The* inkpot
ডিমটি—*The* egg

Note :—কোন Common Noun-কে নির্দিষ্ট করিয়া বুঝাইতে হইলে তাহার পূর্বে **The** বসাইতে হয়।

(II)

বালকেরা—Boys

বালকগুলি—*The* boys

বালিকারা—Girls

বালিকাগুলি—*The* girls

নৌকাসকল—Boats

নৌকাগুলি—*The* boats

Note :—Plural Common Noun-এর পূর্বে সাধারণতঃ The বসে না, কিন্তু Plural Common Noun-এর দ্বারা কয়েকটি বা কতকগুলি নির্দিষ্ট প্রাণী বা বস্তু বুঝাইলে তাহার পূর্বে The বসিয়া থাকে।

(III)

সূর্য—*The* sun

চন্দ্র—*The* moon

আকাশ—*The* sky

পৃথিবী—*The* earth

পূর্বদিক—*The* east

পশ্চিম দিক—*The* west

উত্তর দিক—*The* north

দক্ষিণ দিক—*The* south

Note :—সূর্য, চন্দ্র, আকাশ, পৃথিবী এবং দিকের নামের পূর্বে সর্বদাই **the** বসিয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. গরুটি। 2. গরুসকল। 3. গরুগুলি। 4. পাখীটি। 5. পাখীসকল। 6. পাখীগুলি। 7. বাঘটি। 8. বাঘেরা। 9. বাঘগুলি। 10. দ্বীপটি। 11. দ্বীপগুলি। 12. নদীটি। 13. নদীগুলি। 14. ভিখারীটি। 15. ভিখারীগণ। 16. ভিখারীগুলি। 17. আমটি। 18. আমগুলি। 19. পেঁচাটি। 20. পেঁচারা। 21. পেঁচাগুলি।

2. Translate into Bengali :—

1. The map 2. The maps 3. Maps 4. The rose 5. Roses 6. The roses 7. The wolf 8. Wolves 9. The wolves 10. The river 11. The rivers 12. The ass 13. Asses 14. The asses 15. The dish 16. Dishes 17. The dishes 18. A goat 19. Goats 20. The goats.

CHAPTER III

Article (*Continued*)

কলিকাতা—Calcutta

লণ্ডন—London

বোম্বাই—Bombay

মাদ্রাজ—Madras

Note : Calcutta, London, Bombay, Madras এগুলি হইল স্থানের নাম এবং **Proper Noun.** সাধারণতঃ Proper Noun-এর পূর্বে কোন article বসে না।

পাঞ্জাব—*The* Punjab

দাক্ষিণাত্য—*The* Deccan

কর্ণাট প্রদেশ—*The* Carnatic

Note : পাঞ্জাব, দাক্ষিণাত্য এবং কর্ণাট প্রদেশ যদিও স্থানের নাম তথাপি ইহাদের পূর্বে **the** বসিয়া থাকে।

জল—Water

গঙ্গার জল—*The* water of the Ganges

দুধ—Milk

এই পাত্রের দুধ—*The* milk of this pot

কাগজ—Paper

এই পুস্তকের কাগজ—*The* paper of this book

Note : Water, milk, paper এগুলি **Material Noun** (বস্তু-বাচক বিশেষ্য)। সাধারণতঃ Material Noun-এর পূর্বে কোন

article বসে না। কিন্তু কোন নির্দিষ্ট বস্তু বুঝাইলে তাহার পূর্বে **the** বসিয়া থাকে।

দয়া—Kindness

বিদ্যাসাগরের দয়া—*The* kindness of Vidyasagar

সত্যবাদিতা—Truthfulness

যুধিষ্ঠিরের সত্যবাদিতা—*The* truthfulness of Judhisthira

নিষ্ঠুরতা—Cruelty

ব্যাধের নিষ্ঠুরতা—*The* cruelty of the hunter

Note : Kindness, truthfulness, cruelty এই শব্দগুলি হইল **Abstract Noun** (গুণবাচক বিশেষ্য)। সাধারণতঃ Abstract Noun এর পূর্বে কোন article বসে না। কিন্তু কোন নির্দিষ্ট গুণ বুঝাইলে তাহার পূর্বে the বসিয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. জাভার চিনি। 2. অষ্ট্রেলিয়ার সোনা। 3. সাগরের জল। 4. জয়পুরের পাথর (the stone)। 5. গান্ধীজীর সাধুতা (the honesty)। 6. চাঁদের আলো (the light)। 7. কৃষকের (a peasant) দারিদ্র্য (the poverty)। 8. ছাত্রের (a student) কর্তব্য (the duty)। 9. ভূতের (ghost) ভয়। 10, হাতির বল (the strength)।

2. Translate into Bengali :—

1. Justice 2. The justice of the High Court 3. Youth 4. Anger 5. The kindness of Bimal 6. Poverty 7. The poverty of the beggar 8. The water of the Nile 9. Courage 10. The courage of Alexander 11. Rubber 12. The rubber of Malaya.

CHAPTER IV

Article (*Continued*)

গঙ্গানদী—*The* Ganges
ব্রহ্মপুত্র—*The* Brahmaputra
সিন্ধুনদ—*The* Indus
লোহিত সাগর—*The* Red sea
বঙ্গোপসাগর—*The* Bay of Bengal
ভারত মহাসাগর—*The* Indian Ocean
প্রশান্ত মহাসাগর—*The* Pacific
রামায়ণ—*The* Ramayana
মহাভারত—*The* Mahabharat
গীতা—*The* Gita
কোরাণ—*The* Koran

বাইবেল—*The* Bible

তাজমহল—*The* Tajmahal

যুগান্তর পত্রিকা—*The* Jugantar

Note : নদী, সাগর, মহাসাগর, প্রসিদ্ধ বস্তু, ধর্ম পুস্তক, প্রসিদ্ধ অট্টালিকা এবং সংবাদপত্রের নামের পূর্বে **the** ব্যবহৃত হইয়া থাকে।

Exercise

1. Translate into Bengali :—

1. The Victoria Memorial 2. The Atlantic 3. The Arabian Nights 4. The Padma 5. The Persian Gulf 6. The Statesman 7. The Mediterranean sea 8. The Jamuna 9. The Gulf of Cambay 10. The Basumati 11. The Arabian sea.

———

CHAPTER V

Article, Adjective and Noun

একটি নূতন পুস্তক—A *new* book

একটী পাকা ফল—A *ripe* fruit

একটি অলস ছেলে—An *idle* boy

একটি বুদ্ধিমতী বালিকা—An *intelligent* girl

অন্ধ ভিখারীটি—The *blind* beggar

কাল গাভীটি—The *black* cow

সবুজ মাঠটি—The *green* meadow

উজ্জ্বল তারকাটি—The *bright* star

Note : Adjective-টি সাধারণতঃ Noun এর পূর্বে বসে এবং Article-টি Adjective এর পূর্বে বসে।

Exercise

1. **Translate into English :—**

1. একটি লাল ফুল। 2. সবুজ পাতাটি। 3. একটি লম্বা লোক। 4. চতুর (clever) কাকটি। 5. পাগলা কুকুরটি। 6. একটি কাল বিড়াল। 7. লম্বা নারিকেল গাছটি। 8. উজ্জ্বল আকাশ। 9. উত্তপ্ত (hot) সূর্য। 10. বলশালী হস্তীগুলি। 11. বলিষ্ঠ (strong) লোকটি। 12. একটি দুর্বল বালিকা। 13. একটি বড় বাড়ী। 14. দয়ালু লোকটি। 15. একজন ধনী ব্যক্তি।

2. **Translate into Bengali :—**

1. The red sun 2. A green mango 3. The sly fox 4. The strong lion 5. The brave Rajputs 6. A foolish goat 7. A tall tree 8. The round earth 9. The wide world I0. A beautiful picture I1. The swift horse.

CHAPTER VI

Possessive Forms of Nouns

(I)

শকুন্তলার আংটি— { *Sakuntala's* ring or The ring *of* Sakuntala

পাখীর বাসা— { A *bird's* nest or The nest *of* a bird

ছেলেদের জুতা— { *Children's* shoes or The shoes *of* children

বাবার নাম— { *Father's* name or The name *of* father

Note : চেতন পদার্থ বাচক বিশেষ্যের সম্বন্ধ পদ (Possessive) দুই প্রকারে হইতে পারে : (i) বিশেষ্যপদটির পরে **'s (Apostrophe** এবং **s**) বসাইয়া ও (ii) বিশেষ্য পদের পূর্বে **of** ব্যবহার করিয়া।

(II)

বালিকাদের বিদ্যালয়—*Girls'* school

ঘোড়াগুলির লেজ—The *horses'* tail

ছেলেদের খেলনা—*Children's* toys

ষাঁড়গুলির শিং—*Oxen's* horns

Note. : Plural Noun এর শেষে s কিংবা es থাকিলে তাহাদের শেষে শুধু ' (apostrophe) যোগ করিয়া possessive করিতে হয় কিন্তু s কিংবা es না থাকিলে 's (Apostrophe এবং s) যোগ করিতে হয়।

(III)

গোলাপের গন্ধ —The smell *of* the rose

ঘরের দরজা—The door *of* the room

বাড়ীর ছাদ—The roof *of* the house

গাছের পাতা —The leaf *of* the tree

গাছের পাতাগুলি—The leaves *of* the tree

চেয়ারের পায়াগুলি—The legs *of* the chair

কলিকাতার রাস্তাগুলি—The streets *of* Calcutta

Note. : অচেতন পদার্থ বাচক বিশেষ্যের Possessive করিতে হইলে Noun এর পূর্বে **of** ব্যবহার করিতে হয়।

(IV)

এক সপ্তাহের ছুটি—A *week's* leave

এক মাসের পথ—One *month*'s journey

আজকার পড়া—*Today's* lesson

এক পাউণ্ডের ওজন—A *pound's* weight

Note.: কতকগুলি বিশেষ ক্ষেত্রে অচেতন পদার্থ বাচক Noun-এর Possessive 's দিয়া করিতে হয়।

(V)

দার্জিলিংএর চা—*Darjeeling* tea

বিদ্যালয়ের বেতন—*School* fee

কলের জল—*Pipe* water

বাড়ীর ভাড়া—*House* rent

Note. : Noun কখন কখন Adjective রূপে ব্যবহৃত হইয়া Possessive এর অর্থ প্রকাশ করে।

(VI)

আমার বই—*My* book

আমাদের দেশ—*Our* country

তোমার কলম—*Your* pen

তোমাদের বাড়ী—*Your* house

তাহাদের বাড়ী—*Their* house

তাহার জামা—*His* coat

তাহার (স্ত্রী) ব্লাউজ—*Her* blouse

Note. : My, our, your, their, his, her এই শব্দগুলি Possessive Adjective রূপে ব্যবহৃত হয়।

Exercise

1. Translate into English :—

1. কাগজের কল। 2. সিংহের গর্জন (roar)। 3. রূপার বালা (bangle)। 4. পূজার ছুটি। 5. এক ঘণ্টার ভ্রমণ। 6. সরিষার (mustard) তৈল। 7. নদীর তীর (bank)। 8. গ্রীষ্মের ছুটি। 9. এক সপ্তাহের বিশ্রাম (rest)। 10. সিংহের কেশর (mane)। 11. নারিকেল গাছের পাতা। 12. বালকের নাম। 13. বালকদের নাম। 14. কুটিরের (cottage) চাল (thatch)। 15, আমার বাবার নাম। 16. তোমার ভাইয়ের নাম। 17. ফুলের রং। 18. ঘরের জানালা। 19. আমার বন্ধুর বাড়ী। 20. শিশুর (baby) দোলনা (cradle)। 21. গরুর দুধ।

11. Translate into Bengali :—

1. Your car 2. Our garden 3. Coconut oil 4. A steel pen 5. Toys of children 6 His master's voice 7. A lion's den 8. The sun's rays 9. The country's good 10. A city wall. 11. A rose bud 12. A railway train 13. The sunlight. 14. A money bag. 15. Our journey's end.

———

CHAPTER VII

Sentence

সূর্য কিরণ দেয়—The sun shines.

একটি মোরগ ডাকে—A cock crows.

একটি পাখী উড়ে—A bird flies.

বালকটি চলিয়া যায়—The boy goes.

গরুগুলি ঘাস খায়—The cows eat grass.

গাধারা ডাকে—Asses bray.

Note : সাধারণতঃ একটি Noun-এর পরে একটি Verb বসিলে একটি Sentence হয়। Subject যদি Third Person Singular হয় এবং তাহার Verb যদি Present Tense-এ থাকে তবে Verb এর শেষে s কিংবা es যুক্ত হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. পিপীলিকাটি কামড়ায়। 2. পিপীলিকারা কামড়ায়। 3. একটি বালক কথা বলে। 4. বালকেরা কথা বলে। 5. কুকুরটি ঘেউ ঘেউ করে (bark)। 6. কুকুরগুলি ঘেউ ঘেউ করে। 7. শিশুটি হাসে। 8. মাছটি সাঁতার দেয়। 9. সীসা (lead) ডুবিয়া যায় (sink)। 10. চন্দ্র কিরণ দেয়। 11. ঘোড়াগুলি দৌড়ায়। 12. কাকগুলি কা কা করে (caw)। 13. ফুল ফোটে (bloom)। 14. বাতাস বহে (blow)। 15. আম পাকে (ripen) ।

Exercise

1. Translate into English :—

1. কাগজের কল। 2. সিংহের গর্জন (roar)। 3. রূপার বালা (bangle)। 4. পূজার ছুটি। 5. এক ঘণ্টার ভ্রমণ। 6. সরিষার (mustard) তৈল। 7. নদীর তীর (bank)। 8. গ্রীষ্মের ছুটি। 9. এক সপ্তাহের বিশ্রাম (rest)। 10. সিংহের কেশর (mane)। 11. নারিকেল গাছের পাতা। 12. বালকের নাম। 13. বালকদের নাম। 14. কুটিরের (cottage) চাল (thatch)। 15, আমার বাবার নাম। 16. তোমার ভাইয়ের নাম। 17. ফুলের রং। 18. ঘরের জানালা। 19. আমার বন্ধুর বাড়ী। 20. শিশুর (baby) দোলনা (cradle)। 21. গরুর দুধ।

11. Translate into Bengali :—

1. Your car 2. Our garden 3. Coconut oil 4. A steel pen 5. Toys of children 6 His master's voice 7. A lion's den 8. The sun's rays 9. The country's good 10. A city wall. 11. A rose bud 12. A railway train 13. The sunlight. 14. A money bag. 15. Our journey's end.

———

CHAPTER VII

Sentence

সূর্য কিরণ দেয়—The sun shines.

একটি মোরগ ডাকে—A cock crows.

একটি পাখী উড়ে—A bird flies.

বালকটি চলিয়া যায়—The boy goes.

গরুগুলি ঘাস খায়—The cows eat grass.

গাধারা ডাকে—Asses bray.

Note : সাধারণতঃ একটি Noun-এর পরে একটি Verb বসিলে একটি Sentence হয়। Subject যদি Third Person Singular হয় এবং তাহার Verb যদি Present Tense-এ থাকে তবে Verb এর শেষে s কিংবা es যুক্ত হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. পিপীলিকাটি কামড়ায়। 2. পিপীলিকারা কামড়ায়। 3. একটি বালক কথা বলে। 4. বালকেরা কথা বলে। 5. কুকুরটি ঘেউ ঘেউ করে (bark)। 6. কুকুরগুলি ঘেউ ঘেউ করে। 7. শিশুটি হাসে। 8. মাছটি সাঁতার দেয়। 9. সীসা (lead) ডুবিয়া যায় (sink)। 10. চন্দ্র কিরণ দেয়। 11. ঘোড়াগুলি দৌড়ায়। 12. কাকগুলি কা কা করে (caw)। 13. ফুল ফোটে (bloom)। 14. বাতাস বহে (blow)। 15. আম পাকে (ripen)।

2. **Translate into Bengali :—**

1. Man thinks. 2. Lions roar. 3. Trees grow. 4. Children play. 5. Babies smile. 6. The girl goes away. 7. An aeroplane flies. 8. Aeroplanes fly. 9. The child walks. 10. Children jump.

CHAPTER VIII

Intransitive Verb

বরফ গলে—**Snow** *melts*.

আগুন জ্বলে—**Fire** *burns*.

ছেলেরা খেলা করে—**Children** *play*.

পাখীরা উড়ে—**Birds** *fly*.

Note. : Melts, burns, play এবং fly এই Verb-গুলির কোন Object নাই। ইহাদিগকে Intransitive Verb বলে।

Exercise

I. **Translate into English :—**

1. ধান গাছ (paddy) জন্মায় (grow)। 2. ব্যাঘ্র গর্জন করে (roar)। 3. নদী বহিয়া যায় (flow)। 4. নৌকা ডুবিয়া যায় (sink)। 5. লোকটি ধূমপান করে (smoke)।

6. মানুষ মরিয়া যায়। 7. সূর্য উদিত হয়। 8. সূর্য অস্ত যায়। 9. আমরা ঘুমাই। 10. মাছ সাঁতার দেয়। 11. ঝাড়ুদার (sweeper) ঝাঁট দেয়। 12. সে স্নান করে (bathe)। 13. বালিকাটি কাঁদে (weep)। 14. ঘুড়ি উড়ে। 15. পাতা পড়ে (drops)।

2. Translate into Bengali :—

1. Silver shines. 2. Gold glitters. 3. Cork floats. 4. The infant sleeps. 5. The train runs. 6. An aeroplane flies. 7. Cats mew. 8. Jackals howl. 9. The teacher speaks.

CHAPTER IX

(I)

Transitive Verb

আমরা ভাত খাই—We *eat* rice.

ছেলেরা দুধ পান করে—Children *drink* milk.

সূর্য আলো দেয়—The sun *gives* light.

সে সত্যকথা বলে—He *speaks* the truth.

Note : Eat, drink, gives এবং speaks এই Verb-গুলির object আছে। এইরূপ Verb-কে Transitive Verb বলে ;

(II)

Transitive Verb with two Objects

সে আমাকে একটি টাকা দিয়াছিল—He *gave me* a *rupee.*

শ্যামল অমলকে একটি টাকা ধার দিয়াছিল–Shyamal *lent Amal* a *rupee.*

আমি তোমার নিকট একটি টাকা ধারি—I *owe you* a *rupee.*

বাবা আমাকে ইংরেজী পড়ান—Father *teaches me English.*

আমি তোমার কোন অনিষ্ট করি নাই—I have *done you* no *harm.*

মা আমাকে একটি গল্প বলিলেন—Mother *told me* a *story.*

প্রধানা শিক্ষয়িত্রী বালিকার নাম জিজ্ঞাসা করিলেন—The Headmistress *asked* the *girl* her *name.*

Note : কোন কোন Transitive Verb-এর দুইটি করিয়া object থাকে। Gave, lent, owe, teaches, done এবং told এই verb-গুলির দুইটি করিয়া object আছে।

Exercise

1. Translate into English :—

1. আমরা শিক্ষক মহাশয়কে মান্য (obey) করি। 2. বালকেরা ফুটবল খেলে। 3. ছেলেটি মধু ভালবাসে (love)। 4. বিড়ালগুলি মাছ খায়। 5. কৃষকেরা ধান জন্মায় (grow)। 6. পাখীরা পোকা মাকড় (worms) খায়। 7. বাঘে গরু মারে। 8. ব্যাধ হরিণ শিকার করে (kill)। 9. আমরা এই বই পড়ি। 10. ছেলেগুলি লাট্টু ঘুরায় (spin)। 11. মা গল্প বলেন। 12. আমরা উত্তাপ অনুভব (feel) করি। 13. আমরা আলো দেখি। 14. আমার এই বইখানি আছে। 15. গাড়োয়ান গাড়ী চালায়। 16. হেড মাষ্টার মহাশয় আমাদিগকে অঙ্ক কষান। 17. তুমি আমাকে ২৫ নয়া পয়সা ধার দিয়াছিলে।

2. Translate into Bengali :—

1. The boy wrote a letter. 2. Mother feeds her child. 3. Cultivators till the land. 4. Fishermen catch fish. 5. The bee gathers honey. 6. The rich help the poor. 7. The hunter killed a tiger. 8. The gentleman smoked a cigarette. 9. The lady takes tea. 10. Children like sweets. 11. You have promised him ten rupees. 12. An assistant teacher teaches us Hindi.

CHAPTER X

The Verb 'To be'

ইহা বরফ—It *is* snow.

আমটি কাঁচা—The mango *is* green.

আমগুলি কাঁচা—The mangoes *are* green.

হাতী বলবান—The elephant *is* strong.

হাতীগুলি বলবান—The elephants *are* strong.

আমি সুখী—I *am* happy.

তুমি খুসী—You *are* glad.

তাহারা দুঃখিত—They *are* sad.

সে শিশু—He *is* a baby.

Note : সাধারণতঃ বাঙ্গলায় 'হয়' এই ক্রিয়াটি উহ্য থাকে। ইংরাজিতে 'To be' এই Verb দিয়া উহা প্রকাশ করিতে হয়। Am, is এবং are এই Verbগুলি 'To be' এই Verb-এর বিভিন্ন রূপ। Present Tense-এ I-এর পরে সর্বদা **am** বসিবে, He, it এবং যাবতীয় third person একবচনের Noun এর পরে **is** বসে ; Plural Noun-এর পরে are বসে ; you-এর পরে সর্বদা **are** বসিবে।

Exercise

1. Translate into English :

1. বরফ ঠাণ্ডা। 2. গাছটি লম্বা। 3. আমটি পাকা। 4. কাক কাল। 5. কাকগুলি কাল। 6. মীরা আমার ভগ্নী। 7. কমল

তোমার ভ্রাতা। 8. তাহারা আমার বন্ধু। 9. তিনি একজন মহিলা। 10. আমরা বালক। 11. গোলাপটি লাল। 12. গোলাপগুলি লাল। 13. পুস্তকখানি নূতন। 14. পুস্তকগুলি নূতন। 15. তুমি সাহসী। 16. তোমরা সাহসী।

2. Put 'am', 'is' or 'are' in the blank spaces :—

1. Radha—a good girl. 2. The cat—black. 3. The horses—swift. 4. I—ill. 5. Gold—yellow. 6. Ramesh Babu—a teacher. 7. You—weak. 8. They—strong. 9. You—children. 10. The monkeys—intelligent.

CHAPTER XI

Complement

চন্দ্র শীতল—The moon is *cool*.

তুমি নীরবে দাঁড়াইয়া আছ—You stand *silent*.

পাকা আম খাইতে মিষ্ট—Ripe mangoes taste *sweet*.

আকাশ পরিষ্কার—The sky is *clear*.

আকাশ পরিষ্কার দেখাইতেছে—The sky appears *clear*.

Note : Cool, silent, sweet এবং clear, এই শব্দগুলি বসাইয়া Verb-গুলির অর্থ সম্পূর্ণ (Complete) করা হইয়াছে। এজন্য ইহাদিগকে Complement বলে।

Exercise

1. Translate into English :—

1. রাম অলস। 2. শ্যাম কর্মঠ (active)। 3. বরফ ঠাণ্ডা। 4. মধু খাইতে মিষ্ট। 5. লৌহ শক্ত। 6. তোমাকে রোগা দেখাইতেছে (look thin)। 7. জলকে নীল বর্ণ দেখায় (appear blue)। 8. সুধীরকে ক্লান্ত দেখাইতেছে (look tired). 9. বরফ ঠাণ্ডা লাগে (feel cold)। 10. আকাশ নীলবর্ণ দেখায়। 11. শিশুটি শীর্ণ। 12. শিশুটিকে রোগা দেখাইতেছে (look thin)। 13. শিশুটি রোগা হইতেছে (grow thin)।

II. Translate into Bengali :—

1. The rose smells sweet. 2. He feels sleepy. 3. Why do you feel sad ? 4. Why does he grow angry ? 5. Green oranges taste sour. 6. The coconut tree is tall. 7. The mountain appears high. 8. The stars appear bright. 9. The child appears fatty. 10. Mira is weak.

CHAPTER XII

Introductory 'there'

এই গ্রামে একটি পোষ্টঅফিস আছে—*There* is a Post Office in this village.

আমাদের বিদ্যালয়ে ছয়টি শ্রেণী আছে—*There* are six classes in our school.

দশরথ নামে একজন রাজা ছিলেন- *There* lived a king called Dasharath.

দরজায় একটি ভিখারী দাঁড়াইয়া আছে—*There* stands a beggar at the door.

Note : এই sentenceগুলির প্রথমে There ব্যবহৃত হইয়াছে, কিন্তু এই There-এর কোন অর্থ নাই। ইহা শুধু sentence আরম্ভ করিবার জন্য ব্যবহৃত হইয়াছে। এইজন্য ইহাকে **Introductory There** বলে।

ওখানে বস—Sit *there.*

ওদিকে তাকাও—Look *there.*

ইহা ওখানে রাখ—Put it *there.*

Note : এই Sentenceগুলিতে there-এর একটি অর্থ আছে এবং Adverbরূপে ব্যবহৃত হইয়াছে।

Exercise

1. Translate into English :—

1. অশোক নামে এক রাজা ছিলেন। 2 আমাদের গ্রামে একটি বিদ্যালয় আছে। 3. এই বনে কয়েকটি (several) শৃগাল আছে। 4. এই নদীতে কোন নৌকা নাই। 5. আকাশে মেঘ নাই। 6. আমার বাটীতে দুধ আছে। 7. তোমার বাটীতে চা নাই। 8. আমাদের বাগানে একটি আমগাছ আছে। 9. তোমাদের বাগানে গোলাপ ফুল নাই। 10. এই পুকুরে মাছ আছে।

II. Translate into Bengali :—

1. There are sixty minutes in an hour. 2. I shall be there all summer. 3. There is no lift in the room. 4. There are two tube-wells in the street. 5. There is no doubt about it. 6. Who goes there ? 7. There stands a tree near our house. 8. There are ten trees in the garden.

CHAPTER XIII

Preparatory 'it'

ভোর হইয়াছে—*It* is dawn.

এখন পড়িবার সময়—*It* is time to read.

এখন শীতকাল—*It* is winter.

আজ বড় শীত—*It* is very cold today.

বলা সহজ—*It* is easy to say.

বৃষ্টি পড়িতেছে—*It* is raining.

মিথ্যা কথা বলা পাপ—*It* is a sin to lie.

Note : সাধারণতঃ It শব্দের অর্থ হইল 'ইহা'। কিন্তু উপরের sentence-গুলিতে it-এর কোন অর্থ নাই। ইহাকে Preparatory 'it' বলে।

Exercise

1. Translate into English :—

1. এখন দশটা (ten o' clock) বাজিয়াছে (It is)। 2. এখন গ্রীষ্মকাল। 3. আজ বড় গরম। 4. এখন শুইবার (to go to bed) সময়। 5. এখন সন্ধ্যা। 6. এখন বেড়াইবার (to go out for a walk) সময়। 7. সাঁতার দেওয়া (to swim) ভাল (It is good)। 8. সময় নষ্ট করা (to waste time) ভাল নহে (It is not good)। 9. এই কাজটি করা (to do this work) কঠিন (It is difficult)।

2. Translate into Bengali :—

1. It is our duty to obey our teachers. 2. It is snowing. 3. It rained yesterday. 4. It is not good to sleep in daytime. 5. It is ten minutes past five. 6. It is ten to five. 7. It is sixty miles to Calcutta. 8. It is a pleasure to be with you.

CHAPTER XIV

Present Indefinite Tense

(I)

আমি ব্যস্ত—I *am* busy.

লোকটি ভদ্র—The man *is* polite.

তাহারা নিরপরাধ—They *are* innocent.

বালকটি ধূমপান করে—The boy *smokes.*

পাখীরা গান করে—Birds *sing*.

সে প্রতিদিন এখানে আসে—He *comes* here every day.

কৃষকেরা পরিশ্রম করেন—The peasants *labour*.

ধনীরা দরিদ্র লোককে সাহায্য করেন—The rich *help* the poor.

Note : বর্তমানের কার্য বুঝাইতে বা অভ্যাস বুঝাইতে Verb-এর Present Indefinite Tense হইয়া থাকে।

(II)

গাছ যন্ত্রণা অনুভব করে—The tree *feels* pain.

পৃথিবী সূর্যের চারিদিকে ঘুরে—The earth *moves* round the sun.

ঈশ্বর মঙ্গলময়—God *is* good.

দুই আর দুইয়ে চার—Two and two *make* four.

পাখীরা বাসা তৈয়ারী করে—Birds *build* nests.

Note : Universal truth (সর্বকালে সত্য বা সর্বসম্মত সত্য) বুঝাইতে Verb-এর Present Indefinite Tense হয়।

(III)

২০শে জুন আমাদের বিদ্যালয় খুলিবে—Our school *reopens* on the 20th June.

আজ সন্ধ্যায় দাদা বিলাত যাত্রা করিবেন—My elder brother *starts* for England this evening.

জহরলাল কল্য এখানে পৌঁছিতেছেন—Jawaharlal *arrives* here tomorrow.

Note : অদূর ভবিষ্যতে কোন কাজ হইবে এরূপ স্থির থাকিলে Future Tense-এর স্থলে Present Indefinite Tense ব্যবহার করা চলে।

Exercise

1. Translate into English :—

1. আমি লোকটিকে চিনি। 2. রমেন রাত্রিতে পড়ে। 3. আমরা রাত্রিতে ঘুমাই। 4. সতীশ সর্বদাই নভেল পড়ে। 5. আগুনে কাঠ পুড়িয়া যায় (burn)। 6. গ্রীষ্মকালে আম পাকে। 7. মা ভাত রান্না করেন (cook)। 8. আগামী ১লা অক্টোবর আমাদের পূজার ছুটি হইবে। 9. আমরা শীত অনুভব করিতেছি। 10. আমি আপনার সাহায্য চাহিতেছি। 11. ময়ূর নৃত্য করে। 12. আহার (food) আমাদের দেহের পুষ্টিসাধন করে (nourish)। 13. রাত্রিতে বাদুড় উড়িয়া থাকে। 14. রমেন প্রত্যহ বাড়ীতে যায়। 15. বসন্তকালে ফুল ফুটে (bloom)। 16. পিয়ন চিঠি বিলি করে (deliver)। 17. আমরা নদীতে স্নান করিয়া থাকি। 18. মাতা সন্তানকে আশীর্বাদ করিয়া থাকেন। 19. রমেশ খুব তাড়াতাড়ি (very swiftly) লেখে। 20. আমি প্রতি গ্রীষ্মকালে দার্জিলিংএ যাই।

2. Translate into Bengali

1. Water boils 2. Ice cools water 3. Owls shun daylight. 4. They do their duties. 5. Honesty is the best policy. 6. The sun sets in the west. 7. The moon shines at night. 8. I know nothing of it. 9. The barber comes every Sunday. 10. He does not borrow money.

CHAPTER XV

Past Indefinite Tense

(I)

লোকটি মারা গেল—The man *died*.

কলম্বস আমেরিকা আবিষ্কার করিয়াছিলেন—Columbus *discovered* America.

ডাক্তার আমার হাত দেখিলেন—The doctor *felt* my pulse.

কুকুরটি তাহাকে কামড়াইয়াছিল—The dog *bit* him.

Note : অতীতকালে কোন ঘটনা বুঝাইতে Verb-এর Past Indefinite Tense হয়।

(II)

বাবা প্রত্যহ চা খাইতেন—Father *used to* (or would) take tea every day.

তিনি প্রত্যহ প্রাতঃকালে বেড়াইতেন—He *used to* (or would) walk every morning.

Note : অতীত কালের অভ্যাস বুঝাইতে Verb-এর পূর্বে used to অথবা would ব্যবহার করিতে হয়। কিন্তু বর্তমান কালের অভ্যাস বুঝাইতে 'use to' ব্যবহার করা চলে না, যেমন—He uses to take tea every day এরূপ লিখিলে ভুল হইবে, এরূপ স্থলে কেবল—He takes tea every day বলিতে হইবে।

Exercise

1. Translate into English :—

1. লোকটি প্রত্যহ মদ্য পান (used to drink) করিত। 2. সুরেন বলটি ধরিয়াছিল। 3. শিশুটি দিন রাত ঘুমাইত। 4. সে দশটায় আফিসে যাইত। 5. রাম রাত্রে বাহির হইত। 6. মা আমায় ভালবাসিতেন। 7. রমেশ অত্যন্ত দয়ালু ছিল। 8. আসামী দোষ স্বীকার করিল। 9. বালকটি সত্যকথা বলিয়াছিল। 10. আমি তখন প্রস্তুত ছিলাম না। 11. বিড়ালটি একটি ইঁদুর মারিয়াছিল। 12. আমি একখানি মোটরগাড়ী ভাড়া করিয়াছিলাম (hired)। 13. তারপর লোকটি চলিয়া গেল। 14. যদুনাথ প্রত্যহ আট ঘণ্টা পড়িতেন। 15. তাহার হাতে একখানি বই ছিল। 16. আমার ভগিনী পাখী ভালবাসিত। 17. হরিশ প্রত্যহ সকালে এক পেয়ালা গরম দুধ খাইত। 18. সুরেশবাবু এই বিদ্যালয়টি স্থাপন করিয়াছিলেন (founded) 19. আনন্দে বালকটির মুখ উজ্জ্বল হইয়া উঠিল (shone with delight). 20. মা প্রত্যহ সন্ধ্যাবেলা ঈশ্বরের আরাধনা করিতেন।

2. Translate into Bengali :—

1. Flowers faded. 2. He lent me a rupee. 3. A dog chased the jackal. 4. The prisoner admitted his fault. 5. He did not listen to my words. 6. Rama killed Ravana. 7. The cultivators cultivated the lands. 8. My sister won the first prize. 9. My friend often came to see me. 10. I knew nothing of the matter.

CHAPTER XVI

Future Indefinite Tense

I

আগামী জানুয়ারী মাসে আমার ষোল বৎসর হইবে—I *shall* be sixteen next January.

বর্ষাকালে বৃষ্টি হইবে—It *will* rain in the rainy season.

তুমি জীবনে উন্নতি লাভ করিবে—You *will* shine in life.

সে আগামী সপ্তাহে বাড়ী যাইবে—He *will* go home next week.

Note : ভবিষ্যৎ কাল বুঝাইতে Verb-এর Future Indefinite Tense হয়। Verb-এর Present Tense-এর পূর্বে First Person-এ shall এবং Second ও Third Person-এ will বসাইয়া Future Indefinite Tense তৈয়ার করিতে হয়।

II

আমি দরিদ্র লোকটিকে সাহায্য করিবই (সঙ্কল্প)—I *will* help the poor man.

আমি এ অপমানের প্রতিশোধ লইবই (প্রতিজ্ঞা)—I *will* avenge this insult.

তুমি কখনও মিথ্যাকথা বলিবে না (আদেশ)—You *shall* never tell a lie.

Note : ভবিষ্যৎ কার্য বিষয়ে বক্তার ইচ্ছা, সঙ্কল্প এবং আদেশ বুঝাইলে First Person-এ will এবং Second ও Third Person-এ Shall ব্যবহৃত হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. সে তিন দিনের মধ্যে ফিরিয়া আসিবে। 2. আমি এক জোড়া নূতন জুতা কিনিব। 3. আমি তাহার সহিত আর কথা বলিব না। 4. রোগী (patient) শীঘ্রই আরোগ্য লাভ করিবে। 5. তোমরা মাতাপিতার বাধ্য হইবে। 6. আমি তোমাকে আমার ক্যামেরাটি দিবই। 7. আজ সন্ধ্যায় সুরেন্দ্রনাথ বক্তৃতা দিবেন (will deliver a lecture). 8. আমি ইহা করিবই করিব। 9. কল্য ছুটি থাকিবে। 10. আমি তোমাকে মান্য করিব না। 11. তিনি আমাকে দেখিয়া খুসী হইবেন। 12. ছাত্রেরা কখনও ধূমপান করিবে না। 13. তুমি নিশ্চয় আমার কথা শুনিবে। 14. তোমরা বিনয়ী (modest) হইবে। 15. ট্রেনখানি ঠিক সময়ে পৌছিবে। 16. রাম কাল বাড়ী ফিরিবে। 17. আমি আর সিনেমায় যাইব না। 18. বসন্ত কালে কোকিল আবার আসিবে। 19. আমরা পূজার ছুটিতে কাশ্মীর যাইব। 20. আমি আজই এই কাজটি শেষ করিব।

2. Translate into Bengali :—

1. You shall never tell a lie. 2. I will always speak the truth. 3. The murderer shall be hanged.

4. You will find the book on the table. 5. Move an inch and you shall die. 6. I will try again. 7. He will go to England by aeroplane. 8. I shall tell you a nice story. 9. He will have his own way. 10. You shall have a holiday. 11. You shall not disobey your teachers. 12. The child will soon see the moon. 13. Whoever finds my pen shall get a reward. 14. The student shall pay a fine. 15. I will finish reading this book this very day.

CHAPTER XVII

Present Continuous Tense

I

বৃষ্টি পড়িতেছে—It *is raining*.

কৃষকগণ জমি চষিতেছে—The cultivators *are tilling* the land.

দুইখানি উড়ো জাহাজ আকাশে উড়িতেছে—Two aeroplanes *are flying* in the sky.

তুমি কি করিতেছ—What *are* you *doing* ?

আমি একটি অঙ্ক কষিতেছি—I *am doing* a sum.

Note : বর্তমানে কাজ চলিতেছে বুঝাইলে বাংলায় ক্রিয়াপদের শেষে—তেছে, তেছ, তেছি থাকে। বাংলায় ঐরূপ Verb থাকিলে ইংরেজীর মূল Verb-এর সহিত ing যোগ করিতে হয় এবং উহার পূর্বে Subject অনুসারে am, is অথবা are বসাইতে হয়। ইংরেজীতে এই কালকে বলা হয় Present Continuous Tense.

II

আমি কাল দিল্লী যাইতেছি—I *am going* to Delhi tomorrow

তুমি আবার কবে আসিতেছ ?—When *are* you *coming* again ?

শ্রমিকেরা আজ কাজ করিতেছে না—The labourers *are* not *working* today.

আগামী সপ্তাহে উদ্বাস্তুগণ বেতিয়ায় যাইতেছে—The refugees *are going* to Betia next week.

Exercise

1. Translate into English :—

1. বালিকাটি চুল আঁচড়াইতেছে (is dressing)। 2. কাঠুরিয়া একটি গাছ কাটিতেছে। 3. বৃক্ষ হইতে পাতাগুলি ঝরিয়া পড়িতেছে (are falling off)। 4. আকাশে তারাগুলি ঝিক্ মিক্ করিতেছে (are twinkling)। 5. শিশুটি নিদ্রা যাইতেছে। 6. এই আমার বন্ধু আসিতেছে। 7. দুষ্ট বালকগুলি ঢিল ছুঁড়িতেছে। 8. মাঠে

একটি গরু চরিতেছে। 9. সুধীর একখানি নভেল পড়িতেছে। 10. সুশীল তাহার পড়া করিতেছে। 11 মা ভাত রান্না করিতেছেন। 12. গাছে একটি ময়ূর নাচিতেছে। 13. মালী (gardener) ফুল তুলিতেছে (is plucking)। 14. মীরা হারমোনিয়াম বাজাইতেছে (is playing on)। 15. চাষীরা শস্য কর্তন করিতেছে। 16. তুমি কি করিতেছ? 17. আমি চা খাইতেছি। 18. তুমি আবার কবে আসিতেছ? 19. তোমার দাদা কবে বোম্বাই যাইতেছেন? 20. আমি এখনই ফিরিয়া যাইব। 21. মীরা এবৎসর একটি পুরস্কার পাইবে (is going to get a prize)।

2. Translate into Bengali :—

1. The pilgrims are bathing in the Ganges. 2. My servant is watering the plants. 3. The sheep are grazing in the field. 4. The boy is scraping out a coconut. 5. Two labourers are baling out water. 6. The child is sneezing again and again. 7. The river is flowing into the sea. 8. The milkman is milking a cow. 9. The maid-servant is boiling water in a kettle. 10. The carpenter is sawing a plank.

———

CHAPTER XVIII

Past Continuous Tense

ছেলেগুলি গোলমাল করিতেছিল—The boys *were making* a noise.

তুমি আমাকে গালাগালি করিতেছিলে কেন—Why *were* you *calling* me names ?

আমি তোমাকে মুখ ভ্যাংচাইতেছিলাম—I *was making* faces at you.

নাপিত আমার নখ কাটিতেছিল—The barber *was paring* my nails.

কৃষকেরা বীজ বপন করিতেছিল—The peasants *were sowiny* seeds.

Note : বাংলার ক্রিয়াপদের শেষে 'তেছিল', 'তেছিলে', 'তেছিলাম' থাকিলে অতীতকালে কাজ চলিতেছিল বুঝায়। এইরূপ ক্রিয়াকে ইংরাজীতে Past Continuous Tense বলে। ইংরাজীর মূল Verb-এর সহিত ing যোগ করিয়া উহার পূর্বে subject অনুসারে was কিংবা were বসাইয়া Past Continuous Tense করিতে হয়।

Exercise

1. Translate into English :—

1. আকাশে তারাগুলি মিট্‌মিট্‌ করিতেছিল (were twinkling)। 2. বালকটি একখানি ঘুড়ি উড়াইতেছিল। 3. মুদি চাউল বিক্রয় করিতেছিল। 4. আলোটা জ্বলিতেছিল (was burning)।

5. তুমি কি লাট্টু ঘুরাইতেছিলে (were spinning) ? 6. তাহারা কি তাস খেলিতেছিল (were playing at cards) ? 7. আমি বাজারে মাছ কিনিতেছিলাম। 8. শেফালী একটি মালা (garland) গাঁথিতেছিল। 9. জননী পুত্রের দোলাটি (cradle) দোলাইতেছিল (was rocking)। 10. স্ত্রীলোকটি ধান ভানিতেছিল (was husking paddy)। 11. ট্রেণখানি পূর্ণ গতিতে (at full speed) চলিতেছিল। 12. তোমরা কি ফুটবল খেলিতেছিলে (were playing football) ? 13. আমি কলমটি কাটিতেছিলাম। 14. রণজিৎ ইংরেজী পড়া করিতেছিল। 15. বৃষ্টি পড়িতেছিল। 16. বাতাস জোরে বহিতেছিল (was blowing hard)। 17. গাছে পাখীগুলি কিচির মিচির করিতেছিল (were twittering)। 18. গাছে ফুল ফুটিতেছিল। 19. চাকরটি ঘর ঝাঁট দিতেছিল (was sweeping)। 20. শিশু জননীর কোলে নিদ্রা যাইতেছিল।

2. Translate into Bengali :—

1. The nests were swinging in the wind. 2. He was pacing up and down in the street. 3. Wind was blowing away the dry leaves. 4. Two bulls were drawing a cart. 5. The cultivators were ploughing the field. 6. The masons were working on the roof. 7. A monkey was plucking bananas from the plantain tree. 8. Fire was burning in the oven. 9. My sister was drawing a lovely picture. 10. I was walking up the hill. 11. Why were you making faces at the boy ? 12. Roses were blooming in the garden.

———

CHAPTER XIX

Present Perfect Tense

পাখীটি উড়িয়া গিয়াছে—The bird *has flown* away.

আমি অঙ্কটি কষিয়াছি—I *have worked* out the sum.

আমি এইমাত্র এখানে আসিয়াছি—I *have come* here just now.

তুমি আমার শ্লেটখানি ভাঙ্গিয়াছ—You *have broken* my slate.

Note : বর্তমানকালে কার্য সম্পন্ন হইয়াছে এইরূপ অর্থে Verb-এর Present Perfect Tense হয়। Verb-এর Subject অনুসারে Verb-এর পূর্বে has কিংবা have বসাইতে হয় এবং Verb-এর Past Participle-এর রূপ বসাইতে হয়।

Exercise

1. Translate into English :—

1. আমি এ সংবাদ শুনিয়াছি। 2. তুমি চা খাইয়াছ। 3. সুধীর কাজটি শেষ করিয়াছে। 4. তুমি কি এই পত্রখানি পড়িয়াছ ? 5. সে এইমাত্র বাড়ী ফিরিয়াছে। 6. পাখীটি অদৃশ্য (out of sight) হইয়া গিয়াছে। 7. তাহারা গাড়ী ফেল করিয়াছে (missed the train)। 8. তোমার ভাত খাওয়া কি শেষ হইয়াছে ? 9. তুমি ঠিক বলিয়াছ। 10. আমি এইমাত্র চিঠিখানি লিখিয়াছি। 11. সে আজ সকালে

এখানে আসিয়াছে। 12. পাগলা কুকুরটি বালিকাকে কামড়াইয়াছে। 13. আমি তোমার চিঠি পাইয়াছি। 14. প্রদীপটি নিভিয়া গিয়াছে। 15. বৃষ্টি থামিয়া গিয়াছে। 16. ট্রেণখানি এইমাত্র ছাড়িয়া গেল। 17. ঘড়িতে দশটা বাজিয়াছে। 18. সূর্য এইমাত্র অস্ত গিয়াছে। 19. পাখীগুলি বাসায় ফিরিয়া গিয়াছে। 20. ঝড়ে গাছটি পড়িয়া গিয়াছে।

2. Translate into Bengali :—

1. The aeroplane has flown away. 2. The river has overflown its banks. 3. Bela has bought a new dress. 4. He has recovered from illness. 5. The clock has struck one. 6. The duck has lain an egg. 7. The peasant has reaped paddy. 8. Ramesh has offended the teacher. 9. The tree has borne fruit. 10. They have seen an elephant.

———

CHAPTER XX

Past Perfect Tense

সূর্যোদয়ের পূর্বে সে যাত্রা করিয়াছিল—He *had started* before the sun rose.

ঘণ্টা বাজিবার পূর্বে আমি বিদ্যালয়ে পৌঁছিয়াছিলাম—I *had reached* the school before the bell rang.

আমি জানিতাম না যে সলিল প্রথম পুরস্কার পাইয়াছে—I did not know that Salil *had won* the first prize.

শয়নের পূর্বে শিশুটি দুধ খাইয়াছিল—The child *had drunk* milk before it went to bed.

রাম জন্মগ্রহণ করিবার পূর্বে বাল্মীকি রামায়ণ রচনা করিয়াছিলেন —Valmiki *had composed* the Ramayana before Rama was born.

Note : দুইটি কাজ অতীতকালে হইলে যে কাজটি প্রথমে হইয়াছিল তাহার Past Perfect Tense হয় এবং পরবর্তী ক্রিয়াটির Past Indefinite Tense হয়।

Verb-এর Past Participle রূপের পূর্বে had বসাইয়া Verb-এর Past Perfect Tense করা হয়।

তখন বৃষ্টি থামিয়া গিয়াছিল—At that time the rain *had stopped*.

তাহার বাবা পূর্বেই মারা গিয়াছিল—His father *had already died*.

Note : অতীতে কোন নির্দিষ্ট কার্যের উল্লেখ থাকিলে ও তৎপূর্বে কোন ঘটনা ঘটিয়া থাকিলে তাহার Past Perfect Tense হয়।

Exercise

1. Translate into English :—

1. আমরা রওনা হইবার পূর্বে বৃষ্টি থামিয়া গিয়াছিল। 2. বৃষ্টি আসিবার পূর্বেই আমরা রওনা হইয়াছিলাম। 3. প্রাতর্ভোজনের পর সুধীর বিদ্যালয়ে গিয়াছিল। 4. পড়া তৈয়ারী হইবার পূর্বেই আমি ঘুমাইয়া পড়িয়াছিলাম। 5. ডাক্তার চলিয়া গেলে রোগী মারা গেল। 6. খেলা শেষ হইবার পরেই তাহারা আসিয়াছিল। 7. সলিল যাহা করিয়াছিল তাহার জন্য সে অনুতাপ করিয়াছিল (repented)। 8. মাষ্টার মহাশয় আসিবার পূর্বেই বিমল অঙ্কটি কষিয়া ফেলিয়াছিল। 9. গেজেট বাহির হইবার পূর্বেই আমি পরীক্ষার ফল জানিয়াছিলাম। 10. ঝড় উঠিবার পূর্বে ষ্টীমারখানি নোঙ্গর করিয়াছিল (came to anchor)। 11. শিকারী কি করিয়া বাঘটি মারিয়াছিল তাহা তোমাকে বলিয়াছিলাম।

2. Translate into Bengali :—

1. His father had died before he came of age. 2. The fire brigade had arrived before the house was burnt to ashes. 3. I was not aware that you had failed in the examination. 4. When he had eaten food he went out to play. 5. The Portuguese had come to India before the English came. 6. He had bathed before he took his meal. 7. The soldiers had

fought bravely for a fortnight when help came. 8. We had reached the station before the train came. 9. He said that he had passed the examination. 10. I returned the book after I had read it.

CHAPTER XXI

Infinitive

বেড়ান ভাল—*To walk* is good.

চুরি করা পাপ—*To steal* is a sin.

উদবাস্তুদের সাহায্য করা গভর্ণমেণ্টের কর্ত্তব্য—*To help* the refugees is a duty with the Government.

তিনি আমাকে দেখিয়া খুসী হইলেন—He was glad *to see* me.

আমি সিনেমা দেখিতে গিয়াছিলাম—I went *to see* the cinema.

সে এত দুর্বল যে চলিতে পারে না—He is too weak *to walk*.

বালকটি সাঁতার দিতে জানে না—The boy does not know how *to swim*.

ছেলেটিকে বুদ্ধিমান্ বলিয়া মনে হয়—The boy seems *to be* intelligent.

আমরা গল্পের বই পড়িতে ভালবাসি—We like *to read* story books.

নেতাজী দেশের জন্য মরিতে সর্বদা প্রস্তুত ছিলেন—Netaji was always ready *to die* for his country.

কলিকাতায় কোথায় থাকিতে হইবে তাহা আমাকে বলিয়া দাও—Tell me where *to stay* in Calcutta.

Exercise

1. Translate into English :—

1. মিথ্যা কথা বলা (To lie) মহাপাপ (a great sin)। 2. শিশুটি লিখিতে জানে (how to write) না। 3. সে আমাকে দেখিতে আসিয়াছিল। 4. আজ বিকালে আমরা ক্রিকেট খেলা দেখিতে যাইব। 5. কি করিয়া অঙ্কটি কষিতে হয় তাহা শিক্ষক মহাশয় ছাত্রকে শিখাইলেন। 6. যত শীঘ্র সম্ভব (as early as possible) ফিরিয়া আসিবার চেষ্টা করিবে (Try to come back)। 7. মীরা চা খাইতে ভালবাসে। 8. দরখাস্ত কি করিয়া লিখিতে হয় তাহা আমি জানি না। 9. শিশুটি হাঁটিতে (to walk) শিখিতেছে (is learning)। 10. একটি মাছ টোপ খাইতেছে (is swallowing a bait)।

2. Translate into Bengali :—

1. To ride is a good exercise. 2. To walk in the morning is good for health. 3. The gentleman seemed to be a kind man. 4. He did not fear to die. 5. India

wants her citizens to be dutiful. 6. The poor boy began to weep. 7. He refused to accept my offer. 8. A soldier does not fear to die. 9. To help the poor is a duty with us. 10. Do you know how to write a poem ?

CHAPTER XXII

Present Participle

I

পিছন ফিরিয়া সে একটি অন্ধ লোককে দেখিল—*Turning* back, he saw a blind man.

এক মাইল হাঁটিয়া আমরা একটি উদ্যানে পৌঁছিয়াছিলাম—*Walking* a mile, we reached a garden.

ফিরিয়া যাইয়া তিনি মনিব্যাগটি পাইলেন—*Going* back, he found the money-bag.

সে হাত জোড় করিয়া প্রার্থনা করিতে লাগিল—*Folding* his hands, he began to pray.

যদুনাথ তিন পুত্র রাখিয়া মারা যান—Jadunath died *leaving* three sons behind him.

Note : মূল Verb-এর সহিত ing যোগ করিয়া Present Participle করিতে হয়। করিয়া, রাখিয়া, ফিরিয়া প্রভৃতি অসমাপিকা ক্রিয়ার অনুবাদ Present Participle দিয়া করিতে হয়।

II

সে নাচিতে নাচিতে চলিয়া গেল—He went away *dancing.*

সে শুইয়া শুইয়া পড়ে – He reads *lying.*

মাতালটি টলিতে টলিতে চলিয়া গেল—The drunkard went away *reeling.*

Note : অসমাপিকা ক্রিয়ার দুইবার উল্লেখ থাকিলে উহার অনুবাদ Present Participle দিয়া করিতে হয়।

Exercise

1. **Translate into English :—**

1. আমি চোরটিকে দৌড়াইয়া যাইতে দেখিয়াছিলাম। 2. ভিক্ষুকটি কাঁদিতে কাঁদিতে ভিক্ষা চাহিল। 3. এই কথা বলিয়া আসামী চুপ করিল। 4. শব্দ শুনিয়া কুকুরটি জাগিয়া উঠিল। 5. গরীব লোকে চিন্তা করিয়া দিন কাটায়। 6. পিছন ফিরিয়া সে আমাকে দেখিতে পাইল। 7. একটি গান গাহিয়া ভিক্ষুকটি চলিয়া গেল। 8. খঞ্জ ব্যক্তি খোঁড়াইতে খোঁড়াইতে (limping) আসিল। 9. ডানদিক ফিরিয়া (Turning right) আপনি Post Office দেখিতে পাইবেন। 10. আমি তাহাকে চুরি করিতে দেখিয়াছিলাম।

2. **Translate into Bengali :—**

1. Salil came back laughing. 2. Seeing this, the child burst into laughter. 3. Folding his hands, the prisoner begged for mercy. 4. Stealing the watch, the thief ran away. 5. While reading the novel, he fell asleep. 6. Opening the page at 10, you will find your lesson. 7. The boy came to me panting. 8. We saw a dog passing away this way. 9. The child wearing a red coat is my brother. 10. While going to school, I saw an elephant on the road.

CHAPTER XXIII

Agreement of the Verb with the Subject

সে প্রতিদিন বিদ্যালয়ে যায়—**He** *goes* **to school every day.**

আকাশ নীল বর্ণ—The sky *is* blue.

গাছটি সবুজ—The tree *is* green.

গাছগুলি সবুজ—The trees *are* green.

কাঠ এবং লৌহ প্রয়োজনীয় জিনিষ—Wood and iron *are* useful things.

আমি লম্বা—I *am* tall.

তুমি বেঁটে – You *are* short.

তোমরা বেঁটে – You *are* short.

তাহারা কর্মঠ – They *are* active.

Note : Subject-এর Number এবং Person অনুসারে Verb-এর Number এবং Person হইয়া থাকে।

আমাদের বিদ্যালয়ের হেডমাষ্টার এবং সেক্রেটারী একই ব্যক্তি—The Headmaster and Secretary of our school *is* the same person.

আমার বন্ধু এবং শুভানুধ্যায়ী কাল আসিতেছেন—My friend and patron *is* coming tomorrow.

Note : দুইটি Singular Noun একই ব্যক্তিকে বুঝাইলে Verb-টি Singular হইবে।

শান্তি এবং শৃঙ্খলা সকল গভর্ণমেণ্টের উদ্দেশ্য—Peace and order *is* the object of all Governments.

ভাত এবং ঝোল ভাল খাবার—Rice and curry *makes* a good food.

Note : And দ্বারা যুক্ত হইয়া দুইটি Noun একই বস্তু কিংবা ভাব প্রকাশ করিলে Verb-টি Singular হয়।

প্রত্যেক বালক এবং প্রত্যেক বালিকাকে একটি করিয়া কমলালেবু দেওয়া হইয়াছিল—Each boy and each girl *was* given an orange.

প্রত্যেক লোক, স্ত্রীলোক এবং শিশু নদীতে ডুবিয়া গিয়াছিল —Every man, woman and child *was* drowned into the river.

Note : And দ্বারা যুক্ত Singular Subject-এর পূর্বে each কিংবা every থাকিলে Verb-টি সাধারণতঃ Singular হইয়া থাকে।

কোন পুস্তক কিংবা পেন্সিল টেবিলের উপরে ছিল না— No book or pencil *was* on the table.

রাম কিংবা শ্যাম সেখানে কেহই উপস্থিত ছিল না—Neither Ram nor Shyam *was* present there.

হয় তুমি কিংবা তোমার ভাই ইহা করিয়াছে—Either you or your brother *has* done this.

Note : দুইটি Singular Noun **either...or** অথবা **neither ....nor** দিয়া যুক্ত থাকিলে Verb-টি Singular হইয়া থাকে।

রাম কিংবা তাহার ভাইয়েরা ইহা করিয়াছে—Ram or his brothers *have* done this.

হয় রাম কিংবা তাহার ভাইয়েরা ইহা করিয়াছে—Either Ram or his brothers *have* done this.

গুরুমহাশয় কিংবা ছাত্রেরা কেহই উপস্থিত ছিল না— Neither the teacher nor the students *were* present.

Note : Either...or, neither...nor দ্বারা যুক্ত Subject-এর কোনটি যদি plural হয় তবে plural subjectটি verb-এর নিকটে বসিবে এবং verb-টি plural হইবে।

হয় তাহার না হয় আমার ভুল হইয়াছে—Either he or I *am* mistaken.

হয় তোমার না হয় তাহার ভুল হইয়াছে—Either you or he *is* mistaken.

সেও দায়ী নহে, তুমিও দায়ী নহ – Neither he nor you *are* responsible.

Note : Either......or কিংবা Neither..... nor দ্বারা দুইটি Pronoun যুক্ত হইলে নিকটস্থ Pronoun অনুসারে Verb-এর Person হয়।

ধার্মিকেরা সুখী—The virtuous *are* happy.

ধনীরা সর্বদা সুখী নহে—The rich *are* not always happy.

Note : কোন কোন Adjective-এর পূর্বে the বসাইয়া উহাকে Noun-রূপে ব্যবহার করা হইয়া থাকে। ঐ Noun-টি Subject-রূপে ব্যবহৃত হইলে উহার verb-টি Plural হইয়া থাকে।

যুক্তরাজ্যগুলি সমৃদ্ধিশালী দেশ—The United States *is* a rich country.

আরব্য উপন্যাস কৌতূহল উদ্দীপনাকারী পুস্তক – The Arabian Nights *is* an interesting book.

Note : Plural Noun কোন কিছুর proper name বুঝাইলে তাহার verb-টি Singular হইয়া থাকে।

ষোল আনা এক টাকার সমান—Sixteen annas *is* equal to one rupee.

4

চল্লিশ গজ বেশী দূর নহে—Forty yards *is* not a long distance.

Note : Plural Noun-টি কোন কিছুর সমষ্টি বুঝাইলে উহার verb-টি Singular হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. ছেলেটি বোকা। 2. পিপীলিকারা সর্বদাই ব্যস্ত। 3. তাহার একটি কলম আছে। 4. তাহাদের লাল জামা আছে। 5. ছেলেটি কাঁদিতেছে। 6. ছেলেগুলি কাঁদিতেছে। 7. এই পরিবারের প্রত্যেক স্ত্রী-পুরুষ শিক্ষিত। 8. কবি এবং বিদ্বান ব্যক্তিটি মারা গিয়াছেন। 9. ভাত-তরকারি (curry and rice) তাহার প্রিয় খাদ্য (favourite food)। 10. গালিভারের ভ্রমণ বৃত্তান্তগুলি (Gulliver's Travels) Swift কর্তৃক লিখিত হইয়াছিল (was written by Swift)। 11. সাত দিনে এক সপ্তাহ হয়। 12. হয় তুমি না হয় আমি তালিকার শীর্ষে আছি (at the top of the list)।

2. Translate into Bengali :—

1. Neither the driver nor the passengers were hurt. 2. Either you or your father called me names. 3. Each boy and each girl was rewarded. 4. Every flower and every leaf was dry. 5. The poet and patriot is dead. 6. A white and a black cow are grazing in the field. 7. A white and black cow is grazing in the

field. 8. Death and glory was his aim. 9. All gentlemen are good citizens. 10. Neither a gentleman nor a lady was to be seen in the meeting. 11. Either the Secretary or the Headmaster is responsible for the management of the school. 12. One letter and one document are missing

---

CHAPTER XXIV

Adverb

I

পুনরায় চেষ্টা কর—**Try** *again*.

সে ধীরে কথা বলে—**He speaks** *gently*.

মেয়েটি আস্তে আস্তে হাঁটে—**The girl walks** *slowly*.

তাহারা খুব খাটে—**They work** *hard*.

Note : Adverb সাধারণতঃ Instransitive Verb-এর পরেই বসিয়া থাকে।

II

দুষ্ট ছেলেটি কখনও পড়াশুনা করে না—**The wicked boy** *never* **reads.**

সে সর্বদাই খেলে—**He** *always* **plays.**

সাধুটি কদাচিৎ কথা বলেন—The hermit *scarcely* speaks.

সুধীর প্রায় কৃতকার্য হইয়াছিল—Sudhir *almost* succeeded.

তিনি প্রায় আমাদের বাড়ীতে আসেন—He *often* comes to our house.

তিনি কখন কখন আমাদের বাড়ীতে আসেন—He *sometimes* comes to our house.

চাষীরা কদাচিৎ আদালতে যায়—The peasants *seldom* go to court.

Note : Never, always, scarcely, almost, often, sometimes, seldom এই Adverb-গুলি সাধারণতঃ Verb-এর আগে বসে।

III

আমি তোমাকে ভালভাবে জানি—I know you *well*.

সে সহজেই খেলায় জিতিয়া গেল—He won the game *easily*.

আমি নিয়মমত ব্যায়াম করি—I take exercise *regularly*.

যতীন এই গল্পের বইখানি আগাগোড়া পড়িয়াছে—Jatin has read this story book *thoroughly*.

চিত্তরঞ্জন দেশকে বড়ই ভালবাসিতেন—Chittaranjan loved his country *dearly*.

মাতা আমাকে কায়মনোবাক্যে আশীর্ব্বাদ করিলেন—Mother blessed me *heartily*.

Note : Transitive Verb হইলে Adverb-টি সাধারণতঃ object-এর পরে বসিয়া থাকে।

IV

তিনি শীঘ্রই আমাকে ধরিয়া ফেলিলেন—He overtook me *soon*.

or

He *soon* overtook me.

আমি ইচ্ছাপূর্ব্বক ইহা করিয়াছিলাম—I did it *willingly*.

or

I *willingly* did it.

Note : কখনও কখনও Adverb-টি Transitive Verb-এর পূর্বে বসিয়া থাকে।

V

সে এখনই আসিয়াছে—He has *just* come.

আমি পূর্বেই তোমাকে বলিয়াছি—I have *already* told you.

সুধীর নিশ্চয় পরীক্ষায় পাশ করিবে—Sudhir will *certainly* pass the examination.

ছেলেটি গুরুতররূপে আঘাত প্রাপ্ত হইয়াছিল—The child was *severely* hurt.

কাজটি আধাআধি করা হইয়াছে—The work is *half* done.

Note : Sentence-এর ভিতর Auxiliary and Principal Verb থাকিলে Adverb-টি সাধারণতঃ উহাদের মধ্যে বসিয়া থাকে।

VI

হয়ত তিনি যাহা বলিতেছেন তাহা ঠিক—*Probably* he is right.

দুর্ভাগ্যক্রমে সে পরীক্ষায় ফেল করিয়াছে—*Unfortunately* he failed in the examination.

সৌভাগ্যক্রমে লোকটি বিপদ হইতে রক্ষা পাইয়াছিল—*Luckily* the man escaped danger.

Note : কখনও কখনও Adverb-টি Sentence-এর প্রথমেও বসিয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. শীঘ্র এস। 2. ধীরে পড়। 3. পড়াটি এখনই মুখস্থ কর। 4. এরোপ্লেনখানি দ্রুত উড়ে। 5. গুর্খারা সাহসের সহিত (bravely) যুদ্ধ করিয়াছিল। 6. লোকটি বোকার মত কাজ করিল। 7. সলিল কখনও সেখানে যায় না। 8. কমল সর্বদাই পড়াশুনা করে। 9. তিনি সর্বদাই অসুস্থ। 10. ছেলেটি প্রায়ই পীড়িত থাকে। 11. তুমি

কি ভাল সাঁতার দিতে জান? 12. সৌভাগ্যক্রমে আমি সেখানে উপস্থিত ছিলাম। 13. শিক্ষক মহাশয় আমাকে মৌখিক (orally) পরীক্ষা করিলেন। 14. কুলিরা হঠাৎ (abruptly) কাজ বন্ধ করিয়া দিল। 15. শিয়ালগুলি জোরে (loudly) চীৎকার করিতে (to howl) লাগিল। 16. মা সন্তানকে প্রকৃতই (truly) ভালবাসেন। 17. সুধীর কখনও মিথ্যা কথা বলে না। 18. তুমি কি দ্রুত (fluently) ইংরেজী বলিতে পার? 19. পিকপকেটকারী তাড়াতাড়ি (hurriedly) সরিয়া পড়িল (slipped away)। 20. আমি তারপর বাড়ী চলিয়া গিয়াছিলাম।

2. Translate into Bengali :—

1. He kindly consented to my proposal 2. The boy can speak distinctly 3. The orphan was crying bitterly 3. Do you love your friends sincerely? 5. Happily he did not die. 6. He did not die happily. 7. The prisoner confessed his fault frankly. 8. It is raining hard. 9. The teacher punished the boy severely. 10. The boy was severely punished. 11. I have carefully gone through this letter. 12. The servant serves his master faithfully.

———

CHAPTER XXV

Uses of Some Adverbs

I

Very and Much

আজ অত্যন্ত গরম—It is *very* hot today.

এরোপ্লেনখানি খুব দ্রুত উড়িতেছে—The aeroplane is flying *very* fast.

সমীর খুব কম চা খায়—Samir *drinks very* little tea

খুব সাবধানতার সহিত কাজটি করিবে—Do the work *very* carefully.

খুব কম ছেলে প্রশ্নটির উত্তর করিয়াছে—*Very* few boys have answered the question.

Note : Positive Degree-র Adjective এবং Adverb-এর পূর্বে Very বসিয়া থাকে।

এই রাস্তাটি বেশ লম্বা—This road is *very* long.

এই রাস্তাটি ঐ রাস্তাটি অপেক্ষা বেশী লম্বা—This road is *much* longer than that.

তিনি আজ অপেক্ষাকৃত ভাল—He is *much* better today.

কাশ্মীরের দৃশ্যাবলী অতি মনোরম—The scenery of Kashmir is *very* charming.

এই গল্পটি বড়ই চিত্তাকর্ষক—This story is *very* interesting.

আমি ইহাতে অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইয়াছি—I am *much* surprised at this.

আপনার দয়ার জন্য আমি আপনার নিকট বড়ই বাধিত—I am *much* obliged to you for your kindness.

Note : সাধারণতঃ Positive Degree-র Adjective ও Adjective-এর ন্যায় ব্যবহৃত Present Participle-এর পূর্বে very বসে এবং Comparative Degree-র Adjective ও Past Participle-এর পূর্বে much বসে।

Too

রোগী এত দুর্বল যে উঠিতে পারে না—The patient is *too* weak to get up.

হাতীটি এত বলবান্ যে বাঘটি গায়ের জোরে পারিল না—The elephant was *too* strong for the tiger.

কলাটি এত পাকিয়া গিয়াছে যে খাওয়া চলে না—The plantain is *too* ripe for eating.

তোমার নিকট সিনেমা অতিরিক্ত প্রিয়—You are *too* fond of the cinema.

Note : স্বাভাবিক অবস্থা বা মাত্রা হইতে অধিক বুঝাইতে too-এর প্রয়োগ হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. সূর্য বৃহৎ। 2. চন্দ্র অপেক্ষা সূর্য অনেক বৃহৎ। 3. রোগী এত দুর্বল যে হাঁটিতে পারে না। 4. আজ খুব গরম। 5. কাল অপেক্ষা আজ বেশী গরম। 6. আমটি এত পাকা যে উহা খাওয়া যায় না। 7. কলমটি এত খারাপ যে উহাতে লেখা যায় না। 8. তোমার ছুরিখানি খুব ধারাল। 9. সে আজই (this very day) চলিয়া যাইবে। 10. রাশিয়াবাসীরা অত্যন্ত অধ্যবসায়শীল (persevering)। 11. গল্পটি বেশ আমোদজনক (interesting)। 12. মোটর গাড়ীখানি খুব দ্রুত চলিয়াছে। 13. সন্তরণ অপেক্ষা হাঁটা (walking) অনেক সোজা। 14. এই অনুগ্রহের জন্য আমি তোমার নিকট অত্যন্ত ঋণী (indebted)। 15. প্রশ্নগুলি এত শক্ত ছিল যে উত্তর করা গেল না। 16. এত বড় পরিবারের পক্ষে এই বাড়ীটি অত্যন্ত ছোট। 17. দার্জিলিং-এর দৃশ্যাবলী অতি মনোরম। 18. গ্রামবাসীরা অতি চতুরতার সহিত ডাকাতের দলটি ধরিয়া ফেলিয়াছিল। 19. তুমি পূর্বাপেক্ষা এখন ভাল লিখিতে পার। 20. বাতাস মৃদুভাবে বহিতেছে।

2. Translate into Bengali :—

1. He is too foolish to understand this simple fact. 2. Ramlal is much younger than I. 3. The child drinks very little milk. 4. The ink is too thick for writing. 5. It is too hot to walk today. 6. You should spend money very carefully. 7. This cloth is very fine. 8. The girl is too tall for her age. 9. I am much surprised at your conduct. 10. The ant is much more intelligent than any other animal.

CHAPTER XXVI

Some Familiar Adverb Phrases

প্রত্যূষে—*At dawn*

আমি প্রত্যূষে উঠি—I get up *at dawn.*

সকাল বেলায়—*In the morning*

সে সকাল বেলায় ব্যায়াম করে—He takes exercise *in the morning.*

সন্ধ্যাবেলায়—*In the evening*

সন্ধ্যাবেলায় পাখীরা বাসায় ফেরে—The birds return to their nests *in the evening.*

বিকাল বেলায়—*In the afternoon*

আমরা বিকাল বেলায় ফুটবল খেলি—We play foot-ball *in the afternoon.*

সারাদিন—*All day long*

সে সারাদিন খেলিয়া বেড়ায়—He plays *all day long.*

দিনের বেলায়—*By day*

সূর্য দিনের বেলায় কিরণ দেয়—The sun shines *by day.*

সারাবৎসর—*All the year round*

কোন ফুল সারা বৎসর ফুটে না—No flower blooms *all the year round.*

গভীর রাত্রে—*At dead of night*

গভীর রাত্রে আমার ঘুম ভাঙ্গিয়া গেল—I woke up *at dead of night.*

সকালে বিকালে—*Morning and evening*

আমি সকালে বিকালে চা খাই—I *drink* tea *morning and evening.*

দিন দিন—*Day by day*

তুমি দিন দিন কৃশ হইয়া যাইতেছ—You are growing thinner *day by day.*

একদিন অন্তর—*Every other day*

একদিন অন্তর এই ঔষধটি খাইও—Take this medicine *every other day.*

সেদিন—*The other day*

সেদিন সে আমার কাছে আসিয়াছিল—He came to me *the other day*

সেইদিনই—*That very day*

সেইদিনই সে কলিকাতায় রওনা হইয়াছিল—*That very day* he started for Calcutta.

একদা, কোন সময়ে—*Once upon a time*
বর্ত্তমান সময়ে—*At present*
যথাসময়ে—*In time*

পরিণামে—*In the long run*

কালক্রমে—*In course of time*

অবিলম্বে—*At once*

চিরকালের জন্য—*For good ; for ever*

ক্রমে ক্রমে—*By degrees*

পর্যায়ক্রমে—*By turns*

নিমেষ মধ্যে—*In an instant*

ইতিমধ্যে—*In the meantime*

অশুভক্ষণে—*In an evil hour*

অল্প অল্প করিয়া—*Bit by bit ; little by little*

পাশাপাশি—*Side by side*

সামনা সামনি—*Face to face*

ঘটনাক্রমে—*By chance*

হঠাৎ—*All on a sudden*

ভবিষ্যতে—*In future*

অতীতে—*In the past*

অদ্যাবধি—*To this day*

আজকাল—*Now-a-days ; in these days*

দ্বারে দ্বারে—*From door to door*

দ্বারদেশে—*At the door*

একস্থান হইতে অন্যস্থানে—*From place to place*

পায়ে হাঁটিয়া—*On foot*

নৌকাযোগে—*By boat*

ট্রেণ যোগে—*By train*
এরোপ্লেন যোগে—*By aeroplane*
আদৌ, মোটেই—*At all*
বর্ণে বর্ণে—*To the letter*
বস্তুতঃ—*In fact*
পদে পদে—*At every step*
সর্বতোভাবে—*In all respects ; by all means*

Exercise

I. Translate into English :—

1. তিনি চিরকালের জন্য আমাদিগকে ত্যাগ করিয়া গিয়াছেন। 2. তোমাদের কথা বর্ণে বর্ণে সত্য। 3. রমেশ এরোপ্লেনে বোম্বাই যাইবে। 4. আমি পায়ে হাঁটিয়া অনেক দূর ভ্রমণ করিতে পারি। 5. ভিখারীটি দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়ায়। 6. আমি নৌকায় কলিকাতা গিয়াছিলাম। 7. শিশুটি হঠাৎ চীৎকার করিয়া উঠিল। 8. আমরা সামনাসামনি দাঁড়াইয়াছিলাম। 9. তাহারা পাশাপাশি দাঁড়াইয়াছিল। 10. বস্তুতঃ সে আমাকে চিনিত না। 11. রামচন্দ্র অশুভক্ষণে অরণ্যে যাত্রা করিয়াছিলেন। 12. ইহা এখনই কর। 13. তুমি পরিণামে সুখী হইবে। 14. ট্রেনখানি যথাসময়ে পৌছিয়াছে। 15. রোগী ক্রমে ক্রমে আরোগ্য লাভ করিবে। 16. রাম আদৌ ভাল ছেলে নহে। 17. নিমেষ মধ্যে এরোপ্লেনখানি অদৃশ্য হইয়া গেল (went out of sight)। 18. ঘটনাক্রমে রাস্তায় এক বন্ধুর সহিত আমার দেখা হইয়া গেল। 19. কালক্রমে কলিকাতা একটি বড় সহরে পরিণত হইল। 20. অল্প অল্প করিয়া খাবার খাও।

2. Translate into Bengali :—

1. My income is falling off day by day. 2. He left his country for good. 3. You started in an evil hour. 4. The hermit tells beads day and night. 5. The sun lights the earth all the year round. 6. Paddy grows in the rainy season. 7. The children are walking hand in hand. 8. Take this medicine every four hours. 9. The patient was asleep all night. 10. Send for the doctor at once.

CHAPTER XXVII

Adjective

I

আমি কাল কালিতে লিখি—I write in *black* ink.

আমি কখন কখন লাল কালিতে লিখি—I sometimes write in *red* ink.

আমি কখনও সবুজ কালিতে লিখি না—I never write in *green* ink.

এই কালিটি কাল—This ink is *black*.

এই দোয়াতের কালিটি লাল—The ink of this inkpot is *red*.

তুমি যে কালিতে লিখিয়াছ উহা সবুজ—The ink in which you have written is *green*.

Note. সাধারণতঃ Adjective Noun-এর পূর্বে বসিয়া বিশেষিত করে। কখন কখন Adjective-টি Verb-এর পরে বসিয়াও Noun-কে বিশেষিত করে।

II

আনন্দবাজার একখানি দৈনিক পত্রিকা—The Ananda Bazar is a *daily*.

আমি আমার সমস্ত মূল্যবান সম্পত্তি বিক্রয় করিয়া ফেলিয়াছি—I have sold all my *valuables*.

সুরেন্দ্রনাথ বক্তৃতায় অদ্বিতীয় ছিলেন—As an orator Surendranath had no *equal*.

Note : কোন কোন Adjective যে-গুণের পরিচায়ক সেই গুণ-যুক্ত কোন বস্তু বা প্রাণী বুঝাইয়া Noun-রূপে ব্যবহৃত হইয়া থাকে।

III

ধার্মিকেরা সুখী—The *virtuous* are happy.

অভাবগ্রস্ত লোকেরা সর্বদাই অসুখী—The *needy* are always unhappy.

ধনীরা কখন কখন দরিদ্রদিগকে সাহায্য করিয়া থাকেন—The *rich* sometimes help the *poor*.

Note : কখন কখন Adjective-এর পূর্বে the বসিয়া Adjective-টি যে-গুণের পরিচায়ক সেই গুণবিশিষ্ট ব্যক্তিগণকে বুঝায় অর্থাৎ Plural Noun-রূপে ব্যবহৃত হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. পিপীলিকারা পরিশ্রমী (diligent)। 2. রবীন্দ্রনাথ একজন চিন্তাশীল (thoughtful) কবি ছিলেন। 3. উজ্জ্বল তারকাটি আকাশে ঝিক্ মিক্ করিতেছে (is twinkling)। 4. মাইকেল মধুসূদন অশেষ দুঃখ (endless misery) ভোগ করিয়াছিলেন (suffered)। 5. জাপানী জিনিস (Japanese goods) সস্তা ছিল। 6. ব্যাঘ্র হিংস্র (ferocious) প্রাণী। 7. আমাদের প্রধান শিক্ষক মহাশয় একজন উপযুক্ত শিক্ষক (competent teacher)। 8. বালিকাটি লজ্জাশীলা। 9. লজ্জাশীলা বালিকাটি একটি কথাও বলিল না। 10. বিবেকানন্দ একজন অতুলনীয় (matchless) বক্তা ছিলেন। 11. তুমি একটি অপদার্থ (worthless) ছেলে। 12. অপদার্থ ছেলেকে কেহ পছন্দ করে না। 13. কালিদাস একজন বিখ্যাত (famous) কবি ছিলেন। 14. বিশ্বস্ত (faithful) বন্ধু খুবই বিরল (very rare)। 15. বিড়ালেরা অন্ধকারে (in the dark) ভাল দেখিতে পায়। 16. গোলাপ ফুল খুবই সুন্দর। 17. রবীন্দ্রনাথের সৌন্দর্য বোধ ছিল (had an eye to the beautiful)। 18. এই শহরে মুক এবং বধিরদিগের জন্য কোন বিদ্যালয় (school for the deaf and dumb) নাই। 19. যথাসাধ্য চেষ্টা কর (Try your best)। 20. ছেলেরা মিষ্ট দ্রব্য (sweets) পছন্দ করে।

2. Translate into Bengali :—

1. Nobody was willing to help the homeless. 2. We admire the brave. 3. The young and the old were at work. 4. The strong oppress the weak. 5. The learned are respected everywhere. 6. This is a diffi-

cult problem. 7. The French language is very sweet. 8. Persian carpets are very costly. 9. The English are energetic. 10. Leprosy is incurable. 11. There is a charitable dispensary in the village. 12. A good man is always charitable. 13. The cobra is a poisonous snake. 14. Some snakes are not poisonous.

CHAPTER XXVIII

Some Familiar Adjectives

Little, A little

আমার সময় অতি অল্প—I have *little* time.

ইহাতে কিছু সময় লাগিবে—This will take a *little* time.

Note :—A little বলিতে 'কিছু', 'কিঞ্চিৎ' বুঝায়, little বলিতে 'কিছুই নহে' বুঝায়।

Few, A few

কম বালকই ইহা করিতে পারে—*Few* boys can do it.

অতি অল্প বালকই ইহা করিতে পারে—*A few* boys can do it.

Note :—A few বলিতে কয়েকটি বা অতি অল্প বুঝায় ; Few বলিতে 'প্রায় মোটেই নহে' বুঝায়।

Much, Many

এই গ্লাসে বেশী জল ধরে না—This glass does not contain *much* water.

অনেক বালক খেলিতেছিল—*Many* boys were playing.

Note :—Mueh পরিমাণ বুঝায়, Many সংখ্যা বুঝায়।

Some, Any

কোন লোক ইহা করিয়াছে—*Some* man has done it.

যে কোন লোক ইহা করিতে পারে—*Any* man can do it.

যে কোন কাগজে হইবে—*Any* paper will do.

আমাকে কিছু রুটি খাইতে দিন—Give me *some* bread to eat.

তুমি একটুও রুটি পাইবে না—You will not get *any* bread.

Either, Neither

অশোক রাস্তার দুইধারে বৃক্ষ রোপণ করিয়াছিলেন—Asoka planted trees on *either* side of the road.

গঙ্গার দুইদিকে উচ্চ তীর আছে—There is a high bank on *either* side of the Ganges.

সে কোন পক্ষ অবলম্বন করিল না—He took *neither* side.

কোন বিবরণই সত্য নহে—*Neither* statement is true.

Note :—Either বলিতে দুইয়ের মধ্যে প্রত্যেকটি অর্থাৎ দুইটিই বুঝায়। Neither বলিতে দুইয়ের মধ্যে কোনটিও নহে বুঝায়।

Each, Every

প্রত্যেক বালিকা একটি করিয়া পুতুল পাইয়াছিল—*Each* girl got a doll.

প্রত্যেক ইংরেজ উদ্যমশীল—*Every* Englishman is energetic.

Note :—দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেকটি বুঝাইতে Each ব্যবহৃত হইয়া থাকে। দুই-এর অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেকটি বুঝাইতে Every ব্যবহৃত হইয়া থাকে।

Exercise

1. Translate into English :—

1. সভায় অনেক লোক আসিয়াছিল। 2. এই গরুটি যথেষ্ট দুধ দেয়। 3. তিনি তাঁহার কন্যার বিবাহে (on the occasion of his daughter's marriage ceremony) যথেষ্ট টাকা খরচ করিয়াছিলেন। 4. প্রত্যেক বাঙালীই সাহসী। 5. প্রত্যেক প্রশ্নে ২০ নম্বর আছে (carries 20 marks)। 6. খুব কম ছাত্রই পরীক্ষায় পাশ করিয়াছে। 7. কোন কোন ফুলের গন্ধ নাই। 8. কেহ আমার দরজায় ধাক্কা দিয়াছিল (knocked)। 9. তাহার খুব কমই টাকা আছে। 10. সুনীলের কিছু টাকা আছে।

11. রাস্তার দুই ধারে দোকান আছে। 12. আমি কয়েকখানি বই পড়িয়াছি। 13. তুমি খুব কম বই পড়িয়াছ। 14. প্রত্যেকেরই (Every man) নিজ নিজ কর্তব্য করা উচিত (should do his duty)। 15. কোন দলই (No team) খেলায় জয়লাভ করিতে পারিল না (could win the game)। 16. আমাকে একটু দুধ দাও। 17. তাহাকে কিছু ভাত দাও। 18. নদীর দুই ধারে অনেক গ্রাম আছে। 19. তুমি যে কোন কলমটি লইতে পার। 20. তোমার কাপে একটু চা আছে কি ?

2. **Translate into Bengali :—**

1. You can sit at either end of the bench. 2. Some one has rung the bell. 3. The old man has little strength. 4. The young man has a, little strength. 5. Any boy can answer this question. 6. A few boys answered the question. 7. Few boys could answer the question. 8. The patient is little better. 9. The patient is a little better today. 10. The ass has much patience. 11. Any dictionary will do. 12. Has he any friend ?

CHAPTER XXIX

Some Adjective Phrases

ইংরেজীতে কাঁচা—*Weak in English*

অনেক ছেলে ইংরেজীতে কাঁচা—Many boys are *weak in English.*

গণিতে পারদর্শী—*Well up in Mathematics*

কোন কোন ছেলে গণিত ভাল জানে—Some boys are *well up in Mathematics.*

ঋণমুক্ত—*Free from debt*

তিনি এখন ঋণমুক্ত হইয়াছেন—He is now *free from debt.*

সুরাপানে আসক্ত—*Addicted to drinking*

শ্রমিক সুরাপানে আসক্ত—The labourer is *addicted to drinking.*

ক্রোধে উন্মত্ত—*Mad with rage*

ক্রোধে উন্মত্ত হইয়া লোকটি নিজের ভাইকে হত্যা করিয়াছিল—*Mad with rage* the man killed his own brother.

চিন্তামগ্ন—*Lost in thought*

লেখক চিন্তামগ্ন আছেন—The writer is *lost in thought.*

মেঘাচ্ছন্ন—*Overcast with clouds*

আকাশ মেঘাচ্ছন্ন ছিল—The sky was *overcast with clouds.*

কাণ্ডজ্ঞান শূন্য—*Without common sense*

লোকটি কাণ্ডজ্ঞান বর্জিত—The man is without *common sense.*

কারারুদ্ধ *Confined in prison*

বন্দী কারারুদ্ধ আছে—The prisoner is *confined in prison.*

শয্যাগত—*Confined to bed*

রোগী শয্যাগত আছে—The patient *is confined to bed.*

কর্তব্যপরায়ণ—*Devoted to duty*

কর্তব্যপরায়ণ ব্যক্তি সর্বদাই সুখী—A man *devoted to duty* is always happy.

Exercise

1. ছেলেটি আহ্লাদে আত্মহারা (beside himself with joy)। 2. অনিলবরণ অল্প বয়স্ক বালক (a boy of tender age)। 3. ভাল মন্দ সব ছাত্রই (All students, good and bad) প্রধান শিক্ষক মহাশয়কে ভালবাসে। 4. ধনী দরিদ্র সকল লোকই (all men, rich and poor) একদিন মরিবে। 5. যুবক, বৃদ্ধ সকল লোকই (All men, young and old) সভায় উপস্থিত ছিল। 6. সৈনিকগণ

সর্বদাই মরিতে প্রস্তুত (ready to die)। 7. বরটি (birdegroom) দেখিতে সুশ্রী (beautiful to look at)। 8. রবীন্দ্রনাথের গানগুলি সুমিষ্ট (sweet to hear)। 9. মধু খাইতে মিষ্ট (sweet to the taste)। 10. রোগী হাঁটীতে অক্ষম (unable to walk)। 11. সব বালকই সিনেমা দেখিতে ইচ্ছুক (willing to see the cinema)। 12. ভিক্ষুকের একটি চোখ কানা (blind of one eye) ছিল। 13. লোকটির এক পা খোঁড়া (lame of one leg) ছিল। 14. আমি তোমার পত্র পাইয়া সুখী (glad to receive your letter) হইলাম। 15. তাহার উদ্যম (efforts) সার্থক (crowned with success) হইয়াছিল। 16. কলিকাতা একটি লোকবহুল (populous) সহর। 17. তিনি একজন লোকপ্রিয় নেতা (popular leader)। 18. ছেলেটি পরিশ্রম করিতে অনিচ্ছুক (unwilling to labour)। 19. বৈজ্ঞানিকের (a scientist) অঙ্কে পারদর্শী হওয়া উচিত। 20. দুর্বল লোকটি কাজের উপযুক্ত (fit for work) নহে।

II. Translate into Bengali :—

1. The bull under the tree is grazing about. 2. All men, high and low, came to the meeting. 3. The African jungles are full of wild beasts. 4. The coolies are accustomed to hard work. 5. All creatures are subject to death. 6. The matter is under consideration. 7. All his efforts were crowned with success, 8. We could hear the bells of the temples in the distance. 9. You were then an infant at the breast. 10, The holy person is indifferent to pleasure and pain. 11. The house was reduced to ashes. 12. Two boys of this class are deficient in Mathematics. 13. Every Indian is proud of Subhash Chandra. 14. The name of Gandhi is familiar to all Indians.

CHAPTER XXX

Some Noun Phrases

ধন-জন—*Men and money*

ধন-জন আমার কিছুই নাই—*Men and money* have I none.

দিবারাত্র—*Day and night*

চাষীরা দিবারাত্র পরিশ্রম করে—The peasants work *day and night.*

অন্ন-বস্ত্র—*Food and clothing*

গরীবদের পক্ষে অন্ন-বস্ত্র একটি বড় সমস্যা—*Food and clothing* is a great problem to the poor.

ক্ষুধা-তৃষ্ণা—*Hunger and thirst*

ক্ষুধা-তৃষ্ণা তাহাকে চুরি করিতে বাধ্য করিয়াছিল—*Hunger and thirst* forced him to steal.

লাভ-লোকসান—*Loss or profit*

প্রত্যেক ব্যবসায়ী লাভ-লোকসানের জন্য উদ্বিগ্ন থাকে—Every businessman is anxious for *loss or profit.*

হাত-পা—*Hand and foot*

ডাকাতেরা গৃহস্বামীর হাত পা বাঁধিয়া ফেলিয়াছিল—The robbers bound the householder's *hands and feet.*

দোষগুণ—*Merits and demerits*

প্রত্যেক মানুষের দোষগুণ আছে—Every man has *merits and demerits.*

(II)

তালা চাবি—Lock and key
মাছ-মাংস—Fish or meat
ন্যায় অন্যায়—Right and wrong
স্বর্গ মর্ত—Heaven and earth
জীবন মরণ—Life and death
ঝড়-বৃষ্টি—Wind and rain
পশু-পক্ষী—Birds and beasts
মা-বাপ—Father and mother
শত্রু-মিত্র—Friend or foe
প্রভু-ভৃত্য—Master or servant
সুখ-দুঃখ—Weal and woe
গাছ গাছড়া—Plants and herbs
পাপপুণ্য—Virtue and vice
স্বাস্থ্য এবং সৌন্দর্য্য—Health and beauty
জল স্থল—Land and water
উত্থান পতন—Ups and downs

Exercise

1. **Translate into English :—**

1. সে আমার সুখ দুঃখের বন্ধু। 2. পশুপক্ষী ভগবানের সৃষ্টি। 3. সলিল আমার শত্রু কি মিত্র তাহা আমি জানি না। 4. গরুটি এই বাগানের গাছ গাছড়া নষ্ট করিয়া দিয়াছে। 5. গঙ্গায় জোয়ার ভাঁটা

খেলিয়া থাকে। 6. কোন কোন প্রাণী জলে স্থলে চরিয়া বেড়ায়। 7. পাপ পুণ্য মানুষকে ছোট বড় করিয়া দেয়। 8. কোন কোন হিন্দু মাছ মাংস খায় না। 9. প্রত্যেক ব্যক্তির ন্যায় অন্যায়ের বোধ থাকা উচিত। 10. ভগবানের হাতেই মানুষের জীবন মরণ। 11. ঝড় বৃষ্টির মধ্যে বাহির হওয়া উচিত নহে। 12. মা বাপ সন্তানের শিক্ষার জন্য দায়ী (responsible)। 13. উদ্দেশ্য সিদ্ধির জন্য হারকিউলিস স্বর্গ মর্ত্ত আলোড়িত করিয়াছিলেন (moved)। 14. স্বাস্থ্য এবং সৌন্দর্য মানুষের সম্পদ। 15. মানুষের জীবনে উত্থান-পতন আছে।

2. **Translate into Bengali :—**

1. None can live long without food and drink. 2. Do not boast of men and money. 3. He is always anxious for profit or loss. 4. Pen and ink are necessary for writing. 5. The boy has no father or mother. 6. This is the sum and substance of what he said. 7. Bread and butter is my favourite food. 8. Health and wealth do not last for ever. 9. Do not treat your servants like cats and dogs. 10. The room is under lock and key.

———

CHAPTER XXXI

Some Familiar Expressions Denoting Collection or Group

A

এক পাল গরু—A *herd* of cows
একজোড়া বলদ—A *yoke* of oxen
এক পাল মহিষ—A *herd* of buffaloes
এক পাল ভেড়া—A *flock* of sheep
এক পাল হরিণ—A *herd* of deer
এক পাল হাতী—A *herd* of elephants
এক পাল শিকারী কুকুর—A *pack* of hounds
একপাল কুকুর ছানা—A *litter* of puppies
একদল বানর—A *troop* of monkeys
একদল বালক—A *company* of boys
একদল গায়ক—A *band* of singers
একদল সৈনিক—A *regiment* (or an *army*) of soldiers
একদল ডাকাত—A *gang* of robbers
একদল শিকারী—A *party* of huntsmen
একদল নেকড়ে—A *pack* of wolves
একদল তীর্থযাত্রী—A *band* (or *group*) of pilgrims
একদল মহিলা—A *bevy* of ladies

একদল যুবক—A *band* of young men
একদল লোক—A *band* of men

B

এক ঝাঁক (উড়ন্ত) পাখী—A *flight* of birds
এক ঝাঁক পাখী—A *flock* of birds
এক ঝাঁক মৌমাছি—A *swarm* of bees
এক ঝাঁক মাছ—A *shoal* of fish
এক ঝাড় বাঁশ—A *clump* (or *cluster*) of bamboos
এক ছড়া কলা—A *bunch* of plantains
এক তাড়া চাবি—A *bunch* of keys
এক গোছা লাঠি—A *bundle* of sticks
এক জোড়া জুতা—A *pair* of shoes
এক সারি গাছ—A *row* of trees
এক গোছা ফুল—A *bunch* of flowers
এক গোছা খড়—A *bunch* of hay
এক গাদা কাঠ—A *stack* of wood
এক গাদা বই—A *pile* of books
এক গোছা চুল—A *lock* (or *tuft*) of hair
এক আঁটি ধান—A *sheaf* of paddy
এক পশলা বৃষ্টি—A *shower* of rain
এক গাড়ী চূণ—A *cartload* of lime

এক মুঠো চাউল—A *handful* of rice
এক গাঁইট পাট—A *bale* of jute
এক গাঁইট তূলা—A *bale* of cotton
দ্বীপপুঞ্জ—A *group* of islands
নক্ষত্রপুঞ্জ—A *cluster* of stars

Exercise

1. **Translate into English :—**

1. অন্ধ লোকটিকে এক মুঠো চাউল দাও। 2. একদল তীর্থযাত্রী কাশী যাইতেছে। 3. একদল গরু নদীতে স্নান করিতেছে। 4. একদল হাতী বনে ঘুরিয়া বেড়াইতেছে (is roaming in the forest)। 5. এক দল ছেলে ময়দানে খেলিতেছে। 6. এক ঝাঁক পাখী আকাশে উড়িতেছে। 7. এক ঝাঁক পাখী জালে আবদ্ধ হইয়াছিল (was caught in the net)। 8. নেকড়ে একপাল ভেড়া মারিয়া ফেলিয়াছিল। 9. লোকটি এক ছড়া কলা খাইয়া ফেলিল। 10. আমার চাবির তাড়াটি হারাইয়া গিয়াছে। 11. লাঙ্গল চষিবার জন্য (for ploughing) এক জোড়া বলদের দরকার। 12. এক আঁটি ধান রাস্তায় পড়িয়াছিল। 13. যুবকটি লাঠির গোছাটি ভাঙ্গিয়া ফেলিল। 14. এইমাত্র এক পশলা বৃষ্টি হইয়া গেল। 15. রাস্তার দুইধারে দুই সারি আম গাছ আছে। 16. মহিলার দলটি দেশের জন্য ঘরে ঘরে ভিক্ষা করিতেছে। 17. সৈন্যের দলটি শত্রুর উপর ঝাঁপাইয়া পড়িল (attacked)। 18. একদল গায়ক রাস্তায় রাস্তায় গান গাহিয়া বেড়াইতেছে। 19. একপাল হরিণ নদীর ধারে চরিতেছিল। 20. আমার একজোড়া নূতন জুতা দরকার।

2. Translate into Bengali :—

1. The stack of wood caught fire. 2. There was no tuft of grass in the courtyard. 3. A storm blew away the cluster of bamboos. 4. A pack of wolves ran into the woods. 5. A swarm of flies was flying about the flowers. 6. A gang of dacoits plundered the house. 7. The old man has a lock of grey hair. 8. A herd of cows was lowing in the field. 9. A pack of hounds killed two wolves. 10. There was a big crowd of men in the meeting.

CHAPTER XXXII

The Cries of Animals

কাক ডাকে—The crow *caws*.

মোরগ ডাকে—The cock *crows*.

পেঁচা ডাকে—The owl *hoots*.

শৃগাল ডাকে—The jackal *howls*.

গাধা ডাকে—The ass *brays*.

ছাগল ডাকে—The goat *bleats*.

গরু হাম্বা হাম্বা করে—The cow *lows*.

ষাঁড় গাঁ গাঁ করে – The bull *bellows*.

ঘোড়া চিঁ হিঁ করে—The horse *neighs*.

সিংহ গর্জন করে—The lion *roars.*

বাঘ গর্জন করে—The tiger *roars.*

কুকুর ঘেউ ঘেউ করে—The dog *barks.*

বিড়াল মিউ মিউ করে—The cat *mews.*

ইঁদুর কিচমিচ করে—The mouse *squeaks.*

শূকর ঘোঁৎ ঘোঁৎ করে—The boar *grunts.*

বানর কিচমিচ করে—The monkey *chatters.*

সাপ ফোঁস ফোঁস করে—The snake *hisses.*

মৌমাছি গুন্ গুন্ করে—The bee *hums.*

ব্যাঙ মক্ মক্ করে—The frog *croaks.*

হাতী ডাকে—The elephant *trumpets.*

ময়ূর ডাকে—The peacock *screams.*

Exercise

1. Translate into English :—

1. আমগাছে একটি বানর কিচ্ মিচ্ করিতেছে। 2. সন্ধ্যাবেলায় শিয়াল ডাকে। 3. বনে বাঘ গর্জন করে। 4. ফুলগাছটির চারি-পাশে (round) মৌমাছিগুলি গুন্ গুন্ করিতেছে। 5. গর্তের ভিতরে সাপটি ফোঁস ফোঁস করিতেছে। 6. প্রভাতে কাক ডাকে। 7. একটি মোরগ কোঁকর কোঁ করিতেছে। 8. গোয়াল ঘরে (cowshed) গরুটি হাম্বা হাম্বা করিতেছে। 9. বর্ষাকালে ব্যাঙ ডাকে। 10. ধোপার গাধাটি ডাকিয়া উঠিল। 11. রাত্রে বাঘ গর্জন করিয়া থাকে। 12. আমার ঘরে একটি বিড়াল মিউ মিউ করিতেছে। 13. মেঘ দেখিলে (at the sight of clouds) ময়ূর ডাকিয়া থাকে

14. অন্ধকারে ইঁদুর কিচ্‌মিচ্‌ করিতেছে। 15. মাঠে দুইটি ষাঁড় গাঁ গাঁ করিতেছে। 16. সন্ধ্যাবেলায় পেঁচা ডাকে। 17. আস্তাবলে (in the stable) একটি ঘোড়া চিঁ হিঁ করিয়া উঠিল। 18. চোর দেখিয়া কুকুরটি ঘেউ ঘেউ করিয়া উঠিল। 19. পাগলা হাতীটি ডাকিয়া উঠিল। 20. আফ্রিকার জঙ্গলে সিংহের গর্জন (the lion's roar) শোনা যায় (is heard)।

CHAPTER XXXIII

Imperative Sentences

জাতীয় পতাকাকে অভিবাদন কর—Salute the national flag.

গুরুজনকে ভক্তি করিও—Respect your superiors.

সত্য কথা বলিও—Speak the truth.

আমার প্রতি সদয় হউন—Be kind to me.

Note :—যে Sentence-এ আদেশ, উপদেশ, অনুজ্ঞা বা অনুরোধ বুঝায় এবং কর্ত্তৃপদ You উহ্য থাকে তাহাকে Imperative Sentence বলে।

Exercise

1. Translate into English :—

1. অপরাধ (fault) স্বীকার কর (confess)। 2. একটু (a bit) অপেক্ষা করুন। 3. চুপ কর (be quiet)। 4. চলিয়া যাও

(Be off)। 5. ধৈর্য্য (patience) ধর (Have)। 6. অনুগ্রহ করিয়া (please) বসুন। 7. আমাকে দয়া করুন (Have mercy upon me)। 8. পড়া তৈয়ারী কর (Prepare)। 9. অঙ্কটি (sum) কষ (work out)। 10. আমার দিকে তাকাও। 11. আমি যাহা বলি তাহা শুন। 12. আমায় একটি টাকা ধার দিন। 13. দরজা বন্ধ কর। 14. জুতা খুলিয়া রাখ (Take off)। 15. রাত্রিতে রুটি খাইও। 16. আমাকে এক কাপ চা দাও। 17. দরিদ্রকে সাহায্য কর। 18. শিক্ষক মহাশয় যাহা বলেন তাহাতে মনোযোগ (Attend) দাও। 19. প্রদীপটা জ্বাল (Light)। 20. প্রদীপটি নিভাইয়া দাও (Put out)। 21. বাতিটা ফুঁ দিয়া নিভাইয়া দাও (Blow out)।

2. Translate into Bengali :—

1. Please take off your coat. 2. Listen to the teacher. 3. Stop talking. 4. Look at the picture. 5. Drive the bull away. 6. Pull out the weeds. 7. Shun the evil company. 8. Forgive my fault. 9. Look before you leap. 10. Shake the phial.

CHAPTER XXXIV

Affirmative and Negative Sentences

(হাঁ-বোধক এবং না-বোধক বাক্য)

I

সুবোধ সত্যকথা বলে—Subodh speaks the truth. (*Affirmative*)

সুবোধ সত্যকথা বলে না—Subodh *does not* speak the truth. (*Negative*)

অধীর সময় নষ্ট করে—Adhir *wastes* his time. (*Affirmative*)

অধীর সময় নষ্ট করে না—Adhir *does not* waste his time. (*Negative*)

তাহারা আমার কথা শুনিতে পায়—They *hear* me. (*Affirmative*)

তাহারা আমার কথা শুনিতে পায় না—They *do not hear* me. (*Negative*)

তোমরা চা খাও—You *drink* tea. (*Affirmative*)

তোমরা চা খাও না—You *do not* drink tea. (*Negative*)

কুকুরটি মাংস খাইল—The dog *ate* meat. (*Affirmative*)

কুকুরটি মাংস খাইল না—The dog *did not* eat meat.
(*Negative*)

মীরা হিন্দী শিখিয়াছিল—Mira *learnt* Hindi.
(*Affirmative*)

মীরা হিন্দী শিখিল না—Mira *did not* learn Hindi.
(*Negative*)

Note : সাধারণতঃ মূল Verb-এর সহিত do not যোগ করিয়া Negative Sentence-এর অনুবাদ করিতে হয়। অতীত কাল প্রকাশ করিতে হইলে did not যোগ করিতে হয়।

II

ফুলটি লাল—The flower is red. (*Affirmative*)

ফুলটি লাল নহে—The flower is *not* red.
(*Negative*)

লোকটি দোষী—The man is guilty. (*Affirmative*)

লোকটি দোষী নহে—The man is *not* guilty.
(*Negative*)

চাকরটি বিশ্বাসী ছিল—The servant was trustworthy. (*Affirmative*)

চাকরটি বিশ্বাসী ছিল না—The servant was *not* trustworthy. (*Negative*)

আকাশ পরিষ্কার ছিল—The sky was clear.
(*Affirmative*)

আকাশ পরিষ্কার ছিল না—The sky was *not* clear. (*Negative*)

আমি বলবান—I am strong. (*Affirmative*)

আমি বলবান নহি—I am *not* strong. (*Negative*)

Note : Am, is, are, were ইত্যাদি 'be' Verb-এর বিভিন্ন আকারের পরে not বসাইয়া Negative Sentence করিতে হয়।

III

লোকটির কোন জ্ঞান নাই—The man has *no* sense. (*Negative*)

শিশুটির ভয় নাই—The child has *no* fear. (*Negative*)

কোন মহিলা সভায় যায় নাই—*No* lady went to the meeting. (*Negative*)

গতরাত্রে আমার ভাল ঘুম হয় নাই—I had *no* sound sleep last night. (*Negative*)

Note : কখন কখন Noun এর পূর্ব্বে no বসাইয়া Negative Sentence করিতে হয়।

IV

তুমি কঠোর পরিশ্রম করিয়াছ—You have worked hard. (*Affirmative*)

তুমি কঠোর পরিশ্রম কর নাই—You have *not* worked hard. (*Negative*)

আমি পাখীটির গান শুনিয়াছি—I have heard the bird's song. (*Affirmative*)

আমি পাখীটির গান শুনি নাই—I have *not* heard the bird's song. (*Negative*)

আমি সিনেমায় যাইব—I shall go to the cinema. (*Affirmative*)

আমি সিনেমায় যাইব না—I shall *not* go to the cinema. (*Negative*)

সুশীল আজ বিদ্যালয়ে যাইবে—Susil will go to school today.(*Affirmative*)

সুশীল আজ বিদ্যালয়ে যাইবে না—Susil will *not* go to school today. (*Negative*)

Note : Auxiliary Verb এবং Principal Verb-এর মাঝে not বসাইয়া Negative Sentence করিতে হয়।

V

আকাশে মেঘ ছিল না—The sky was *cloudless*.

মাতা সন্তানের দোষ দেখিতে পায় না—A mother is *blind* to her son's faults.

ছেলেটির বুদ্ধি নাই—The boy is a *fool*.

কলমটি পাওয়া যাচ্ছে না—The pen is *missing*.

বালকটির দোষ ছিল না—The boy was *innocent*.

তোমার সাহস নাই—You are a *coward*.

Note : কখন কখন Negative-এর চিহ্ন Not কিংবা No না দিয়াও বাংলার Negative Sentence ইংরেজীতে অনুবাদ করা যায়।

Exercise

1. Translate into English :—

1. সে তোমাকে ঘৃণা করে। 2. সে আমাকে ঘৃণা করে না। 3. শ্যামল মাছ খায়। 4. সুধীর মাছ খায় না। 5. আমার হাতে (in my pocket) টাকা নাই। 6. সে পরীক্ষায় পাশ করিতে পারিল না। 7. সমীর পারিতোষিক পাইল না। 8. মহিলারা ধূমপান করে না। 9. আমি চা খাই না। 10. ছেলেগুলি ভাল ইংরেজী বলিতে পারে না। 11. রোগী চলিয়া ফিরিয়া বেড়াইতে পারে না। 12. সে তোমাকে টাকা ধার দিবে না। 13. ছেলেরা গোলমাল করে নাই। 14. সুরেশ সুস্থ নহে। 15. তোমার সেখানে যাওয়া উচিত নহে। 16. মায়ের অবাধ্য হইও না। 17. বর্তমানে তাহার কোন চাকুরী (service) নাই। 18. কেহই ইহা বলে নাই। 19. আগুন লইয়া খেলা করিও না। 20. আমি ভূতের ভয় করি না। 21. আমরা দিনের বেলায় (by day) ঘুমাই না।

2. Translate into Bengali :—

1. The blind man cannot see. 2. Do not be afraid of ghosts. 3. The patient is so weak that he cannot go out. 4. The horse does not sleep long. 5. I will not appear in the examination. 6. Reba did not draw the picture. 7. You have not prepared your lesson. 8. Unfortunately the pilgrims missed the train. 9. Truly he is not to blame. 10. He was not sorry for his conduct.

CHAPTER XXXV

Interrogative Sentences

I

গাছটি কি সবুজ ?—*Is* the tree green ?

গাছগুলি কি সবুজ ?—*Are* the trees green ?

গাছটি কি সবুজ ছিল ?—*Was* the tree green ?

গাছগুলি কি সবুজ ছিল ?—*Were* the trees green ?

তুমি কি বলবান ?—*Are* you strong ?

সে কি বলবান ?—*Is* he strong ?

আমি কি বোকা ?—*Am I* a fool ?

Note : Interrogative sentence-এ (প্রশ্নবোধক বাক্যে) Verb 'be' প্রধান Verb হইলে এবং উহার পূর্ব্বে কোন Auxiliary Verb না থাকিলে Verb-টি Subject (কর্তা) এর আগে বসে। Interrogative Sentence-এর শেষে Note of Interrogation (?) অর্থাৎ প্রশ্নবোধক চিহ্ন বসাইতে হয়।

II

তুমি কি হাতী দেখিয়াছ ?—*Have* you seen an elephant ?

সে কি সিনেমায় গিয়াছে—*Has* he gone to the cinema ?

তাহারা কি বিদ্যালয়ে গিয়াছে ?—*Have* they gone to school ?

Note : Present Perfect Tense-এর মূল Verb-এর সহিত Has কিংবা Have যুক্ত হয়। Interrogative Sentence-এ Has কিংবা Have কর্তার পূর্বে বসে এবং মূল Verb-টি কর্তার পরে বসে।

III

সে কি প্রত্যহ সকালে চা খায় ?—*Does* he drink tea every morning ?

সে কি মিথ্যা বলিয়াছিল ?—*Did* he tell a lie ?

তুমি কি শিক্ষক মহাশয়কে মান্য করিয়া থাক ?—*Do* you obey the teacher ?

ছেলেগুলি কি মিষ্টসামগ্রী খাইয়াছিল ?—*Did* the children eat sweets ?

Note : Interrogative Sentence-এ কখন কখন মূল Verb এর Present Tense-এর সহিত Do এবং মূল Verb-এর Past Tense-এর সহিত Did যুক্ত হয় এবং Do এবং Did Subject-এর পূর্বে বসে এবং মূল Verb-টি Subject-এর পরে বসে।

Exercise

1. **Translate into English :—**

1. তুমি কি প্রত্যহ খবরের কাগজ (newspaper) পড় ? 2. শিশুটি কি দুধ খাইয়াছিল ? 3. বাঁদরে কি কলা খায় ? 4. মাছ কি ঘুমায় ? 5. তুমি কি গুরুজনকে (superiors) মান্য কর ? 6. ময়ূরটি কি উড়িয়া গিয়াছে ? 7. তুমি কি এ বৎসর পরীক্ষা দিবে ? 8. কুকুরটি কি মরিয়া গিয়াছে ? 9. লোকটি কি বসন্তে মারা গিয়াছে ?

10. রামের বাবা কি প্রত্যহ গঙ্গাস্নান করেন? 11. চন্দ্রের কি নিজস্ব আলো (light of its own) আছে? 12. হায়দ্রাবাদের নিজাম কি একজন মহাধনী ব্যক্তি? 13. সুধীর কি সিনেমা দেখিতে গিয়াছে? 14. তুমি কি আঙ্গুর খাইয়াছ? 15. মেয়েগুলি কি কমলালেবু ভালবাসে? 16. তাহারা কি মিথ্যা বলিয়াছিল? 17. রাম কি চতুর (clever)? 18. সাপ কি গান ভালবাসে? 19. এই গ্রামবাসীরা কি গরীব? 20. পেঁচা কি দিনের বেলায় দেখিতে পায়?

2. **Translate into Bengali :—**

1. Am I responsible for this ? 2. Is it possible for me to do this ? 3. Is he senior to me in age ? 4. Have you insulted the man ? 5. Was the teacher angry with Ramen ? 6. Did his father die an untimely death ? 7. Did Valmiki compose the Ramayana ? 8. Did the monkeys plunder the mango tree ? 9. Do you waste time in this way ? 10. Have they saluted the national flag respectfully ?

———

CHAPTER XXXVI

Interrogative Sentences (Continued)

তোমার বয়স কত - *How* old are you ?

তোমার বাড়ী কোথায় ?— *Where* do you live ?

তুমি কখন বাড়ী যাবে ?— *When* will you go home?

তুমি এখানে কেন এসেছ ?— *Why* have you come here ?

তুমি কি চাও ?— *What* do you want ?

ব্যাপার কি ?— *What* is the matter ?

Note : How, where, when, why, what, এই শব্দগুলি Interrogative Sentence-এর প্রথমে বসিয়া থাকে।

ওখানে কে যায় ?— *Who* goes there ?

ওখানে কাহারা যায় ?— *Who* go there ?

তুমি কাহাকে দেখিতেছ ?— *Whom* do you see ?

তুমি কাহাদিগকে দেখিতেছ ?— *Whom* do you see ?

এই বাড়ীটি কাহার ?— *Whose* house is this ?

এই বাড়ীটি কাহাদের ?— *Whose* house is this ?

Note : Interrogative Sentence-এ who, whom এবং whose প্রথমে বসিয়া থাকে এবং Singular ও Plural দুই অর্থেই ব্যবহৃত হইয়া থাকে।

ভদ্রলোকটি কে (অর্থাৎ উহার নাম, পদবী কি) ?— *Who* is the gentleman ?

ভদ্রলোকটি কে (অর্থাৎ উনি কি কাজ করেন) ?—*What* is the gentleman ?

এই গ্রামের কোন্ লোকটি শ্রেষ্ঠ ধনী ?—*Which* is the richest man in the village ?

Note : Who দ্বারা পরিচয় ও what দ্বারা পেশা (occupation) বুঝান হয়। Which অনেকগুলি নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর মধ্যে একটিকে বুঝায়।

Exercise

1. Translate into English :—

1. কলিকাতা কোথায় ? 2. তুমি কখন খেলিবে ? 3. তুমি এত খুসী কেন ? 4. তুমি কেমন আছ (How do you do or How are you) ? 5. তাহার বয়স কত ? 6. এই শ্রেণীর কোন্ বালকটি সবচেয়ে ভাল ? 7. তুমি কখন্ স্কুলে যাবে ? 8. তোমার হাতে কি আছে ? 9. এই ঘরের ভিতর কে আছে ? 10. এই ঘরের ভিতর কাহারা আছে ? 11. সরজিতের বাড়ী কোথায় ? 12. তুমি বিদ্যালয়ে অনুপস্থিত ছিলে কেন ? 13. বিমল দুঃখিত কেন ? 14. সে কি করে পাশ করল ? 15. কে ঐ লোকটিকে সাহায্য করিবে ? 16. তুমি কোন্ ফল ভালবাস? 17. কলিতাতায় পৌছাইতে কতক্ষণ লাগিবে ? 18. এই পেনগুলির মধ্যে কোন্‌টি তোমার ? 19. তুমি সেখানে গিয়াছিলে কেন ? 20. তুমি কোথায় যাচ্ছ ?

II. **Put** 'who', 'whom,' 'which', 'how,' 'when', 'whose', 'why', or 'what' **in the blank spaces :—**

1. --is Saratchandra ? 2. —do you do ? 3. —of these books is yours ? 4. —old is he ? 5. —is he ?

6. —is he? 7. —have you got in your pocket? 8. —can I do for you? 9. —has saved my friend? 10. —of these flowers do you like? 11. —have you met on the road? 12. —do you go to school?

CHAPTER XXXVII

Prepositions

বাক্সটি টেবিলের উপরে—The box is *on* the table.

বাক্সটি টেবিলের নীচে—The box is *under* the table.

বাক্সটি ঘরের ভিতরে—The box is *in* the room.

বাক্সটি দরজার পাশে—The box is *beside* the door.

বাক্সটি দেওয়ালের নিকটে—The box is *near* the wall.

Note :—On, under, in, beside, near এই শব্দগুলি box এই Nounটির সহিত table, room, door ও wall এই Noun গুলির সম্বন্ধ স্থাপন করিতেছে। ইহাদিগকে Preposition বলে।

আমার সঙ্গে এস—Come *with* me.

আমার কাছে এস—Come *to* me.

মঙ্গলবারে এস—Come *on* Tuesday.

আমি টাকার জন্য এসেছি—I have come *for* money.

আমি কলিকাতা হইতে আসিয়াছি—I have come *from* Calcutta.

সে আমার দিকে তাকাইল—He looked *at* me.

আমি তাহার চারিদিকে তাকাইলাম—I looked *about* him.

আমার মাথার উপর দিয়া একখানি উড়োজাহাজ উড়িয়া গেল—An aeroplane flew *over* my head.

আমার মাথার উপরে আকাশ—The sky is *above* my head.

আমি আকাশের নীচে—I am *beneath* the sky.

মেঘগুলির পিছনে চাঁদ—The moon is *behind* the clouds.

নৌকাখানি জলের নীচে ডুবিয়া গেল—The boat sank *below* the water.

C এর পূর্বে B—B comes *before C*.

সন্ধ্যার পরে আমার সঙ্গে দেখা করিও—See me *after* evening.

সে দশবছরের বালক—He is a boy *of* ten.

এই পথ দিয়া যাও—Go *by* this way.

Note :—With, to, on, for, from, at, about, over, above, beneath, behind, below, before, after, of, by—এই শব্দগুলি Preposition রূপে ব্যবহৃত হইয়াছে।

Exercise

I. Translate into English :—

1. আমার পাশে (by) বস। 2. গাছের নীচে (under) একটি গরু আছে। 3. ঘরের ভিতর একটি কুকুর আছে। 4. টেবিলের উপরে দোয়াতটি রাখ। 5. বিড়ালটি মীরার পাশে (beside)। 6. বালকটি আমার সঙ্গে আসিয়াছে। 7. সে সোমবারে আসিয়াছিল। 8. অমল কলমটির জন্য আসিয়াছে। 9. শিশুটি চাঁদের দিকে তাকাইল। 10. সে তাহার চারিপাশে তাকাইল। 11. একটি কাক তোমার মাথার উপর দিয়া উড়িয়া গেল। 12. ছাতটি (roof) আমাদের মাথার উপরে। 13. আমরা ছাতের নীচে। 14. বইখানি ডেস্কের ভিতরে। 15. চিঠিখানি বাবার কাছ থেকে এসেছে। 16. মাছ জলে বাস করে। 17. বিড়ালটি দরজার পাশে। 18. সেতুর (bridge) নীচে দিয়া নদীটি বহিয়া যাইতেছে (is flowing)। 19. গাছ হইতে আমটি পড়িল। 20. বেঞ্চের উপরে বস।

II. Translate into Bengali :—

1. We live in a village. 2. An apple fell from the tree. 3. He beat the boy with a stick. 4. I seized the boy by the neck. 5. Susil is not at home. 6. The cow is standing under a banyan tree. 7. Please buy a pen for me. 8. Father will come back on Monday next. 9. There is a stone within the mango. 10 The thief buried the box under the ground. 11. The hat was on the head. 12. We cannot live without air. 13. The school closed at 10 O'clock. 14. He walked by me. 15. I seized the thief by the neck.

III. Behind, at, after, above, on, to, in, round, after, near, with, of—এই Preposition-গুলি বুঝিয়া নিম্নের শূন্যস্থানে বসাও :—

1, The cat hid—the door, 2. Look—the map. 3. The day—tomorrow will be Monday. 4. An aeroplane can fly—the clouds. 5. The inkpot is—the table. 6. They will go—Kashmir. 7. He is - the crowd. 8. There is a fence —the garden. 9. See me—sunset. 10. There is a tree—our house. 11. A servant has come—the gentleman. 12. A boy—ten cannot do it.

CHAPTER XXXVIII

Conjunctions

আমাকে একটি কলম এবং একটি পেন্সিল দাও—Give me a pen *and* a pencil.

বিদ্যাসাগর দয়ালু এবং জ্ঞানী ছিলেন—Vidyasagar was kind *and* wise.

কুলিটি দরিদ্র কিন্তু সুখী—The coolie is poor *but* happy.

সে অলস কিন্তু বুদ্ধিমান—He is lazy *but* intelligent.

আজ বুধবার কিংবা বৃহস্পতিবার—It is Wednesday *or* Thursday.

কোকিল ধূসর কিংবা কৃষ্ণ বর্ণের হয়—Cuckoos are grey *or* black.

Note :—And, or, but এই শব্দগুলি দুইটি wordকে যুক্ত করিতেছে, এইজন্য ইহাদিগকে Conjunction বলে।

Exercise

1. Translate into English :—

1. অমল এবং বিমল ভাল ছেলে। 2. অঞ্জলী কালা এবং বোবা। 3. রমেশ ধনী কিন্তু কৃপণ (miserly)। 4. ভিক্ষুককে কিছু চাউল এবং পয়সা দাও। 5. হরি কিংবা তাহার ভাই চোরটিকে ধরিয়াছিল। 6. যদু এবং গোপাল প্রত্যহ খেলিতে আসে। 7. সুধীর কিংবা তাহার ভাই ইহার জন্য দোষী (is to blame)। 8. তুমি কাঁটা কিংবা চামচ (fork or spoon) ব্যবহার করিতে জান না। 9. পরীক্ষার সময় বালকেরা দিবারাত্র পড়িয়া থাকে। 10. চীন এবং ভারতবর্ষ চাষবাসের দেশ (agricultural countries)।

2. Put '*and*', '*or*' and '*but*' in the blank spaces :—

1. Please come — see. 2. Mira sang merrily — sweetly. 3. Amal — Kamal are absent. 4. It is not winter — spring. 5. The results of our examination will be out in a day — two. 6. The man is rich — not proud. 7. He did not take rice — water. 8. Kalidas — Rabindranath are great poets of India.

CHAPTER XXXIX

Interjection

I

বলিহারি !—Hurrah !

বাহবা !—Bravo !

চুপ !—Hush !

হো ! হো !—Ha ! Ha !

দেখ দেখ !—Look ! Look !

শুন, শুন !—Hear ! Hear !

ছি ছি !—Fie ! Fie !

চমৎকার !—Capital ! Excellent !

হা, অদৃষ্ট !—Ah me ! Woe is me !

আশ্চর্য !—Strange !

আহা !—Oh ! Alas !

কত সুন্দর !—How beautiful !

II

সাবাস ! মোহনবাগান !—*Well done*, Mohanbagan !

উঃ, কি ভয়ানক দৃশ্য !—*Oh*, what a terrible sight !

হায় ! যদুর সর্ব্বনাশ হইল !—*Alas* ! Jadu is undone !

আরে সুধীর যে !—*Hallo*, Sudhir !

ওমা ! সে কি কথা ?—Dear me ! How is it ?

আ পোড়া কপাল !—Ah me !

কি আক্ষেপের বিষয় !—What a pity !

Note :—বিস্ময়, খেদ, আনন্দ অথবা মনের অন্যভাব বা আবেগ প্রকাশ করিবার জন্য যে শব্দগুলি ব্যবহৃত হইয়া থাকে, তাহাদিগকে Interjection বলে।

Exercise

1. Translate into English :—

1. বাহবা ইষ্টবেঙ্গল ! 2. চুপ ! কেহ যেন শোনে না। 3. আহা ! কি সুন্দর দৃশ্য ! 4. উঃ ! কি গরম ! 5. আরে, শান্তি যে ! কোথায় যাও ? 6. কি সুন্দর জ্যোৎস্না ! 7. তুমি কি বোকা ! 8. আ, আমার পোড়া কপাল ! তুমি একথা কোথায় শুনলে ? 9. হা অদৃষ্ট ! আমার বন্ধুর মৃত্যু হয়েছে। 10. কি সুন্দর আমাদের বাংলা দেশ !

CHAPTER XL

Passages Translated

(a) বর্ষাকাল। সারাদিন ঝম্ ঝম্ করে বৃষ্টি পড়ছে। সমস্ত রাস্তায় কাদা। অনেক জায়গা জলে ডুবে গেছে। পথ চলার ভারী কষ্ট।

It is the rainy season. It is raining hard all day long. The road is muddy all through. Many places are under water. It is very difficult to walk on the road.

(b) রাম আর শ্যাম দুই ভাই। রাম বড়, শ্যাম ছোট। রাম খুব রোগা আর দুর্বল। শ্যাম একটু বেঁটে ও মোটাসোটা।

Ram and Shyam are two brothers. Ram is the elder brother and Shyam is the younger. Ram is very thin and weak. Shyam is a little shorter and stouter.

(c) অনেকদিন আগেকার কথা। একদেশে এক রাজা রাজত্ব করিতেন। লোকজন, টাকাকড়ি কিছুরই তাঁর অভাব ছিল না। অনেক বিদ্বান লোকও ছিল রাজসভায়।

This story was in days gone by. A king reigned in a country. He was not in want of anything—men or money. In the court there were many learned men too.

(d) একবার গরমের ছুটিতে আমরা সুন্দরবনে বেড়াতে গিয়েছিলুম। আমাদের সঙ্গে গিয়েছিল অনেকে। শান্ত, আনন্দ, ইন্দুও গিয়েছিল। গরমের দিন। রোদের খুব উত্তাপ।

Once in a summer vacation we went out to travel the Sundarbans. Many people accompanied us. Santa, Ananda and Indu too went. It was a summer day. The sun was very hot.

(e) বাঘ—তুমি কে ভাই ?

কুকুর—আমি কুকুর।

বাঘ—কোথায় থাক তুমি ? কোথায় তোমার ঘর ?

কুকুর—ঐ যে দেখছ নদী, ওর বাঁকে একটা বাড়ী, সেই বাড়ীতে আমি থাকি।

Tiger—Who are you, brother ?

Dog—I am a dog.

Tiger—Where do you live ? Where is your house ?

Dog—You see a river over there. On its turn there is a house. I live in it.

(f) বিড়াল—ইঁদুর ভায়া, ইঁদুর ভায়া ! ঘরে আছ হে ?
ইঁদুর—রাতদুপুরে ডাকাডাকি করছ তুমি কে ?
বিড়াল—ভালোবাসার সাথী আমি তোমার আপন জন,
মনের টানে শুধু আমার হেথায় আগমন ।

Cat—Brother rat, brother rat, are you in ?

Rat—Who are you calling me at dead of night ?

Cat—I am your beloved playmate, your own friend. I have come here only for my mind's attraction towards you.

Exercise

Translate the following passages into English :—

(a) বর্ষাকাল। আকাশ মেঘে ঢাকা (overcast with clouds)। দিনের বেলা—তবু সূর্য উঠেনি। মেঘ সূর্যকে ঢেকে (cover) দিয়েছে।

(b) এক বাঘের অসুখ করেছে। বাঘ আর শিকার করতে যেতে পারে না (cannot go out for hunting)। তাই তার খাবার জোটে না (cannot get anything to eat)।

(c) এক গাঁয়ে ছিল এক তাঁতি। লেখাপড়া সে জানতনা মোটেই। বোকাও ছিল খুবই।

সেই গাঁয়ে ছিল তিনজন চোর। তারা তিন ভাই—বড় চোর, মেজ চোর, ছোট চোর (the eldest thief, the younger thief and the youngest thief)।

(d) শুনেছিলুম স্থন্দর বনে বড় বড় দুরন্ত (fierce) বাঘ আছে। ইচ্ছা হয়েছিল কয়েকটি বাঘ শিকার করে বাড়ী নিয়ে আসব। তাই আমরা বন্দুক নিয়ে গিয়েছিলুম। কিন্তু কোথাও বাঘের পাত্তা (trace) পাওয়া গেল না।

(e) রাম ছিলেন খুব পিতৃভক্ত (devoted to his father)। বাবার কথা রাখবার জন্যে (to maintain his father's promise) রাম বনে গেলেন। তাঁর সঙ্গে বনে গেলেন তাঁর স্ত্রী সীতা দেবী, আর ছোট ভাই লক্ষ্মণ।

(f) পঞ্চবটী বনে নিত্যই ফুল ফুটে (flowers bloom)। ফুলের গন্ধে চারিদিক ভরে থাকে। অন্ধকার রাত্রে জোনাকি (fire-fly) জ্বলে (shine) হাজার হাজার।

(g) একদিন বনে এল একটা স্থন্দর হরিণ। সীতাদেবী হরিণটা দেখে বড় মুগ্ধ হলেন। রামকে বলেন, হরিণটা ধরে দিতে।

(h) আমি পড়ি পাঠশালায়। দাদা পড়ে স্কুলে। দাদার স্কুল আমাদের পাঠশালার চেয়ে অনেক বড়। ছাত্রও অনেক। দাদা ইংরেজী, বাংলা, হিন্দী, ইতিহাস, ভূগোল পড়ে। আমি পড়ি শুধু ছবির বই, তার পাতায় পাতায় ছবি, গল্প আর কবিতা।

(i) মেদিনীপুরের বীরসিংহ গ্রাম থেকে একবার এক ব্রাহ্মণ কলিকাতায় আসিতেছিলেন হাঁটা পথে (was walking to Calcutta)। সঙ্গে ছিল তাঁর সাত বছরের ছেলে। ছেলেটি ভারি বুদ্ধিমান (intelligent)। রাস্তার ধারে যে দূরত্ব-বোধক পাথর (the milestone

on the roadside) থাকে, তার দিকে আঙ্গুল দেখিয়ে ((pointing to) সে জিজ্ঞাসা করলে, ওটা কি বাবা ?

(j) এক চাষীর সঙ্গে এক সন্ন্যাসীর দেখা। সন্ন্যাসী বল্‌লে— কি গো চাষী, মুখ অমন শুকনো (pale) কেন ?

চাষী বল্‌লে—বৃষ্টিতে মাঠ ভেসে গেল (flooded the fields), ধান গেল নষ্ট হয়ে। ঘরে খাবার নেই (no food to eat), পরনে কাপড় নেই (no cloth to put on)।

(k) বনে থাকে বাঘ। গাছে থাকে পাখী। জলে থাকে মাছ। ডালে আছে ফল। পাখী ফল খায়, পাখা মেলে উড়ে। বাঘ আছে আম বনে (mango grove)। তার গায়ে চাকা চাকা দাগ (round spots)। পাখী বনে গান গায়। মাছ জলে খেলা করে (sport)। ডালে ডালে কাক ডাকে।

(l) একটি হরিণ শিশু (fawn) মাঠে চরিতেছিল। সেই মাঠের ধার দিয়া একজন লোক ঘোড়ায় চড়িয়া (on horseback) যাইতেছিলেন। কাছে আসিয়া তিনি দেখিলেন, শাবকটিকে ধরা খুব সহজ। তিনি তখন ঘোড়া হইতে নামিয়া হরিণ-শিশুটিকে ধরিলেন।

(m) রজত রাজার ছেলে। বনে যায় শিকার করতে। হাতে ধনুক-বান। মাথায় সোনার মুকুট। এ-বন সে-বন করে (travelling from forest to forest) শেষে সে এসে পড়ল (at last came to) মধুমালঞ্চ বনে। অপরূপ (uncommonly beautiful) সেই বন। চারদিকে কত ফুলের ছড়াছড়ি (numbers of flowers)।

(n) আমরা বাংলা দেশে বাস করি। আমরা বাঙালী। আমাদের ভাষা বাংলা। বাংলা দেশের সব চেয়ে বড় কবি রবি ঠাকুর। আমাদের দেশে আরও অনেক বড় লোক জন্মগ্রহণ করিয়াছেন।

নেতাজী সুভাষ বাংলার ছেলে। তিনি বাংলা দেশের গৌরব (the pride of Bengal)।

(o) আমাদের গ্রামের নাম রতনপুর। গ্রামের পাশ দিয়া ছোট নদী বহিয়া গিয়াছে। গ্রীষ্মকালে নদীর জল শুকাইয়া যায়, তখন পায়ে হাঁটিয়া আমরা পার হই (ford)।

(p) গ্রামের একদিকে সবুজ মাঠ, ধানের ক্ষেত। মাঠের ধারে বড় বড় আম, জাম, কাঁঠাল, নারিকেল গাছ। মাঝে মাঝে বাঁশ বন (clumps of bamboos)। বড় সুন্দর। গাছে গাছে কত পাখী গান গাহিয়া বেড়ায়। বড় ভাল লাগে।

(q) আমাদের গ্রামে সপ্তাহে সোমবার ও শুক্রবার দুইদিন হাট বসে। হাটতলায় (market place) হাটবারে (market day) লোকের কত ভীড় (large crowds)। নদীর ঘাটে কত নৌকা (many boats) কত রকমের জিনিষ বোঝাই লইয়া আসে (filled with many kinds of articles)। গরুর গাড়ী করিয়া চাষীরা কত জিনিষ হাটে বেচিতে আনে।

(r) শিক্ষক—তোমার নাম কি?

ছাত্র—আমার নাম তারাপদ দত্ত।

শিক্ষক—তোমার বাবার নাম কি?

ছাত্র—৺হরচন্দ্র (Late Hara Chandra) দত্ত।

শিক্ষক—তোমার বয়স কত?

ছাত্র—আমার বয়স সাত বৎসর।

শিক্ষক—তোমার বাড়ী কোথায়?

ছাত্র—আমার বাড়ী গোবিন্দপুরে।

(s) রবিবারে আমি, দাদা আর লালু চিড়িয়াখানায় বেড়াতে গিয়েছিলাম। বাবা আমাদের সঙ্গে ছিলেন। ছবির বইয়ে আমরা

কত পশুপক্ষী দেখেছি। এবার তাদের চোখে দেখ্‌তে পেলাম। আমরা সবার আগে বন-মানুষ দেখ্‌তে গেলাম। বন মানুষ ভারী মজার পশু। ধরণ-ধারণ সবই (all its manners) যেন মানুষের মত (just like those of man)।

(t) মহারাজ দশরথ চলেছেন শিকারে। বনের পথ দিয়ে চলেছেন তো চলেছেন (followed a woodland path on and on)। হঠাৎ (all on a sudden) থম্‌কে দাঁড়ালেন (came to a stop)। একটা ঝোপের আড়ালে (behind a bush), কিসের যেন আওয়াজ (he heard a sound of something)। তিনি ভাবলেন বুনোহাতী (wild elephant) জল খেতে এসেছে, তাই অমন আওয়াজ। তিনি সেই দিকে তাকিয়ে তীর ছুঁড়লেন।

PART II

CHAPTER I

Simple and Complex Sentences

(I)

Simple Sentences

পৃথিবী গোল—The earth is round.

সূর্য দিনের বেলায় কিরণ দেয়—The sun shines by day.

বাঘটিকে গুলি কর—Shoot the tiger.

কে ইহা করিয়াছে—Who has done it ?

Note :—যে Sentence-এ একটি কর্তা (উল্লিখিত বা উহ্য) থাকে এবং তাহার একটি মাত্র Finite Verb থাকে, তাহাকে Simple Sentence বলে।

II

Complex Sentences

(With Noun Clauses)

সকলেই জানে যে রবীন্দ্রনাথ নোবেল প্রাইজ পাইয়াছিলেন—Everybody knows that *Rabindranath got the Nobel Prize.*

সুখ কাহাকে বলে তাহা গরীবেরা জানে না—The poor do not know *what happiness is.*

আমি জানিতাম যে তুমি পরীক্ষায় পাশ করিবে—I knew that *you would pass the examination.*

সুধীর বলিল যে তাহার হাতে টাকা নাই—Sudhir said that *he had no money with him.*

সুভাষ জীবিত কি মৃত তাহা কেহ বলিতে পারে না—Nobody can say *whether Subbas is dead or alive.*

তুমি যাহা বল তাহা আমি চিন্তা করিয়া দেখিব—I shall think over *what you say.*

Note : একটি Principal Clause এবং একটি বা একের অধিক Subordinate Clause একসঙ্গে মিশিয়া একটি Complex Sentence গঠিত হয়। Subordinate Clause যখন Noun-এর কাজ করে তখন উহাকে Noun Clause বলে। উপরের sentenceগুলিতে বাঁকা অক্ষরে লিখিত clauseগুলি হইল Noun Clause।

(III)

Complex Sentences

(With Adjective Clauses)

যে সত্যকথা বলে সকলেই তাহাকে ভালবাসে—Everybody loves him *who speaks the truth.*

আজ যে ফুল ফুটে কাল তাহা ঝরিয়া যায়—The flower that *smiles today* fades tomorrow.

কালিদাস কোন্ স্থানে জন্মগ্রহণ করিয়াছিলেন তাহা কেহ জানে না—Nobody knows the place *where Kalidas was born.*

আপনি আমাকে যে টাকা দিয়াছিলেন তাহা খরচ হইয়া গিয়াছে—The money *you gave me* has been all spent.

Note :—Subordinate Clauseটি Adjectiveএর মত কাজ করিলে উহাকে Adjective Clause বলে। উপরের sentence-গুলিতে বাঁকা অক্ষরে লিখিত clauseগুলি হইল Adjective Clause.

(IV)

Complex Sentences

(With Adverb Clauses)

তিনি যাহা বলিয়াছিলেন তাহাই ঘটিল—It happened *as he had predicted.*

রমেশ অসুস্থ বলিয়া বিদ্যালয়ে আসিতে পারিল না—Ramesh could not come to school *because he was ill.*

চাকরকে বিশ্বাস করিবার পূর্বে তাহাকে পরীক্ষা করিবে—Try a servant *before you trust him.*

রামধনু দেখিলে আমার হৃদয় আনন্দে নাচিয়া উঠে—My heart leaps up with joy *when I behold a rainbow.*

Note : Subordinate Clauseটি Adverbএর মত কাজ করিলে উহাকে Adverb Clause বলে। উপরের Sentenceগুলিতে বাঁকা অক্ষরে লিখিত clauseগুলি হইল Adverb Clause.

Exercise

1. Translate into English using Noun Clauses :—

1. সকলেই জানে যে পৃথিবী সূর্যের চারিদিকে ঘুরে। 2. তুমি যাহা বলিতেছ তাহা আমি বিশ্বাস করি না। 3. রাম যাহা বলে তাহা যুক্তিসঙ্গত (reasonable)। 4. বাবা কখন বাড়ী ফিরিবেন তাহা আমি জানি না। 5. তোমরা নিশ্চয়ই জান ঈশ্বর মঙ্গলময়। 6. আমি জানি লোকটি নিরপরাধ। 7. সে কেন পরীক্ষায় ফেল করিল তাহা আমি জানি না। 8. তিনি বলিলেন যে তিনি শীঘ্রই তাহার দেনা শোধ করিবেন। 9. খেলায় যে আমরা জিতিব (That we shall win the game) তাহা নিশ্চিত (is certain). 10. পরোপকার কাহাকে বলে (what it is to do good to others) সে তাহা জানে না। 11. তোমার বাবা কখন আসিবেন বলিতে পার কি ? 12. ডাক্তার বলিলেন যে জ্বরের জন্য তৃষ্ণা হয় (fever causes thirst)। 13. অশোক সম্বন্ধে তুমি যাহা জান তাহা লেখ। 14. তুমি যে নির্দ্দোষ তাহা তোমাকে প্রমাণ করিতে হইবে। 15. তিনি যাহা বলিয়াছিলেন তাহাই হইল। 16. মা বলিলেন যে আমার স্বাস্থ্যের উন্নতি হইতেছে (my health was improving)। 17. তুমি যদি প্রস্তুত থাক তবে আমরা এখনই যাত্রা করিব। 18. আমার বিশ্বাস ছিল রাম শ্যাম অপেক্ষা চতুর। 19. প্রধান শিক্ষক মহাশয় বলিলেন চিত্তরঞ্জন একজন দেশপ্রেমিক ছিলেন। 20. সুশীল যে কৃতকার্য হইবে তাহাতে সন্দেহ নাই।

2. Translate into Bengali :—

1. I object to what you say. 2. There is no doubt that he is the root of all this mischief. 3. Can you swear that he did not steal the money ? 4. I have dismissed him for the simple reason that he is a thief. 5. I shall be glad to know if you can help me with your fountain pen. 6. You have not the courage to say that you made the mistake. 7. That you are honest has not been proved. 8. Haridas said that he was a student. 9. Do you know who the man is ? 10. Always remember that God pervades the whole universe. 11. There is a strong rumour that Netaji Subbas is alive

Exercise

1. Translate into English using Adjective Clauses :—

1. যে পরিশ্রমী (He who is industrious) সে জীবনে উন্নতি করে (prospers in life)। 2. তুমি যে কলাগুলি কিনিয়াছ ঐগুলি পচা। 3. যে পরীক্ষায় প্রথম হইবে সে প্রথম পুরস্কারটি পাইবে। 4. কি কারণে চুম্বক লৌহকে আকর্ষণ করে (The reason why a magnet attracts iron) তাহা আমার জানা নাই। 5. এই স্থানে সেদিন (the other) একখানি ট্রেন লাইনচ্যুত হইয়াছিল (was derailed)। 6. তুমি যে ডাক্তারের কথা বলিতেছ তিনি আমার বন্ধু। 7. যে ছেলেটি এই প্রবন্ধ লিখিয়াছে তাহাকে আমি চিনি। 8. যে ছেলেটি আমার কাছে আসিয়াছিল সে বাস্তহারা (a refugee)। 9. তুমি যে মাছ কিনিয়াছ উহা টাট্‌কা (fresh)। 10. যে ছেলেটি বই চুরি করিয়াছিল সে ধরা পড়িয়াছে। 11 যে কুকুরটিকে তুমি

তাড়াইয়া দিয়াছিলে সেটি পথে মরিয়া আছে। 12. এই বালকটি কি দেরীতে আসিয়াছিল ? 13. যে বাড়ীতে আমরা বাস করি উহা নদীর তীরে। 14. তুমি যাহা চাও তাহা সবই পাইয়াছ। 15. আমি যে কলমটি কিনিতে চাহি তাহা বাবাকে দেখাইয়াছি। 16. যে দোয়াতটি টেবিলের উপরে আছে উহা নিয়া এস। 17. আমার যে বইখানি হারাইয়া গিয়াছিল তাহা আমি পাইয়াছি। 18. যে ছেলেটির নাম সুশীল, সে কোথায় ? 19. চক্‌চক্ করিলেই (All that glitters) সোনা হয় না। 20. আমি যে ঘড়িটি কিনিয়াছি উহা দামী (costly)।

4 **Translate into Bengali :—**

1 God helps those who help themselves. 2. Tell me the time when the train will start. 3. This is the story that my mother told me. 4. Who gave you the book that you are reading ? 5. It is you who helped me in distress. 6. It is my aunt who brought me up. 7. This is the man whom I saw yesterday. 8. The tree you see in front of the house bore no fruit this year. 9. Give me only such apples as are ripe. 10. This is the house where I was born.

1. **Translate into English using Adverb Clauses :—**

1. সূর্য উদয়ের পূর্ব্বে তিনি যাত্রা করিলেন। 2. সুরেশ যেখানেই যাউক না কেন কুকুরটি তাহার অনুসরণ করিবে। 3. বিদ্যাসাগর দয়ালু বলিয়া সকলেই তাঁহাকে প্রশংসা করিত। 4. শ্যামবাবু যদিও ধনী তথাপি সুখী নন। 5. আমি যেখানেই যাই না কেন বাড়ীর কথা মনে থাকে। 6. আমি ফিরিয়া না আসা পর্যন্ত এখানে অপেক্ষা করিবে। 7. তোমার পড়া শেষ হইলে বাড়ী যাইতে পার। 8. রাম যদি এ

কথা বলিয়া থাকে তবে সে মিথ্যা বলিয়াছে। 9. সুধীর অসুস্থ বলিয়া আসিতে পারে নাই। 10. দরিদ্র বলিয়া কোন লোককে তুচ্ছ করিও (neglect) না। 11. ট্রেন ধরিতে না পারে এই ভয়ে (lest he should miss the train) মধু দ্রুত দৌড়াইয়া ছিল। 12. পড়িয়া যাইবার ভয়ে অন্ধটি লাঠি নিয়া চলে। 13. ঠিক সময়ে আমার পত্র না পাইলে মা ব্যস্ত হইয়া উঠেন (becomes anxious)। 14. এখন যেখানে অট্টালিকা রহিয়াছে সেখানে অরণ্য ছিল। 15. রাত্রি হইবার পূর্ব্বে পাখীরা বাসায় ফেরে। 16. পথিক এত ক্লান্ত হইয়াছিল যে সে আর হাঁটিতে পারিল না। 17. পাছে তিনি কিছু মনে করেন (take amiss) এজন্য আমি কোন কথা বলি নাই। 18. সুশীল বাড়ী পৌঁছিবামাত্র (as soon as) ঝড় আরম্ভ হইয়াছিল। 19. আমি আসিবার আগেই সতীশ রওনা হইয়াছিল। 20. আমি যাহা আশঙ্কা করিয়াছিলাম (apprehended) তাহাই হইল।

6. Translate into Bengali :—

1. Where there is a will there is a way. 2. Nobody believes him though he speaks the truth. 3. The lamb followed Mary wherever she went. 4. The patient is so weak that he cannot get about. 5. They reached the aerodrome before the aeroplane had flown away. 6. My shadow follows me wherever I go. 7. Speak up so that I may hear you. 8. The man went home after the work had been finished. 9. As soon as the clock struck one, the gun was fired. 10. The name of Netaji Subhas will be remembered as long as the Bengalees will survive.

CHAPTER II

Compound Sentences

আকাশে মেঘ রহিয়াছে এবং অল্প অল্প বৃষ্টি হইতেছে—There are clouds in the sky *and* it is drizzling.

সে দরজার নিকটে যাইয়া দরজাটিতে ধাক্কা দিল—He went up to the door *and* knocked it.

বইখানি পড়িলেই সব জানিতে পারিবে—Read the book *and* you will learn all.

এখানে থাম অথবা ধীরে চলিয়া যাও—Stop here *or* gently pass.

জোরে হাঁট নতুবা ট্রেণখানি পাইবে না—Walk fast *or* you will miss the train.

আমরা ট্রেণখানি ধরিতে পারিলাম না, কেননা আমাদের যাইতে দেরী হইয়াছিল—We missed the train *for* we were late.

খেলার মাঠ ভিজা ছিল বলিয়া আমরা খেলিতে পারি নাই—We could not play *for* the playground was wet.

অনেকেই অর্থ উপার্জ্জন করে, কিন্তু অল্প লোকেই সুখী হইয়া থাকে—Many acquire wealth *but* few are happy.

ভগবান পাপীকে শাস্তি দেন কিন্তু তাহাকে ভালও বাসেন—God punishes the sinner *but* loves him too.

সে দিল্লী গিয়াছিল কিন্তু আগ্রায় যায় নাই—He went to Delhi *but* he did not go to Agra.

Note :—যে sentence-এর ভিতর একাধিক Independent (স্ব স্ব প্রধান) Clause থাকে তাহাকে Compound Sentence বলে। And, or, but, for প্রভৃতি Conjunction দ্বারা ঐ Independent Clause দুইটি যুক্ত থাকে।

Exercise

1. Translate into English :—

1. বসন্তকালে ফুল ফোটে এবং পক্ষিগণ কুঞ্জে কুঞ্জে (in bowers) গান করে। 2. শীঘ্র শীঘ্র চা খাইয়া লও নতুবা আমরা ঠিক সময়ে (in time) রওনা (start) হইতে পারিব না। 3. ছেলেটি বই চুরি করিয়াছিল এবং সেজন্য হেডমাষ্টার মহাশয় তাহাকে শাস্তি দিয়াছেন। 4. সুশীল ভালভাবে পড়িয়াছিল এবং সে জন্য সে পরীক্ষায় পাশ করিয়াছে। 5. রামচন্দ্র রাজা হইয়াছিলেন বটে কিন্তু তিনি সুখী হন নাই। 6. ভাল করিয়া পড়া তৈয়ার কর, নতুবা শিক্ষক মহাশয় তোমাকে শাস্তি দিবেন। 7. হাজি মহম্মদ মহসীন ধনী ছিলেন বটে কিন্তু গর্বিত ছিলেন না। 8. রসময় বাড়ী যাইয়া খাইতে বসিল। 9. চাকরটি টেবিলের উপর চা দিয়া চলিয়া গেল। 10. সুরেশ যথেষ্ট চেষ্টা করিয়াছিল কিন্তু কৃতকার্য হইতে পারিল না। 11. আমরা শীঘ্র ফিরিয়া আসিয়া চা খাইব। 12. আমার জ্বর হইয়াছিল এবং সে জন্য বিদ্যালয়ে যাই নাই। 13. তুমি আসিবে, না আমি যাইব? 14. শীঘ্র চল, নতুবা বৃষ্টিতে ভিজিতে হইবে। 15. লোকটি বৃদ্ধ বটে কিন্তু জ্ঞানী নন। 15. রাম আমাকে ছাতাটি দিল কিন্তু লাঠিটা দিল না। 17. ভিখারীটিকে

ভাত দাও, কেননা সে আজ কিছুই খাইতে পায় নাই। 18. তুমি সিনেমায় যাবে, না খেলা দেখতে যাবে? 19. আজ সকালে আমি তোমাদের বাড়ীতে গিয়াছিলাম কিন্তু তুমি বাড়ীতে ছিলে না। 20. আমি সৎ হইব, নতুবা আমার মা বাবা দুঃখিত হইবেন।

2. Translate into Bengali :—

1. We went to Kashmir during the summer vacation and thoroughly enjoyed the scenery. 2. We are all present, and so let us start. 3. Ramesh is very intelligent but often idles away his time. 4. Knock at the door and it will open. 5. The maid-servant swept the door and went away. 6. Physical exercise is good for health, but meat is also necessary. 7. Let the guests come and we shall sit down to dinner. 8. You have given me your word and now you cannot retract it. 9. The Damodar overflows the banks and causes great damages. 10. God made the country and man made the town. 11. Nowadays students are proficient in Mathematics but deficient in English.

———

CHAPTER III

Correlatives

As...as

গোলাপফুলটি রক্তের মত লাল—The rose is *as* red *as* blood.

আমটি মিষ্ট যেন মধু—The mango is *as* sweet *as* honey.

As...so

যেমন শস্য বপন করিবে তেমনি শস্য ছেদন করিবে (অর্থাৎ যেমন কর্ম তেমনি ফল)—*As* you sow, *so* will you reap.

So...as

ব্যাঘ্র হস্তীর মত বলবান নহে—The tiger is not *so* strong *as* the elephant.

আপেল আমের মত মিষ্ট নহে—An apple is not *so* sweet *as* a mango.

Such...as

আমার যে পুস্তকগুলি দরকার তাহাই দাও—Give me *such* books *as* I require.

তাহাকে যতটা বোকা মনে কর সে ততটা নয়—He is not *such* a fool *as* you take him to be.

The same...as

গতকাল আমি যে কলমটি পছন্দ করিয়াছিলাম তাহা এই—This is *the same* pen *as* I liked yesterday.

তুমি আমাকে যে ছবিখানি দেখাইয়াছিলে তাহা ইহা নহে—This is not *the same* picture *as* you showed me.

So...that

সে এত অলস যে সে কিছুই রোজগার করিতে পারেনা—He is *so* lazy *that* he cannot earn anything.

[অন্য অনুবাদ—He is *too* lazy to earn anything.]

রোগী এত দুর্বল যে কথা বলিতে পারেনা—The patient is *so* weak *that* he cannot speak.

[অন্য অনুবাদ :—The patient is *too* weak to speak.]

Either...or

হয় পড় না হয় খেলা কর—*Either* read *or* play.

পাকা আম হয় লাল না হয় পীতবর্ণ—Ripe mangoes are *either* red *or* yellow.

হয় আমাকে কাপড়খানি দাও না হয় টাকা ফেরত দাও—*Either* give me the piece of cloth *or* refund the money.

Neither...nor

রূপ যৌবন কিছুই চিরস্থায়ী নহে—*Neither* beauty *nor* youth lasts for ever.

চাষীটি লিখিতেও জানেনা পড়িতেও পারেনা—The peasant can *neither* write *nor* read.

সে কালাও নহে বোবাও নহে—He is *neither* deaf *nor* dumb.

Whether...or

সে মরুক আর বাঁচুক কিছুই যায় আসেনা—It does not matter *whether* he lives *or* dies.

সে যাইবে কিনা তাহা সে বলিলনা—He did not say *whether* he would go *or* not.

Both...and

তাহার লোকও আছে টাকাও আছে—He has *both* men *and* money.

বালিকারা গান করিতেছে, নৃত্যও করিতেছে—The girls are *both* singing *and* dancing.

Other...than

রমেশ এই কলমটি ছাড়া অন্য কোন কলম লইবে না—Ramesh will take no *other* pen *than* this.

তাহার এই জামাটি ছাড়া আরও জামা আছে—He has *other* coats *than* this.

Rather...than

আমি বরং মরিব, তথাপি ভিক্ষা করিব না—I would *rather* die *than* beg.

No less...than

কাক শৃগাল অপেক্ষা কম চতুর নহে—The crow is *no less* clever *than* the jackal.

রাম শ্যাম অপেক্ষা কম পরিশ্রমী নহে—Ram is *no less* diligent *than* Shyam.

No sooner...than

আমরা বিদ্যালয়ে পৌঁছাইতে না পৌঁছাইতে বৃষ্টি আসিল—*No sooner* had we reached the school *than* rain set in.

ঘণ্টা বাজিতে না বাজিতে বিদ্যালয় হইতে ছেলেরা বাহিরে আসিল—*No sooner* did the bell ring *than* the boys came out of the school.

Scarcely...before (or *when*)

সূর্য্য উদিত হইতে না হইতেই কুয়াসা অদৃশ্য হইল—Scarcely had the sun appeared *before* (or *when*) the fog dispersed.

আমরা ষ্টেশনে পৌঁছিতে না পৌঁছিতে ট্রেনটি ছাড়িয়া দিল—*Scarcely* had we reached the station *before* (or, *when*) the train started.

Exercise

1. Translate into English :—

1. তুমি পড় আর নাই পড়, তা'তে আমার কি ? 2. অধীর সুধীর অপেক্ষা কম বুদ্ধিমান নহে। 3. কুকুরটি ঘেউ ঘেউ করিবামাত্র চোরটি পলায়ন করিল। 4. বরফ দুধের মত সাদা। 5. সে এত বোকা যে সে কিছুই বুঝিতে পারেনা। 6. বিদ্যাসাগর যেমন পণ্ডিত তেমনি দয়ালু ছিলেন। 7. অঞ্জলি এবং শ্যামলী উভয়েই বিদ্যালয়ে অনুপস্থিত। 8. প্রশান্ত বাড়ীতে আছে কিনা জানিনা। 9. বরং হাঁটিয়া যাইব তবুও গরুর গাড়ীতে যাইবনা। 10. শচীন বাংলা ছাড়া আরও ভাষা জানে। 11. তিনি ধনী হউন আর না হউন আমি তাঁহাকে গ্রাহ্য করিনা। 12. দিল্লী কলিকাতার মত এত সমৃদ্ধিশালী নগরী নহে। 13. গাছটিতে ফল ফুল কিছুই নাই। 14. তুমি লোকটিকে চেন কিনা তাহা আমাকে বল। 15. সে ইংরেজীও জানেনা বাংলাও জানেনা। 16. আশুতোষ যেমন পণ্ডিত তেমনি মহৎ ছিলেন। 17. ঐ ছেলেটি কিংবা তাহার সঙ্গীরা ইহা করিয়াছে। 18. শিবাজী যেমন বুদ্ধিমান তেমনি বলবান্ ছিলেন। 19. পৃথিবী কমলালেবুর মত গোল। 20. প্রশ্নটি এত শক্ত ছিল যে কোন ছাত্র তাহার উত্তর করিতে পারিল না।

2. Translate into Bengali :—

1. Mr. Chatterjee had other houses than this. 2. You may go either to Benaras or to Hardwar for a change of air, 3. You have both health and energy. 4. His weakness is such that he cannot get about. 5. This medicine is as effective in fever as quinine.

6. Both work and rest are necessary for health. 7. Our Headmaster neither takes tea nor smokes cigarettes. 8. He was neither a dramatist nor a novelist. 9. The fame of Kalidas is no less than that of Shakespeare. 10. The baby is as beautiful as a flower.

CHAPTER IV

Subjunctive Mood

I

বৃষ্টি **হইলে** তোমার বিদ্যালয়ে যাইবার প্রয়োজন নাই—You need not go to school *if* it *rains*.

পারিলে, সন্ধ্যার সময়ে আসিতাম—I would come at dark *if* I *could*.

তাহার জননী বলিলেন, 'আমি মরি তাহাতে ক্ষতি নাই'—His mother said, "I should not mind *if* I *die*."

আমি ইচ্ছা করি আমি রবীন্দ্রনাথের মত কবি হই—I wish I *were* a poet like Rabindranath.

বৃষ্টি না **হইলে** ধান হইবে না—*If* there *be* no rain, paddy will not grow.

যদি কয়েদী সত্য কথা **বলে** বিচারক তাহাকে ক্ষমা করিবেন—

If the prisoner *speak* the truth the judge will forgive him.

বিপ্লব স্থায়ী হউক—Long *live* the revolution.

ঈশ্বর তোমাকে বাঁচাইয়া রাখুন—*May* God save you !

আমি যদি সেখানে **থাকিতাম**—I wish I *were* there !

Note : ইচ্ছা, উদ্দেশ্য, সর্ত প্রভৃতি বুঝাইতে Verbএর Subjunctive Mood হয়।

II

ধনী **হইলে** তিনি তোমাকে সাহায্য করিতেন—*Had* he been rich he would have helped you.

বাড়ীতে **থাকিলে** আমি চাকরটিকে মারিতাম—*Were* I at home I would beat the servant.

Note : Subjunctive Mood-এ কখন কখন Verb-টি Subject-এর পূর্ব্বে বসিয়া থাকে। তখন if শব্দ বসাইতে হয় না।

Exercise

1. Translate into English :—

1. মিথ্যা কথা বলিলে শাস্তি পাইবে। 2. এখানে খাও ত ভালই (well and good)। 3. যদি অসুস্থ বোধ কর তবে আজ বিদ্যালয়ে যাইও না। 4. আমাদের রাষ্ট্রপতি (President) দীর্ঘজীবী হউন। 5. যদি তাহারা প্রস্তুত থাকে তাহারা যাউক। 6. আকাশ পরিষ্কার থাকিলে আমি বেড়াইতে যাইব। 7. যদি তুমি ভাল করিয়া পড়িতে তবে পরীক্ষায় পাশ করিতে পারিতে। 8. যদি সে বলবান হইত তবে সে শত্রুকে মারিয়া ফেলিত। 9. তুমি চিরদিন সুখে শান্তিতে থাক।

10. যদি সে আমার কাছে আসে আমি তাহাকে সাহায্য করিব। 11. তোমার কাজটি শক্ত হইলেও ভয় করিও না। 12. যদি সে আমাকে দেখিত তবে আমাকে চিনিত। 13. যদি তোমার দেরী হয় তবে আমি তোমার জন্য অপেক্ষা করিব না। 14. যদিও সে বুদ্ধিমান সে কৃতকার্য (successful) হইবে না। 15. যদি আমার অভাব হয় আমি তোমার সাহায্য লইব। 16. সেখানে গেলে তুমি ভাল করিতে (you would do well)। 17. যদি ছেলেটি সৎ হইত আমি তাহাকে বিদ্যালয়ে ভর্তি করিয়া লইতাম (would have admitted him to the school)। 18. যদিও সে বয়সে বালক (young in age) তথাপি সে বৃদ্ধের মত জ্ঞানী (wise)। 19. বোকা না হইলে সে একথা বলিত না। 20. সে যদি অনুতপ্ত হয় (repent) আমি তাহাকে ক্ষমা করিব। 21. তুমি মর আর বাঁচ তাহাতে আমার কিছু যায় আসে না।

II. Translate into Bengali :—

1. If he should try, he would succeed. 2. Come what may, I shall not be frightened. 3. If the servant be efficient, I shall forgive him. 4. I shall go to Calcutta if there be no rain. 5. May Netaji live long! 6. If there be failure of paddy, it will go hard with ordinary people. 7. If Salil were clever he would gain the first prize. 8. We shall go out for a walk if the weather be fine. 9. If I love him he will love me.

———

CHAPTER V

Defective Verbs

Should, Ought

নাগরিকদের কর্ত্তব্য তোমাদের জানা উচিত—You *should* know the duties of a citizen.

Or

You *ought to* know the duties of a citizen.

ঠিক সময়ে তোমাদের বিদ্যালয়ে যাওয়া উচিত--You *should* go to school in time.

Or

You *ought* to go to school in time.

ছাত্রদের ধূমপান করা উচিত নহে—Students *should* not smoke.

Or

Students *ought* not *to* smoke.

তোমার রুটী খাওয়া উচিত—You *should* (or *ought to*) *take* bread

তোমার রুটী খাওয়া উচিত ছিল—You *should* (or *ought to*) *have taken* bread. অর্থাৎ খাও নাই, কিন্তু এখন আর খাইবার সময় নাই)।

গ্রীষ্মের বন্ধে তোমার বায়ু পরিবর্তন করা উচিত—You *should* (or *ought to*) *go* for a change of air during the summer vacation.

গ্রীষ্মের বন্ধে তোমার বায়ু পরিবর্তন করা উচিত ছিল—You *should* (or *ought to*) *have gone* for a change of air during the summer vacation. (অর্থাৎ যাও নাই, কিন্তু এখন আর যাইবার সময় নাই)।

Note : কর্তব্য এবং উচিত অর্থে should অথবা ought ব্যবহৃত হইয়া থাকে। Ought-এর পরে to বসে কিন্তু should-এর পরে to বসে না।

Must

তোমরা অবশ্যই তোমাদের দেশকে ভালবাসিবে—You *must* love your country.

আমি নিশ্চয়ই আমার কর্তব্য পালন করিব—I *must* do my duty.

তুমি নিশ্চয়ই রবীন্দ্রনাথকে দেখিয়া থাকিবে—You *must* have seen Rabindranath.

রাম নিশ্চয়ই সভাতে গিয়াছে—Ram *must have gone* to the meeting.

তাহারা নিশ্চয়ই এতক্ষণে বাড়ী পৌঁছিয়াছে—They *must have reached* home by this time.

Note : 'অবশ্য কর্তব্য' বা 'নিশ্চয়' অর্থে Must ব্যবহৃত হয়। Past Tense-এর অর্থে 'Must have' ব্যবহৃত হইয়া থাকে।

সে যাহা বলিতেছে তাহা সত্য হইলেও হইতে পারে—What he says *may* be true.

আজ বৃষ্টি হইলেও হইতে পারে—It *may rain today.*

রোগীটি যে কোন সময়ে মরিতে পারে—The patient *may* die at any time.

Note : সম্ভাবনা অর্থে May ব্যবহৃত হইয়া থাকে।

তুমি এখন ভিতরে আসিতে পার—*You may* come in now.

তুমি আজকার জন্য আমার কলমটি লইতে পার—*You may* take my pen for this day.

আমি কি এখন চলিয়া যাইতে পারি ?—*May* I go now ?

Note : অনুমতি বুঝাইলে May ব্যবহৃত হইয়া থাকে।

তুমি সুখী হও—*May* you be happy !

ঈশ্বর তোমার মঙ্গল করুন—*May* God bless you !

Note : বক্তার ইচ্ছা বুঝাইলে Sentence-এর প্রথমে May Verb-টির প্রয়োগ হইয়া থাকে।

আমি ভাবিলাম যে তুমি হয়ত পথ হারাইতে পার—I thought that you *might* lose your way.

ছেলেটি ইচ্ছা করিলে নদীতে সাঁতার দিতে পারিত—The boy *might have* swum in the river.

Note : Might শব্দটি May-এর Past Tense।

মাছ সাঁতার দিতে পারে—Fish *can* swim.

মাছ হাঁটিতে পারে না—Fish *cannot* walk.

তোমার টাকা আছে; গরীবদিগকে তুমি সাহায্য করিতে পার—You have money; you *can* help the poor.

Note :—Ability (ক্ষমতা) অর্থে can এই verbএর প্রয়োগ হইয়া থাকে। Cannot এক সঙ্গে লিখিতে হয়। ইহা পৃথক (can not) করিয়া লেখা চলে না।

তুমি সেখানে যাইতে পারিতে, কিন্তু তুমি যাও নাই—You *could* go there, but you did not.

আমি জানিতাম শেফালী গান করিতে পারে—I knew that Shefali *could* sing.

Note :—Could শব্দটি can-এর Past tense.

Exercise

I. Translate into English :—

1. দেশকে তোমার ভালবাসা উচিত। 2. তোমার সত্য কথা বলা উচিত। 3. তাহার মিথ্যা কথা বলা উচিত হয় নাই। 4. তোমার প্রতিবেশীর হিংসা করা (envy your neighbour) উচিত নহে। 5. মাতাপিতাকে মান্য করা আমাদের কর্তব্য। 6. দেশের আইন আমাদিগকে মানিতেই (abide by) হইবে। 7. শশীর অঙ্কটি কষা উচিত ছিল। 8. বড়লোকদিগের গরীবদিগকে সাহায্য করা উচিত। 9. বড়লোকেরা গরীবদিগকে সাহায্য করিতে পারে। 10. তোমরা নিশ্চয়ই

সিনেমায় গিয়া থাকিবে। 11. রাম একাজ নিশ্চয়ই করিয়াছে। 12. গাড়ী এতক্ষণ ছাড়িয়া দিয়াছে। 13. আজ নিশ্চয়ই ঝড় হইবে। 14. লোকটি নিশ্চয়ই পাগল। 15. তোমার মন দিয়া পড়া উচিত। 16. তোমার মন দিয়া পড়া উচিত ছিল। 17. হাতী বাঘের সঙ্গে যুদ্ধ করিতে পারে। 18. আমি সন্ধ্যার পূর্বে এই কাজ শেষ করিবই। 19. যিনি এরূপ বলেন তিনি নিশ্চয়ই বিজ্ঞ। 20. অন্ধ দেখিতে পায় না এবং খঞ্জ চলিতে পারে না।

II. Translate into Bengali :—

1. There may be a hotel near the station. 2. May I come in, sir ? 3. You must abide by the law of the society. 4. The old lady can thread a needle. 5. You ought not to speak ill of others. 6. Our All-India Hockey team ought to win in the Olympic games. 7. What cannot be cured must be endured. 8. All men must die. 9. They might have seen the Taj-Mahal. 10. You should say your prayers regularly in the morning.

———

CHAPTER VI

Comparison of Adjectives

I

লৌহ প্রয়োজনীয়—Iron is useful. (*positive*)

লৌহ স্বর্ণ অপেক্ষা অধিক প্রয়োজনীয়—Iron is *more useful than* gold. (*comparative*)

সব ধাতুর মধ্যে লৌহ সবচেয়ে বেশী প্রয়োজমীয়—Iron is *the most useful of* all metals. (*Superlative*)

Note ঃ—দুইটি জিনিষ বা অন্য কিছুর মধ্যে তুলনা বুঝাইলে Comparative Degree ব্যবহৃত হয়। দুইয়ের অধিক জিনিষের মধ্যে তুলনা বুঝাইলে Superlative Degree ব্যবহৃত হয়।

Comparative Degree-এর পরে সাধারণতঃ than বসে। Superlative Degree-এর পূর্বে সাধারণতঃ the এবং পরে of ব্যবহৃত হইয়া থাকে।

II

ফুল দুইটির মধ্যে এইটি অধিক সুন্দর—This is *the* more beautiful of the two flowers.

এই দুইটি ছেলের মধ্যে সুধীর ভাল—Sudhir is *the* better of the two boys.

Note ঃ—দুইটির মধ্যে একটিকে বাছিয়া লইলে Adjectiveএর Comparative Degreeএর পূর্বে the বসে এবং পরে of বসে, than ব্যবহৃত হয় না।

III

হস্তী অন্যান্য বন্য জন্তু অপেক্ষা বৃহদাকার—The elephant is *larger than all other* wild beasts.

সীসক অন্যান্য ধাতু অপেক্ষা নরম—Lead is *softer than all other* metals.

Note :—কখন কখন কোন বস্তু বা প্রাণীকে সেই জাতীয় অপর সমস্ত বস্তু বা প্রাণীর সহিত তুলনা করিলে Comparative Adjective-এর পরবর্তী than এর পরে 'any other' বা 'all other' ব্যবহার করিতে হয়।

IV

আর দুটি ভাত খাও—Eat some *more* rice.

পূর্বাপেক্ষা আজ আমি ভাল আছি—I am *better* today.

Note :—কখন কখন than এবং তৎপরবর্তী শব্দগুলি উহ্য থাকে।

V

দেশী চাউল অপেক্ষা রেঙ্গুনের চাউল নিকৃষ্ট—The Rangoon rice is *inferior to* the country rice.

জ্ঞানে বুদ্ধদেব দেবদত্ত অপেক্ষা বড় ছিলেন—Buddhadev was *superior to* Devdatta in wisdom.

চাকুরীতে রমেশবাবু সুরেশবাবু অপেক্ষা পুরাতন—Ramesh Babu is *senior to* Suresh Babu in service.

তুমি বয়সে আমার ছোট—You are *junior to* me in age.

Note :—Inferior, superior, senior, junior প্রভৃতি Comparative Adjectiveএর পরে than না বসিয়া to বসিয়া থাকে।

Exercise

1. **Translate into English** :—

1. সকল প্রাণীর মধ্যে মানুষ শ্রেষ্ঠ। 2. এই গ্রামে সুরেশবাবু ধনবান ব্যক্তি। 3. ভারতের মধ্যে রবীন্দ্রনাথ শ্রেষ্ঠ কবি ছিলেন। 4. ব্যাঘ্র অন্যান্য বন্য জন্তু অপেক্ষা হিংস্র (ferocious). 5. বাজ (The hawk) অন্য সকল পক্ষী অপেক্ষা উচ্চে উড়িতে পারে। 6. অসীম ক্লাসে সব ছেলের চেয়ে বেশী মেধাবী। 7. পিপীলিকা অন্যান্য প্রাণী অপেক্ষা অধিক পরিশ্রমশীল। 8. এই গ্রামে শ্যামসুন্দর বাবু বিজ্ঞতম ব্যক্তি। 9. সে আরও একটু চা চাহিতেছে। 10. পতঙ্গের মধ্যে প্রজাপতি সর্বাপেক্ষা সুন্দর। 11. হিন্দু রাজাদের মধ্যে অশোক শ্রেষ্ঠ ছিলেন। 12. চাউল অপেক্ষা গম অধিক পুষ্টিকর (nutritious)। 13. জানোয়ারদের মধ্যে গাধা সর্বাপেক্ষা বুদ্ধিহীন। 14. এই বেঞ্চখানি ঐ বেঞ্চখানি অপেক্ষা এক ফুট (by a foot) বেশী লম্বা। 15. মৎস্যের মধ্যে তিমি মাছ সবচেয়ে বড়। 16. চাণক্য তাঁহার যুগের সর্বশ্রেষ্ঠ রাজনীতি বিশারদ (politician) ছিলেন। 17. বাবর সিংহের মত বলবান এবং সাহসী ছিলেন। 18. ফোর্ড পৃথিবীর মধ্যে একজন শ্রেষ্ঠ ধনী ছিলেন। 19. তুমি সকল বিষয়ে আমার চেয়ে বড়। 20. তাহার কথাগুলি মধুর মত মিষ্ট।

2. **Translate into Bengali** :—

1. His nephew is more diligent than his son. 2. Sachindranath was the most dangerous man in the village. 3. Meat is more nutritious than fish.

4. London is the largest town in the world. 5. The crow is the ugliest of all birds. 6. The fairest apple hangs on the highest bough. 7. Tea is the least expensive of all drinks. 8. I have worked out the sum with the greatest difficulty. 9. This is the least objectionable of all the pictures. 10. This is the oldest piece of furniture in the house.

CHAPTER VII

Sequence of Tenses

I

শিক্ষক মহাশয় আমাদিগকে বলিলেন যে আমাদের সময় নষ্ট করা উচিত নহে—The teacher *told* us that we *should* not waste our time.

সুশীল সঙ্কল্প করিল যে সে আর কখনও ধূমপান করিবে না—Susil resolved that he *would never* smoke.

চিকিৎসক রোগীকে জিজ্ঞাসা করিলেন যে সে ঔষধটি খাইয়াছিল কিনা—The doctor *asked* the patient if he *had taken* the medicine.

শিক্ষক মহাশয় আমাকে জিজ্ঞাসা করিলেন পলাশীর যুদ্ধ

করে হইয়াছিল—The teacher *asked* me when the battle of Plassey *was fouyht.*

Note :—Principal clauseএর Verbটি Past Tense হইলে Subordinate clauseএর Verbও Past Tense-এ হইবে।

II

তুমি পরীক্ষায় পাশ করিয়াছ শুনিয়া আমি খুশী হইয়াছি—I *am* glad to hear that you *passed* the examination.

সকলেই বলে সুভাষ বাংলাদেশের বীর সন্তান—Everybody *says* that Subhas *is* the heroic son of Bengal.

বদমাইস লোকটি তোমাকে বলিবে যে সে এ কাজ করে নাই—The rogue *will tell* you that he *has* not *done* this work.

Note :—Principal clauseএর verbটি Present Tense বা Future Tenseএ থাকিলে Subordinate Clauseএর verbএর যে কোন Tense হইতে পারে।

III

বৃদ্ধ :জানিত যে একতাই বল—The old man *knew* that union *is* strength.

দোকানদার জানিত যে সাধুতাই প্রকৃষ্ট পন্থা—The shopkeeper *knew* that honesty *is* the best policy.

শিক্ষক মহাশয় ছাত্রদিগকে বুঝাইলেন যে পৃথিবী সূর্য্যের

চারিদিকে ঘুরে—The teacher *explained* to the students that the earth *moves* round the sun.

Note :—Universal truth বুঝাইলে Subordinate Clause-এর verbটি সর্বদা Present Tenseএ থাকে।

Exercise

1. Translate into English :—

1. সূর্য উঠিবার আগে আকাশ মেঘাচ্ছন্ন ছিল (ovecast with clouds)। 2. আমি জানি তুমি ধনী হইবে। 3. তুমি প্রতিজ্ঞা করিয়াছিলে যে তুমি আর কখনও সিনেমায় যাইবে না। 4. আমি তাহাকে বলিতে ভুলিয়া গিয়াছি যে আমি তাহার সহিত আগামী সোমবারে দেখা করিব। 5. লোকে বলিত যে বিদ্যাসাগর মহাশয় গোপনে গরীবদিগকে সাহায্য করিতেন। 6. পৃথিবী যে গোলাকার তাহা ছেলেটি বুঝিতে পারিল না। 7. বাবা আমাকে বলিলেন যে তড়িৎ (electricity) দেখা যায় না। 8. আকাশে রামধনু দেখিলে Wordsworthএর হৃদয় আনন্দে নৃত্য করিত (beat up with joy)। 9 চাকরটি চোর বলিয়া সুরেশবাবু তাহাকে বিদায় দিলেন (dismissed)। 10. বৃদ্ধ বুঝিয়াছিলেন যে মানুষ মরণশীল (mortal)। 11. আমি তাহাকে কোথাও দেখিয়াছি বলিয়া মনে হয়। 12. আমি মনে করিতেছি এবার গরমের ছুটিতে কাশ্মীরে যাইব। 13. বাবা জানিতেন যে আমি ইংরেজীতে ফেল করিয়াছি। 14. সকলেই বলে যে লোকটি পাগল। 15. কালক্রমে (in course of time) মানুষ বুঝিল যে জল ব্যতীত কোন জীব বাঁচিতে পারে না। 16. তুমি কি জাননা যে দুই আর দুই-এ চার হয় ?

17. তোমরা সর্বদাই মনে রাখিও যে অলস ব্যক্তি জীবনে কখনও উন্নতি করিতে পারে না (can never shine in life)। 20. হরেন বাবু কখনও কল্পনা করিতে (imagine) পারেন নাই যে তাহার জ্যেষ্ঠ পুত্র আত্মহত্যা (commit suicide) করিবে।

2. **Translate into Bengali :—**

1. He said that none could defeat Alexander. 2. Ram said that he would do the work that day. 3. Suresh exclaimed with joy that their football team had won the match. 4. He applauded the boys saying that they had done well. 5. The man cried out in sorrow that he was deceived. 6. The people of the locality informed the police that they had caught a thief. 7. The teacher told us that where there is a will there is a way. 8. Did you not know that time is money? 9 Though the plate was made of steel, the careless servant broke it. 10. Though he is rich he will not help you.

———

CHAPTER VIII

Direct and Indirect Speech

রাম বলিল, 'আমি একটি অঙ্ক কষিতেছি'—Ram said, 'I am working out a sum' (*Direct*).

Or

Ram said that he was working out a sum—(*Indirect*)

সুধাংশু বলিল, 'মোহনবাগান নিশ্চয়ই জিতিবে'—Sudhansu said, 'Mohanbagan will surely win.' (*Direct*)

Or

Sudhansu said that Mohanbagan would surely win. (*Indirect*)

বাবা বলিলেন, 'ঈশ্বর সর্বশক্তিমান'—Father said, 'God is Almighty.' (*Direct*)

Or

Father said that God is Almighty. (*Indirect*)

Note :—যদি কাহারও কথা অবিকল উদ্ধৃত করা হয়, তবে তাহাকে Direct Speech বলে। অবিকল কথাগুলি না দিয়া, যদি বক্তার কথাগুলি প্রকারান্তরে বলা হয় তবে উহাকে Indirect Speech বলে।

Direct Speech-এ বক্তার কথাগুলি Inverted Commaএর

ভিতরে থাকে। Indirect Speech-এ Inverted comma থাকে না। বক্তার কথার পূর্ব্বে সাধারণতঃ that এই Conjunction টি বসে।

Direct Speechকে Indirect Speechএ পরিবর্তিত করিতে হইলে Sequence of Tenseএর নিয়মগুলির প্রতি বিশেষ লক্ষ্য রাখিবে।

বাংলায় Direct Speechটি ছোট sentence-এ থাকিলে উহাকে সুবিধা মত Direct form অথবা Indirect formএ অনুবাদ করা চলে।

Exercise

1. Translate the following sentences in both Direct and Indirect forms :—

1. বিমল বলিল, 'আমি আজ আর বিদ্যালয়ে যাইব না।' 2. সুধীর আমাকে বলিল, 'তুমি ভাল খেলিতে পার নাই।' 3. বাবা বলিলেন, 'আজ সম্ভবতঃ বৃষ্টি হইতে পারে।' 4. আমি লোকটিকে বলিলাম, 'আমি হয়ত তোমাকে পূর্বে দেখিয়াছি।' 5. সুরেশ বলিল, 'উড়োজাহাজখানি অদৃশ্য হইয়া গিয়াছে।' 6. রামধন বলিল, 'সভায় বেশী লোক আসে নাই।' 7. আমি বলি নাই, 'তুমি মিথ্যা কথা বলিয়াছ।' 8. শৈল বলিল, 'আমি ভাত না খাইয়া স্কুলে আসিয়াছি।' 9. সাধনা বলিল, 'আমি প্রত্যহ সকালে ঈশ্বরের নিকট প্রার্থনা করি।' 10. মা বলিলেন, 'জল জমিয়া বরফ হয় (water freezes into ice)'. 11. স্বাধীনতা দিবসে সকলেই প্রার্থনা করিল, 'ভারতের স্বাধীনতা চিরস্থায়ী হউক।' 12. বেলা চামেলীকে

বলিল, 'আমি জোরে দৌড়াইতে পারি।' 13. রসময় বলিল, 'আমার বন্ধু শীঘ্র আসিতে পারে।' 14. লোকটি বলিল, 'ট্রেনখানি এইমাত্র ছাড়িয়া গিয়াছে।' 15. জ্যোতিষ বলিল, 'আমি আগামী কাল সিনেমা দেখিতে যাইব।' 16. আমার ভগ্নী বলিল, 'আমি রবীন্দ্রনাথের একটি কবিতা পড়িতেছি।' 17. একজন খবরের কাগজ বিক্রেতা চীৎকার করিয়া বলিতেছিল, 'একজন দুর্বৃত্ত মহাত্মা গান্ধীকে হত্যা করিয়াছে।' 18. পরেশ বলিল, 'আমি aeroplaneএ বিলাত যাব।' 19. ভানু বলিল, 'আমি ভাল সাঁতার দিতে পারি।' 20. পথিক বলিল, 'আমার দিগ্‌ভ্রম (could not ascertain the right direction) হইয়াছে বলিয়া আমি ঠিক পথে চলিতে পারি নাই।'

2. **Translate into Bengali :—**

1. The teacher said to the boy, 'You are very lazy.' 2. Bidhu said, 'I am very busy now.' 3. My friend said to me, 'Please wait a little.' 4. He said to his servant, 'Open the door.' 5. The man cried out sorrowfully that he was undone. 6. The teacher asked the boy if he knew how many colours there are in the rainbow. 7. The king said, 'By God ! What a good news ! We have been victorious in the battle.' 8. On the day of independence the crowd cried out, 'We must save our flag at the cost of our lives.'

CHAPTER IX

Uses of some Prepositions

At, In

সুভাষ কলিকাতার বালিগঞ্জ অঞ্চলে বাস করিতেন—Subhash lived *at* Ballygunj *in* Calcutta.

বাবা হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়ায় ওকালতি করিতেন—My father practised as a pleader at Uluberia *in* Howrah.

Note :—অবস্থিতি বুঝাইতে ক্ষুদ্র স্থানের নামের পূর্বে at, এবং বৃহৎ স্থানের-পূর্বে in বসে।

In, Into

ব্যাঙটি কূয়ায় আছে—The frog is *in* the well.

ব্যাঙটি কূয়ায় লাফাইয়া পড়িল—The frog jumped *into* the well.

Note : In অভ্যন্তরে অবস্থিতি বুঝায়। Into বাহির হইতে অভ্যন্তরে গতি বুঝায়।

In, Within

একটি লোক একদিনে (অর্থাৎ একদিন শেষ হইবার সঙ্গে সঙ্গে) এই কাজ করিতে পারে—A man can do this work *in* a day.

এই গ্রামে কোন বিদ্যালয় আছে কি ?—Is there any school *in* (or *within*) this village ?

একটি লোক একদিনেই (অর্থাৎ একটি দিন শেষ হইবার পূর্বে) এই কাজ করিতে পারে—A man can do this work *within* a day.

Note : 'সময় শেষ হইবার পূর্বে' এই অর্থ বুঝাইতে 'within' ব্যবহৃত হয়, আর 'সময় শেষ হইবার পরে' এই অর্থে 'in' ব্যবহৃত হইয়া থাকে। স্থান বুঝাইতে in ও within এর ব্যবহারের কোন প্রভেদ নাই।

In, After

একমাস পরে আমাদের স্কুল খুলিল—Our school re-opened *after* a month.

এক মাস পরে আমাদের স্কুল খুলিবে—Our school will re-open *in* a month.

Note : In এবং after উভয়েই Period of time বুঝাইতে ব্যবহৃত হয়; in ভবিষ্যৎকাল সম্বন্ধে প্রযুক্ত হয়, কিন্তু after অতীত-কাল সম্বন্ধে প্রযুক্ত হয়।

Within, Before

এই সপ্তাহের মধ্যেই আমি দিল্লী চলিয়া যাইব—I shall go to Delhi *within* this week.

রবিবারের মধ্যেই আমি দিল্লী চলিয়া যাইব—I shall go to Delhi *before* Sunday.

Note : Period of time বুঝাইতে within এবং Point of time বুঝাইতে before ব্যবহৃত হয়।

Between, Among

আমগুলি দুইটি বালিকার মধ্যে ভাগ করিয়া দাও—Divide the mangoes *between* the two girls.

এই আমগুলি চারিটি বালিকার মধ্যে ভাগ করিয়া দাও—Divide the mangoes *among* the four girls.

Note : 'দুইটি বস্তু বা ব্যক্তির ভিতর' বুঝাইতে between ব্যবহৃত হয়। 'দুইএর অধিক সংখ্যার ভিতর' বুঝাইতে among ব্যবহৃত হয়।

By, With

পাখীটি একটি ব্যাধ কর্তৃক তীর দ্বারা বিদ্ধ হইয়াছিল—The bird was pierced *by* a fowler *with* an arrow.

ব্যাধ তীরের দ্বারা পাখীটিকে বিদ্ধ করিয়াছিল—A fowler pierced the bird *with* an arrow.

Note : By কর্তাকে নির্দেশ করে, কিন্তু with ক্রিয়া-সাধক যন্ত্রটিকে নির্দেশ করে।

Since, From, For

সকাল পাঁচটা হইতে বৃষ্টি হইতেছে—It has been raining *since* 5 o'clock in the morning.

গত শনিবার হইতে কাল পর্যন্ত বৃষ্টি হইয়াছিল—It rained *from* Saturday till yesterday.

আমি এক সপ্তাহ বিদ্যালয়ে যাই নাই—I have not attended school *for* a week.

Since, From, For

সকাল পাঁচটা হইতে বৃষ্টি হইতেছে—It has been raining *since* 5 o' clock in the morning.

কাল হইতে আমাদের বিদ্যালয় বন্ধ হইয়া গিয়াছে—Our school has been closed *since* yesterday.

শনিবার হইতে মঙ্গলবার পর্যন্ত বৃষ্টি হইয়াছিল—It rained *from* Saturday *to* Tuesday.

আমি সোমবার হইতে শুক্রবার পর্যন্ত বিদ্যালয়ে যাইব না—I shall not go to school *from* Monday *to* Friday.

দাদা দশটা হইতে চারিটা পর্যন্ত অফিস করেন—My elder brother attends office *from* ten *to* four.

আমি একমাস বিদ্যালয়ে যাইনাই—I have not attended school *for* a month.

সাতদিন ধরিয়া বৃষ্টি হইয়াছিল—It rained *for* a week.

আমি তাহাকে এক সপ্তাহ দেখি নাই—I have not seen him *for a* week.

Note : 'Since' point of time নির্দেশ করে এবং সাধারণতঃ Perfect Tenseএর Verb এর সহিত ব্যবহৃত হয়। 'From'ও point of time নির্দেশ করে এবং বর্তমান, অতীত বা ভবিষ্যৎকাল বুঝাইতে ব্যবহৃত হয়। 'For' সাধারণতঃ period of time বুঝাইতে ব্যবহৃত হয় এবং ইহা যে কোন Tenseএর সহিত ব্যবহৃত হইতে পারে।

Exercise

1. Translate into English :—

1. আমরা বাঙ্গলা দেশে বাস করি। 2. কলিকাতা বাংলা দেশে। 3. হরেন বর্দ্ধমানে থাকে। 4. আমি তিন দিনের মধ্যে বইখানি পড়িয়াছিলাম। 5. দুই ভাইয়ের মধ্যে ঝগড়া (quarrel) হইয়াছিল। 6. দুইটা এবং তিনটার মধ্যে আসিও। 7. এই চাউলগুলি ভিখারীদের মধ্যে ভাগ করিয়া দাও। 8. এত অল্প চাউলে এতগুলি ভিখারীর কি হইবে ? 9. শনিবারের মধ্যে কাজটি শেষ করিতে হইবে। 10. আমি এক সপ্তাহের ভিতর কাজটি শেষ করিব। 11. এক সপ্তাহ পরে আমি এই কাজটি করিয়াছিলাম। 12. বাবা কাশীতে একমাস থাকিবেন। 13. সুরেশ গত শুক্রবার হইতে সোমবার পর্যন্ত অসুস্থ ছিল। 14. আমি গত শনিবার হইতে জ্বরে ভুগিতেছি। 15. আমি গত কয়েক দিন অসুখে ভুগিতেছি। 16. একটি কুকুর ঘরের ভিতর ঢুকিল। 17. ছেলেটি বিছানায় ঘুমাইতেছে। 18. ছেলেটি একটি কূয়ায় পড়িয়া গিয়াছিল। 19. সন্ধ্যা ৬টায় আসিও। 20. হুগলী জেলায় শ্রীরামপুরে একটি বিদ্যালয়ে আমি পড়িয়া থাকি।

2. Translate into Bengali :—

1. The patient has eaten nothing since yesterday. 2. A river flows between its banks. 3. Let me have leave for a fortnight. 4. There is no love between Ramesh and Suresh. 5. There is no good feeling among these volunteers. 6. The soldier killed the tiger with a gun. 7. The tiger was killed by an

elephant with its trunk. 8. Rabindranath lived at Pathuriaghata Street in Calcutta. 9. Cut your pencil with a knife. 10. When I was in Calcutta you went to Barrackpore.

CHAPTER X

Uses of some Prepositions (Continued)

About

হেডমাষ্টার মহাশয় ছেলেটির সম্বন্ধে কিছুই জানিতেন না—The Headmaster knew nothing *about* the boy.

পথিকের সঙ্গে প্রচুর টাকাকড়ি ছিল—The traveller had ample money *about* him.

রাম পাঁচটা লাগাত আসিবে—Ram will come *about* 5 o'clock.

তুমি এখানে কি কর—What are you *about* here ?

Above

তিনি এত নীচ হইতে পারেন না—He is *above* such meanness.

আয়ের অধিক ব্যয় করা কাহারও পক্ষে উচিত নহে—None should live *above* his income.

পাখীরা পর্বতের উপরে উড়িয়া বেড়ায়—Birds fly *above* the mountain.

তোমার বয়স কি ষোল বছরের বেশী—Are you *above* sixteen years of age ?

ক্লাশে মাত্র একটি ছেলে আমার উপরে—Only one boy is *above* me in the class.

Across

আমাদের বাড়ী ঠিক রাস্তার ওপারে—Our house is just *across* the road.

রাস্তাটি মাঠের উপর দিয়া গিয়াছে—The road runs *across* the meadow.

পথে আমার বন্ধুর সহিত আমার দেখা হইয়াছিল—I came *across* my friend on the way.

আমরা নৌকায় নদী পার হইয়া থাকি—We go *across* the river by boat.

After

লোকটি গরুর পিছনে ছুটিতেছে—The man is running *after* the cow.

সে আমার মনের মত একটি বালক—He is a child *after* my heart.

ছেলেটি তাহার বাপের মত দেখিতে—The boy takes *after* his father.

আমার কাকা আমার সম্পত্তির তত্ত্বাবধান করেন—My uncle looks *after* my property.

আমার বন্ধু মাঝে মাঝে আমার খবর লইয়া থাকে—My friend enquires *after* me occasionally.

Against

বৃদ্ধ বয়সের জন্য কিছু সঞ্চয় করিও—Lay by something *against* your old age.

ভিখারী দেখিলে দরজা বন্ধ করিও না—Do not shut the door *against* the beggar.

আমাদের বাড়ীর বিপরীত দিকে একটি অশ্বত্থ গাছ আছে—There is a banyan tree *against* our house.

সুবিমল জুয়াখেলার ভয়ানক বিরোধী—Subimal is dead *against* gambling.

পাকিস্থান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে পারে—Pakistan may declare war *against* India.

দেওয়ালে ঠেস দিয়া বসিও না—Don't sit leaning *against* the wall.

আমি আমার বাবার ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ করিতে চাহি না—I do not want to do anything *against* my father's wishes.

At

শিশুটি চন্দ্রের দিকে তাকাইয়া আছে—The baby is looking *at* the moon.

বিড়ালটি ইঁদুরটির দিকে ছুটিল—The cat ran *at* the rat.

দ্বারী দ্বারে দাঁড়াইয়া আছে—The door-keeper is standing *at* the door.

আমি এখন কাজ করিতেছি—Now I am *at* work.

আমি এখন বিশ্রাম করিতেছি—Now I am *at* rest.

আমার এখন অবসর আছে—I am *at* leisure now.

আমি দূরে একটি গাছ দেখিতেছি—I see a tree *at* a distance.

পাঠের শেষে একটি কবিতা আছে—There is a poem *at* the end of the lesson.

বালকটি পাখীটিকে লক্ষ্য করিয়া একটি ঢিল ছুঁড়িয়াছিল—The boy threw a stone *at* the bird.

কুকুরটি আমার দিকে লাফাইয়া পড়িল—The dog jumped *at* me.

গত বৎসর চাউল দশ আনা সেরে বিক্রয় হইয়াছিল—Rice sold *at* 10 annas a seer last year.

তুমি কি করিতেছ—What are you *at* ?

আমি পড়াশুনা করিতেছি—I am *at* studies.

আমাদের বিদ্যালয় প্রত্যহ ৪টায় বন্ধ হয়—Our school closes *at* 4 P. M. every day.

Before

তুমি নির্দিষ্ট সময়ের পূর্বে আসিয়াছ—You have come *before* time.

রামের ছোট ভাই অকালে মারা গেল—Ram's younger brother died *before* time.

আমি বাড়ী যাইবার পূর্বে আমার কাজ নিশ্চয়ই শেষ করিব—I must finish my work *before* I go home.

আমি অধিকক্ষণ অপেক্ষা করিতে না করিতে সে আসিয়া পড়িল—I had not waited long *before* he came.

Below

ক্লাশে কমল বিমলের নীচে থাকে—Kamal is *below* Bimal in the class.

প্রশ্নের উত্তরগুলি ঠিক মত হয় নাই—The answers of the question are *below* the mark.

এই লাইনটির নীচে তোমার নাম লেখ—Write your name *below* the line.

আকাশের নিম্নে সূর্য ডুবিয়া যায়—The sun sinks *below* the horizon.

এরূপ কাজ করা তোমার মর্যাদার অযোগ্য—It is *below* your dignity to do such a thing.

Beneath

আমরা আকাশের নিম্নে বাস করি—We live *beneath* the sky.

তুমি আমার ঘৃণারও অযোগ্য—You are *beneath* my contempt.

ছাত্র হিসাবে সে তাহার ভাইয়ের অনেক নিম্নে—As a student he is far *beneath* his brother.

Beside

আমার পাশে বস—Sit *beside* me.

তাহার বাড়ী নদীর পাশে—His house is *beside* the river.

তোমার কাজের তুলনায় আমার কাজ খারাপ—My work is poor *beside* yours.

সে আনন্দে আত্মহারা হইল—He was *beside* himself with joy.

Besides

চাউল ছাড়া সে ভিখারীটিকে কাপড় এবং পয়সা দিয়াছিল—*Besides* rice he gave the beggar cloth and pice.

Beyond

সমুদ্র ঐ বড় পাহাড়ের ওপাশে—The sea is *beyond* that big hill.

ঐ সীমা অতিক্রম করিয়া যাইও না—Don't go *beyond* that line.

নদীতে স্নান করিবার সময়ে ডুব-জলে যাইও না—Do not go *beyond* your depth while you bathe in the river.

দশটার বেশী বাহিরে থাকিও না—Don't stay out *beyond* ten o'clock.

রোগীটি ডাক্তারের চিকিৎসার বাইরে—The patient is *beyond* the doctor's treatment.

ছেলেটি শাসনের বাইরে—The boy is *beyond* control.

স্বভাবের সৌন্দর্য তুলনার বাইরে—Nature's beauty is *beyond* compare.

সে তাহার আয় অপেক্ষা বেশী ব্যয় করে—He lives *beyond* his income.

তুমি যাহা বলিতেছ উহা যুক্তির বাহিরে—What you say is *beyond* reason.

By

আমার পাশে বস—Sit *by* me.

সূর্য দিনের বেলায় কিরণ দেয়—The sun shines *by* day.

চিঠিখানি ডাকে পাঠাইতে হইবে—The letter is to be sent *by* post.

সে এতক্ষণ ষ্টেশনে পৌঁছিয়াছে—He has reached the station *by* this time.

তোমার আসিতে এক ঘণ্টা দেরী হইয়াছে—You are late *by* an hour.

চাউল সের হিসাবে বিক্রয় হয়—Rice sells *by* seer.

তোমার ঘড়িতে সময় কত ?—What is the time *by* your watch ?

আজকাল এরোপ্লেনে লণ্ডনে যাওয়া যায়—Now-a-days one can go to London *by* aeroplane.

চাঁদের আলোয় ভ্রমণ খুব আনন্দদায়ক—It is very pleasant to travel *by* moonlight.

কালকের ভিতর এই কাজটি কি শেষ করিতে পারিবে ?—Can you finish the work *by* tomorrow ?

ছাত্রগুলি একে একে ক্লাস হইতে বাহিরে গেল—The students went out of the class one *by* one.

For

বয়সের তুলনায় হরিন'থ দে জ্ঞানী ছিলেন—Harinath Dey was wise *for* his age.

ইহা নিশ্চিত বলিয়া আমার জানা আছে—I know it *for* certain.

সকাল বেলায় আমি বেড়াইতে গিয়াছিলাম—I was out *for* a walk in the morning.

সকলেই তাহাকে পাগল বলিয়া মনে কার—Everybody takes him *for* a mad man.

তুমি নিতান্তই অকেজো—You are good *for* nothing.

চাহিবামাত্রই তুমি কলমটি পাইবে—You will get the pen *for* the asking.

তুমি কখন কলিকাতায় রওনা হইবে ?—When do you start *for* Calcutta ?

একজন ডাক্তার ডাকিতে পাঠাও—Send *for* a doctor.

টাকায় দশটি করিয়া আম পাওয়া যায়—Ten mangoes can be had *for* a rupee.

তুমি কি আরও টাকা চাও—Do you ask *for* more money ?

শারীরিক ব্যায়াম স্বাস্থ্যের পক্ষে ভাল—Physical exercise is good *for* health.

তাহারা আমাকে নেতা করিল—They chose me *for* the leader.

From

বিড়ালটি দেওয়াল হইতে লাফাইয়া পড়িল—The cat jumped down *from* the wall.

আমি এইস্থান হইতে যাত্রা করিব—I shall start *from* this place.

আমি তাহাকে বাল্যকাল হইতে জানি—I know him *from* his childhood.

আমি সোমবার হইতে শুক্রবার পর্যন্ত বিদ্যালয়ে যাইতে

পারি নাই—I could not go to school *from* Monday to Friday.

তিনি বাড়ী হইতে চলিয়া গিয়াছেন—He has gone away *from* home.

আমি কাল বিদ্যালয় হইতে অনুপস্থিত ছিলাম—I was absent *from* school yesterday

আমি কলিকাতা হইতে বহুদূরে বাস করি—I live far *from* Calcutta.

লোকটি ক্ষুধায় দুর্বল হইয়াছে—The man is weak *from* hunger.

আমি আজ কয়েকদিন জ্বরে ভুগিতেছি—I have been suffering *from* fever for the last few days.

In

আমি ইংরেজীতে কাঁচা—I am weak *in* English.

হরিণটির বাঁ চোখটি অন্ধ ছিল—The deer was blind *in* the left eye.

আমার হাতে একটি কলম আছে—I have a pen *in* my hand.

কলিকাতায় অনেক লোক বাস করে—Many people live *in* Calcutta.

কালি দিয়া লেখ—Write *in* ink.

আমি হিন্দীতে কথা বলিতে পারি—I can speak *in* Hindi.

আমি অসুবিধার মধ্যে আছি—I am *in* difficulties.

ভগবানের উপরে তাহার বিশ্বাস আছে—He has trust *in* God.

সে খেলিয়া সময় কাটায়—He spends his time *in* playing.

কালিতে তোমার কলমটি ডুবাও—Dip your pen *in* ink.

লণ্ডন ইংলণ্ডের ভিতরে—London is *in* England.

রৌদ্রে বাহির হইওনা—Do not go out *in* the sun.

রামের সাহস নাই—Ram is wanting *in* courage.

Into

এই ছত্রটি ইংরেজীতে অনুবাদ কর—Translate this line *into* English.

ছাগলটি কূয়ার মধ্যে লাফাইয়া পড়িল—The goat jumped *into* the well

জল জমিয়া বরফ হয়—Water freezes *into* ice.

সে অধিক রাত্রি পর্যন্ত কাজ করে—He works far *into* the night.

একটি চোর বাড়ীর ভিতরে ঢুকিয়া গেল—A thief entered *into* the house.

Of

রবিন আমার বন্ধুর পুত্র—Rabin is the son *of* my friend.

এই বাড়ীর দেওয়ালের উপর একটি বিড়াল বসিয়া আছে—A cat is sitting on the wall *of* the house.

এই বাড়ীর কর্তা কে ?—Who is the master *of* the house ?

আমি রবীন্দ্রনাথের গ্রন্থাবলী ক্রয় করিয়াছি—I have bought the works *of* Rabindranath.

রবীন্দ্রনাথ সম্ভ্রান্ত বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন—Rabindranath came *of* a respectable family.

ছেলেটি বসন্তে মারা গিয়াছে—The boy died *of* small pox.

আমাদের বাড়ী এখান হইতে দুই মাইলের ভিতর—Our house is within two miles *of* this place.

On

মেঝের উপর একখানি মাদুর আছে—There is a mat *on* the floor.

দেওয়ালের গায়ে একখানি মানচিত্র আছে—There is a map *on* the wall.

তাহার পায়ে জুতা ছিলনা—There were no shoes *on* his feet.

ভদ্রলোকটির হাতে একটি সোনার আংটি ছিল—There was a gold ring *on* the gentleman's finger.

আমরা কাগজে লিখি—We write *on* paper.

১লা জুলাই তারিখে আমাদের স্কুল খুলিবে—Our school reopens *on* 1st July.

শিশুরা দুধ খাইয়া জীবন ধারণ করে—Babies live *on* milk.

স্বামী বিবেকানন্দ হিন্দুধর্ম সম্বন্ধে একটি বক্তৃতা দিয়াছিলেন —Swami Vivekananda delivered a lecture *on* Hinduism.

To

আমি কলিকাতায় যাইব—I shall go *to* Calcutta.

বাজারে যাইবার এই পথ—This is the road *to* the market.

তাতে তোমার কি ?—What is that *to* you ?

রামায়ণ বইখানি মীরার—The Ramayana belongs *to* Mira.

এই রাস্তাটি উত্তর হইতে দক্ষিণ দিকে চলিয়া গিয়াছে—This road leads from north *to* south.

পোষ্ট অফিস হইতে ডানদিকে যেও—Turn *to* the right from the Post Office.

বইখানি আগা গোড়া পড়িবে—Read the book from beginning *to* end.

বাবা আমার সম্বন্ধে হেডমাষ্টার মহাশয়কে বলিয়াছিলেন—My father spoke *to* the Headmaster about me.

বইখানি আমাকে দাও—Give the book *to* me.

গতকাল আমি তাহাকে পত্র দিয়াছি—I wrote *to* him yesterday.

আমার মনে হয় সুশীল অত্যন্ত অলস—It seems *to* me that Susil is very lazy.

Under

একটি কুকুর টেবিলের নীচে শুইয়া আছে—A dog is lying *under* the table.

পাঁচ বছরের কম বয়স্ক শিশুর চা খাওয়া উচিত নহে—Children *under* five years of age ought not to take tea.

রাস্তাটি মেরামত হইতেছে—The road is *under* repair.

সে আমার বাম চক্ষুর নিম্নে আঘাত করিয়াছিল—He hit me *under* the left eye.

With

ছুরি দিয়া কলমটি কাট—Cut the pen *with* a knife.

আমরা চোখ দিয়া দেখি—We see *with* our eyes.

দুধ দিয়া গ্লাসটি পূর্ণ কর—Fill the glass *with* milk.

আজ আমি আমার বন্ধুর সহিত আহার করিব—Today I shall dine *with* my friend.

আমি বাবার সহিত থাকি—I stay *with* my father.

আমি সুশীলের সহিত টেনিস খেলি—I play tennis *with* Susil

তোমার কাছে টাকা আছে কি ?—Have you money *with* you ?

আমি প্রাতঃকালে উঠি—I get up *with* the sun.

যত্নের সহিত কাজ করিবে—Work *with* care.

Within

পাখীরা নিরাপদে নীড়ে বাস করে—Birds live safely *within* the nests.

সকলেরই আয় অনুসারে ব্যয় করা উচিত—All should live *within* their means.

আধঘণ্টার মধ্যে আমি পদ্যটি মুখস্থ করিব—I shall commit this poem to memory *within* half an hour.

আমাদের বিদ্যালয় আমাদের বাড়ী হইতে আধ মাইলের ভিতরে—Our school is *within* half a mile of our house.

সে আমার কথা শুনিতে পাইবে না—He is not *within* my hearing.

Without

একটি ভ্রমণকারী বিনা টিকিটে রেলে যাইতেছিল—A traveller was going in the train *without* a ticket.

আমার কাছে টাকা নাই—I am *without* money.

ভুল না করিয়া ইংরাজী বলিতে পার কি ?—Can you speak English *without* making mistakes ?

বিনা আহারে আমরা বাঁচিতে পারি না—We cannot live *without* food.

শিশুটিকে না জাগাইয়া ঘরে ঢুকিতে পার—You can go into the room *without* waking the baby.

নিঃসন্দেহে তিনি একজন ভাল বৈজ্ঞানিক—He is a good scientist *without* doubt.

আমি তোমাকে বহুবার একথা বলিয়াছি—I have told you this times *without* number.

Exercise

1. Translate into English :—

1. তিনি সৎলোক ইহাতে সন্দেহ নাই। 2. হিটলার ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছিলেন। 3. গরীব লোকটি না খাইয়া রহিল। 4. দরজায় একটি ভিখারী দাঁড়াইয়া আছে। 5. মাখন হইতে ঘি তৈয়ারী হয়। 6. তুমি ইংরেজীতে কথা বলিতে শিখিয়াছ কি ? 7. দিল্লী যমুনা নদীর তীরে অবস্থিত। 8. চোরটি একটি বাক্স লইয়া পলাইয়া গেল। 9. লাঠি দিয়া গরুটিকে মার। 10. বাঙ্গালীরা ভাত খাইয়া বাঁচিয়া থাকে। 11. আমার মনে হয় লোকটি পাগল। 12. আমাদের স্কুলের হেডমাষ্টার মহাশয় ছেলেবেলা হইতে পরেশকে জানেন। 13. মহিলার হাতে একটি হীরের আংটি ছিল। 14. তুমি এই ইংরেজী কবিতাটি বাংলায় অনুবাদ করিতে পার কি ? 15. তুমি বঙ্কিমচন্দ্রের গ্রন্থাবলী পড়িয়াছ কি ? 16. এই বাগানের দেওয়াল খুব উঁচু। 17. মধুসূদন সদ্বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। 18. এক ঘণ্টার ভিতরে ফিরিয়া আসিবে। 19. আয় অনুসারে তোমার ব্যয় করা উচিত। 20. আমি বইখানি আগাগোড়া পড়িয়াছি।

2. Translate into Bengali :—

1. I am quite with you what you say. 2. The patient requires a change of air. 3. You should do your duties to your parents. 4. Be loyal to your

country. 5. He crossed the river with much difficulty. 6. Spread a carpet on the floor. 7. I have told you of that event. 8. Are you not ashamed of your conduct ? 9. There is no cloud in the sky. 10. The beggar was dressed in rags. 11. Don't go out in the storm. 12. A large number of people live in the Deccan.

CHAPTER XI

Uses of some Prepositions (*Continued*)

(*A*) হইতে, থেকে

সাহেবটি লণ্ডন হইতে আসিয়াছে—The European has come *from* London.

১লা মার্চ হইতে আমাদের পরীক্ষা আরম্ভ হইবে—Our examination will commence *on* the 1st March.

অনেকদিন হইতে এই চীনা ভদ্রলোকটি কলিকাতায় বাস করিতেছেন—The Chinese gentleman has been living in Calcutta *for* a long time.

বৈশাখ মাস থেকে (বা হইতে) এক ফোঁটাও বৃষ্টি হয় নাই—A single drop of rain has not fallen *since* Baisakh.

এই বাজার থেকে (বা হইতে) এক মাইলের ভিতরে কোন নলকূপ নাই—There is no tube-well within a mile *of* this market.

(B) দ্বারা, কর্তৃক, দিয়া

এই লাঠি দিয়া (বা দ্বারা) সাপটা মারা হইয়াছিল—The snake was killed *with* this stick.

(C) মধ্যে, ভিতরে

পাঁচটার **মধ্যে** বাড়ী আসিও—Come home *before* five o'clock.

আমি পাঁচটার **মধ্যে** ফিরিব—I shall come back *by* (or *before*) five o'clock.

তুমি আমার সহিত ৬টা ও ৭টার **মধ্যে** দেখা করিও—See me *between* 6 and 7 o'clock.

আমাদের **মধ্যে** কথাবার্তা নাই—We are not *on* speaking terms with each other.

ঘরের **ভিতরে** কেহ নাই—There is none *in* the room.

এই জিনিষ দুইটির **মধ্যে** পার্থক্য কি—What is the difference *between* these two things?

এক সপ্তাহের **মধ্যে** তোমার অসুখ সারিয়া যাইতে পারে—You may recover *within* a week.

একই শ্রেণীর বালকগণের **মধ্যে** অসদ্‌ভাব থাকা উচিত নহে—There should not be any ill feeling *among* the boys of the same class.

(D) প্রতি, দিকে, পানে

শিশুটি পাখীর **দিকে** তাকাইল—The baby looked *at* the bird.

লোকটি পোস্ট অফিসের **দিকে** যাইতেছিল—The man was going *towards* the Post Office.

গরীবের **প্রতি** দয়া কর—Have mercy *upon* the poor.

তাহার **প্রতি** আমার ভালবাসা নাই—I have no love *for* him.

(E) নিকটে, কাছে

আমার **কাছে** বস—Sit *by* me.

তাহার **নিকট** টাকা ছিল না—He had no money *with* him.

বাজারের **নিকটে** একটি পোস্ট অফিস আছে--There is a Post Office *near* the market.

সে আমার **নিকটে** একটি কলম চাহিয়াছিল—He asked a pen *of* me.

আমি লোকটিকে তোমার **নিকটে** পাঠাইয়াছিলাম—I sent the man *to* you.

আমি তোমার **নিকটে** টাকা ধারি—I owe money *to* you.

(F) উপর, উপরে

বইখানা টেবিলের **উপরে** রাখ—Put the book *on* the table.

তাহার **উপর** আমার বিশ্বাস নাই—I have no faith *in* him.

আমি তোমার **উপর** রাগ করি নাই—I am not angry *with* you.

একটি পাখী তোমার মাথার **উপর** দিয়া উড়িয়া গেল—A bird flew *over* your head.

রাম ক্লাসে সুবলের **উপরে** থাকে—Ram is *above* Subal in the class.

(G) বিনা, ব্যতীত, ভিন্ন, ছাড়া

রাধারাণীর মা **ছাড়া** আর কেহ ছিল না—Radharani had none *except* her mother.

সুখ **বিনা** জীবন বৃথা—Life is useless *without* happiness.

বিনা পরিশ্রমে কোন জিনিষই পাওয়া যায় না—Nothing can be had *without* labour.

বলিষ্ঠ লোক **ছাড়া** আর কেহ ইহা করিতে পারে না—None *but* a strong man can do it.

সুদেব **ছাড়া** আর সকলেই সিনেমা দেখিতে গিয়াছিল—All *except* Sudev went to the cinema.

(H) বিষয়ে, সম্বন্ধে

এ বিষয়ে আমার কোন হাত নাই—I have no hand *in* this matter.

এ বিষয়ে তিনি কোন কথা বলিলেন না—He was silent on *this* point.

Exercise

1. Translate into English :—

1. একদিনের মধ্যে আমি এই বইখানি পড়িয়া ফেলিব। 2. একখানি এরোপ্লেন আমাদের বাড়ীর উপর দিয়া উড়িয়া গেল। 3. সলিল আমার কাছে একটি অনুগ্রহ চায়। 4. তাহাদের প্রতি আমার কোন বিদ্বেষ (jealousy) নাই। 5. আত্মসংযম (self-control) ব্যতীত কেহ বড় হইতে পারে না। 6. তুমি গঙ্গা সাঁতার দিয়া পার (swim across the Ganges) হইতে পার কি? 7. আমাদের গ্রাম হইতে দশ মাইলের ভিতরে কোন হাঁসপাতাল নাই। 8. সমস্ত গাছের মধ্যে বট গাছ বৃহত্তম। 9. এই দুইটি ছেলের মধ্যে কোন্‌টি ভাল? 10. আমি এক ঘণ্টার মধ্যে এই অঙ্কগুলি কষিয়া ফেলিব। 11. ঘরের চাল দিয়া জল পড়িতেছিল। 12. তোমার দ্বারা আমার এ কাজটি হইতে পারে। 13. তীরের দ্বারা পাখীটি বিদ্ধ হইয়াছিল। 14. একটি বন্দুক দ্বারা শিকারী বাঘটিকে গুলি করিয়াছিল। 15. তুমি কোথা হতে এসেছ? 16. আমার চাকরটি উড়িষ্যা হইতে আসিয়াছে। 17. মাঠের উপর

দিয়া (along) যাও। 18. ছেলে দুইটির মধ্যে বন্ধুত্ব নাই। 19. দড়ি দিয়া গরুটি বাঁধ। 20. ব্যাসদেব কর্তৃক মহাভারত রচিত হইয়াছিল।

2. Translate into Bengali :—

1. There is no tiger in the jungle. 2. Susil is not on speaking terms with Suren. 3. We see with our eyes. 4. We get fruit from trees. 5. Ashim knows Susil from a child. 6. Please let me know by a letter. 7. What are you looking at ? 8. Good name cannot be bought with gold and silver. 9. He has been suffering from fever since Saturday last. 10. Come between four and five. 11. There was a quarrel between the two friends. 12. The peasants work from sunrise to sunset. 13. It has been raining since Saturday last.

CHAPTER XII

Some Familiar Group Verbs

Break

সন্ধ্যাবেলায় সভা ভাঙ্গিয়া গেল—The meeting *broke up* in the evening.

গ্রীষ্মকালে কলিকাতায় কলেরা হয়—In summer cholera *breaks out* in Calcutta.

পাটগুদামে আগুন লাগিয়াছিল—A fire *broke out* in the godown of jute.

একটি চোর আমাদের বাড়ীতে ঢুকিয়াছিল—A thief *broke into* our house.

কঠোর পরিশ্রমে তাহার স্বাস্থ্য ভাঙ্গিয়া গেল—His health *broke down* with hard work.

Blow

ঘরের বাহিরে যাইবার সময় বাতিটি নিভাইয়া দিও—*Blow out* the candle when you go out of the room.

ঝড়ে অনেক গাছ পড়িয়া গিয়াছে—Storm *blew down* many trees.

Bring

মাতাপিতা সন্তানকে যত্নে লালন পালন করিয়া থাকেন—Parents *bring up* their child with care.

কুকুরটি চারিটি বাচ্চা প্রসব করিয়াছে—The dog has *brought forth* four puppies.

হিন্দু বিদ্বেষ মোগল সাম্রাজ্যের পতন ঘটাইয়াছিল—Jealousy towards the Hindus *brought about* the downfall of the Mogul empire.

Call

আমি তোমার সহিত বাড়ীতে দেখা করিব—I shall *call on* you at your house.

বাবার অসুখের জন্য ডাক্তার ডাকিয়াছিলাম—I *called in* a doctor for my father's illness.

আমি ভদ্রলোকটির নাম মনে করিতে পারিতেছি না—I cannot *call up* the name of the gentleman.

Carry

ভৃত্য প্রভুর আজ্ঞা পালন করে—A servant *carries out* his master's orders.

সে তাহার ব্যবসা ভালভাবে চালাইতে পারিল না—He could not *carry on* his business well.

এই সহরের বহুলোক কলেরায় মারা গিয়াছে—Cholera *carried off* many people of this town.

Come

রবীন্দ্রনাথ সম্ভ্রান্ত বংশে জন্মিয়াছিলেন—Rabindranath *came of* a respectable family.

রাস্তায় আমার বন্ধুর সহিত আমার দেখা হইয়া গেল—I *came across* my friend on the road.

আমাদের বিদ্যালয়ে শীঘ্রই পারিতোষিক বিতরণ হইবে—The distribution of prizes will soon *come off* in our school.

মহেশ একমাসে আরোগ্য লাভ করিল—Mahesh *came round* within a month.

ইহা কি করিয়া হইল তাহা আমি জানি না—I do not know how it *came about*.

আমাদের পরীক্ষার ফল শীঘ্রই বাহির হইবে—The results of our examination will soon *come out*.

Deal

সে চাউলের ব্যবসা করে—He *deals in* rice.

খবরের কাগজ রাজনৈতিক বিষয় লইয়া চর্চ্চা করে- The newspaper *deals with* politics.

তাসগুলি বিলি কর—*Deal out* the cards.

বাড়ীর সকলের সহিত সদ্ব্যবহার করিবে—You should *deal* fairly *with* everyone in the house.

Die

লোকটি জ্বরে মারা গিয়াছে—The man *died of* fever.

লোকটি গলায় দড়ি দিয়া মরিয়াছে—The man *died by* hanging.

লোকটি অতি পরিশ্রমের ফলে মারা গিয়াছে—The man *died from* overwork.

Get

ঘর থেকে বাহিরে যাও—*Get out* of the room.

তুমি এখন কেমন আছ ?—How are you *getting on* at present ?

তোমার পড়াশুনা কেমন চলিতেছে—How are you *getting on* with your studies ?

কখনও চলন্ত ট্রামগাড়ীতে উঠিবে না—Never *get into* a running tram car.

Give

গুপ্ত কথাটি প্রকাশ করিও না—Do not *give out* the secret.

হেড মাষ্টার মহাশয় পারিতোষিক বিতরণ করিলেন—The Headmaster *gave away* the prizes.

ডাক্তার রোগীর আরোগ্যের আশা ছাড়িয়া দিলেন—The doctor *gave up* the hope of his patient's recovery.

Go

চাউলের দাম দিন দিন চড়িতেছে—The price of rice is *going up* day by day.

চাউলের দাম কমিয়া গিয়াছে—The price of rice has *gone down.*

আমি এই বইখানি পড়িয়াছি—I have *gone through* this book.

নিজের কাজ করিতে থাক—*Go on* with your work.

তুমি কি এবার স্কুল ফাইনাল পরীক্ষা দিবে?—Will you *go in for* the School Final Examination this year?

প্রদীপটি নিভিয়া গিয়াছে—The lamp has *gone out*.

Look

সে আমাকে বড় ভাইয়ের মত দেখে—He *looks upon* me as his elder brother.

দরিদ্রদিগকে ঘৃণা করিও না—Do not *look down upon* the poor.

হেড মাষ্টার মহাশয় আমাদের পরীক্ষার কাগজ দেখিতেছেন—The Headmaster is *looking over* our examination papers.

দাদা চাকুরীর চেষ্টা করিতেছেন—My elder brother is *looking for* an employment.

Make

আমি এই পদ্যটির অর্থ বুঝিতে পারিতেছি না—I cannot *make out* the meaning of this poem.

তাহারা তাহাদের বিবাদ মিটাইয়া ফেলিল—They *made up* their quarrel.

তোমাকে এই ক্ষতি পূরণ করিতে হইবে—You must *make up for* this loss.

হরিশ বাবু তাঁহার পুত্রকে সম্পত্তির ভার দিলেন—Harish Babu *made over* the charge of his property to his son.

Put

আলোটি নিভাইয়া দাও—*Put out* the light.

তোমার কাপড় পর—*Put on* your cloth.

কেহই এই অপমান সহ্য করিতে পারে না—None can *put up with* this insult.

কলিকাতায় যাইয়া তুমি কোথায় থাকিবে?—Where will you *put up* in Calcutta?

কাল করিব বলিয়া কোন কাজ ফেলিয়া রাখিও না—Do not *put off* any work till tomorrow.

Set

বর্ষা আরম্ভ হইয়াছে—Rains have *set in*.

তিনি কাশীধামে যাত্রা করিলেন—He *set out* for Banaras.

বদমাইস ছেলেটি আমার উপর একটি কুকুর লেলাইয়া দিল—The wicked boy *set* a dog *on* me.

এখনই কাজটি আরম্ভ কর—*Set to* work at once.

Take

তোমার জুতা খুলিয়া ফেল—*Take off* your shoes.

প্রধান শিক্ষক মহাশয় যাহা বলিতেছেন তাহা লেখ—*Take down* what the Headmaster is saying.

সকলেই তাহাকে পাগল মনে করে—Everybody *takes* him *for* a mad man.

তোমার উদ্দেশ্য সাধন করিতে কোন অসদুপায় অবলম্বন করিওনা—Do not *take to* any unfair means to achieve your object.

Exercise

1. Translate into English :—

1. প্রত্যেক বৎসর বসন্ত কালে বসন্ত দেখা দেয়। 2. অভিধানে এই শব্দটি দেখ (look up)। 3. আমি তোমাকে কোন আশা দিতে পারি না (hold out any hope)। 4. এই মেয়েটির তত্ত্বাবধান করিবার (to look after) কেহ নাই। 5. দিল্লীতে আমি আমার মামার বাড়ীতে ছিলাম। 6. বড়লোকেরা গরীবদিগকে ঘৃণা করে। 7. তাহার পড়াশুনা ভাল হইতেছে না। 8. কলিকাতার রাস্তায় অসতর্কভাবে চলিলে ট্যাক্সি চাপা পড়িবে। 9. বৃষ্টি কমিলে (hold off) তাহারা বাড়ী গেল। 10. ভারত-সরকার বাল্যবিবাহ (child marriage) উঠাইয়া দিয়াছেন (has done away with)। 11. অমল এবং বিমল তাহাদের বিবাদ মিটাইয়া লইয়াছে (has made up their quarrel)। 11. তুমি কি চাও তাহা আমি বুঝিতে পারিতেছি না (cannot make out)। 13. আমি খরচ পত্র কমাইতে (cut down expenses) বাধ্য হইয়াছি। 14. রাম ভিজা জুতা খুলিয়া ফেলিল (put off)। 15. বাড়ীর বাহিরে যাইবার পূর্বে আমি জামাটি পরিয়াছিলাম (put on)। 16. সুরেশ বাবু তাঁহার পুত্রকন্যাকে অতি যত্নের সহিত মানুষ করিয়াছিলেন

(brought up)। 17. সুশীল আজ দুইদিন জ্বরে শয্যাগত আছে (has been laid up with fever)। 18. বিপদের সময় সে আমাকে সাহায্য করিয়াছিল (stood by me)। 19. মধুসূদন পাওনাদারদিগের দেনা মিটাইতে (pay off his creditors) পারিলেন না। 28. হর্ষবাবু মোটামুটি ইংরাজি শিখিয়াছেন (has picked up a fair knowledge of English)।

11. Translate into Bengali :—

1. He plays well on the harmonium. 2. The peasants will not put up with this insult. 3. Samadas has gone to Delhi to look for an employment. 4. His extravagance brought about his ruin. 5. People look up to the police for help in troubles. 6. Who will make up this loss ? 7. No member of this association should give out the secret. 8. Subimal got through the book in course of a week. 9. Dasarath could not get over the pain of separation from Ramchandra. 10. The clock has run down and will not go until it is wound up.

———

CHAPTER XIII

Some Colloquial Bengali Verbs

কাটা

আমার কলমটি কাটিয়া দিন—Please *mend* my pen. (*said of quill pens*)

পেন্সিলটি কাট—*Sharpen* the pencil.

পত্রের শেষ ছত্রটি কাটিয়া দাও—*Pen through* the last line of the letter.

নাপিতেরা নখ কাটে—The barbers *pair* nails.

নাপিতেরা চুল কাটে—The barbers *crop* (or *cut*) hair.

গাছটি কাট—*Cut* (or *fell*) the tree.

গাছের ডালগুলি কাটিয়া ফেল—*Lop off* the branches of the tree.

তুমি সময় কি ভাবে কাটাও ?—How do you *spend* your time ?

আমার সময় আর কাটে না—Time *hangs heavy* on my hands.

সহিস ঘাস কাটিতেছে—The groom is *mowing* (or, cutting) grass.

ইঁদুরে লেপটি কাটিয়াছে—The rats have *made holes* in the quilt.

পোকায় এই বইখানি **কাটিয়াছে**—The warms have *eaten into* the book.

তুমি কি সূতা **কাটিতে** জান ?—Do you know how to *spin* thread ?

ছেলেটি আঙ্গুল **কাটিয়াছে**—The boy has *cut* his finger.

চাকরাণী কতকগুলি সুপারি **কাটিয়াছে**—The maid servant has *cracked* some betel-nuts.

চাষীরা পৌষ মাসে ধান **কাটে**—The cultivators *reap* paddy in the month of *Paus*.

বালকটি টেরি **কাটিয়াছে**—The boy has *parted* hair.

বালকটির নাম কাটা গিয়াছে—The name of the boy has been *struck* off the roles.

আমগুলি খুব **কাটিতেছে**—The mangoes are *selling* well.

তিনি একটি কূয়া **কাটাইয়াছেন**—He has *sunk* a well.

রমেশবাবু তাঁহার চাকরের এক টাকা মাহিনা **কাটিয়াছেন**—Ramesh Babu has *deducted* one rupee from his servant's pay.

খাটা

চাষীরা খুব **খাটিতে** পারে—Peasants can *work* hard.

আমরা ব্যবসায় টাকা খাটাই—We *invest* money in business.

সে সুদে টাকা খাটায়—He *lays out* money in interest.

একটু বুদ্ধি খাটাও—*Use* a little common sense.

তাহার কৌশল খাটিবে না—His trick will not *do* (or will *be of no use*).

কোন্ ক্ষেত্রে এ নিয়ম খাটিবে ?—In what case will this rule *hold good* ?

খোলা

বাক্সটি খোল—*Open* the box.

তোমার জামাটি খোল—*Take* off (or *put off*) your coat.

তোমার জুতা খোল—*Take off* your shoes.

তিনি টুপী খুলিলেন—He *took off* his hat.

দরজা খোল—*Open* the door.

দরজার খিলটি খোল—*Unbar* the door.

আগামী সোমবারে আমাদের স্কুল খুলিবে—Our school will *re-open* on Monday next.

গেরোটি খোল—*Untie* the knot.

আমাকে সব কথা খুলিয়া বল—*Make a clean breast* of everything to me.

শ্যামসুন্দর একখানি দোকান **খুলিয়াছে**—Shamsundar has *started* a shop.

প্রাচীন কালে মহিলারা পুরুষদের সামনে মুখ **খুলিতেন** না—In ancient times ladies would not *uncover* their faces in presence of males.

সুরেশ এত লোকের সামনে মুখ **খুলিতে** চাহিল না—Suresh was unwilling to *open* his mouth in presence of so many people.

চলা

শিশুটি আর **চলিতে** পারিল না—The child could *walk* no farther.

তাহারা **চলিয়া** গিয়াছে—They have *gone* away.

চাকর না হইলে আমার **চলে** না—I cannot *do* without a servant.

তোমার ব্যবসা কিরূপ চলিতেছে—How is your business *getting on* (or *going on*) ?

আমার ব্যবসা ভালই চলিতেছে—My business is *getting on* (or *going on* or *faring* or *thriving*) well.

ঘড়িটা ঠিক চলিতেছে না—The clock is not *keeping* correct time (or *going* right).

যতীশ বাবু এত দরিদ্র যে তিনি সংসার খরচ চালাইতে পারেন না—Jatish Babu is too poor to *meet* the expenses of his family.

মেকি টাকা চালাইতে চেষ্টা করিও না—Do not try to *utter* counterfeit coin.

কত তাড়াতাড়ি সময় চলিয়া যায়—How quickly does time *fly* (or *slip by*).

ছাড়া

তাহাকে ছাড়িয়া দাও—*Let* him *go*.

বম্বে মেল সন্ধ্যা বেলায় হাওড়া ষ্টেশন হইতে ছাড়ে—The Bombay Mail *starts* from (or *leaves*) Howrah station in the evening.

ও কথা ছাড়িয়া দাও—*Let* that *pass*.

কমলা লেবুটির খোসা ছাড়াও—*Peel* (or *skin*) the orange.

তুমি পড়া ছাড়িয়া দিয়াছ কি ?—Have you *given up* your studies ?

জামা কাপড় ছাড়—*Put off* (or *change*) your clothes.

শ্রীচৈতন্য সংসার ছাড়িয়াছিলেন—Sri Chaitanya *renounced* the world.

আমি একটি প্রশ্নও ছাড়ি নাই—I have not *omitted* a single question to answer.

সতীশ বাবু তাঁহার কাজ **ছাড়িয়া** দিয়াছেন—Satish Babu has *resigned* his post.

তাহার জ্বর **ছাড়িয়া** গিয়াছে—His fever *is* now *off*.

মা আমাকে **ছাড়িয়া** থাকিতে পারেন না—My mother cannot live *without* me.

তোলা

তাহারা পাটের ব্যবসা **তুলিয়া** দিয়াছে—They have *wound up* their jute business.

লতিকা ফুল **তুলিতেছে**—Latika is *plucking* flowers.

ছেলেগুলি সরস্বতী পূজার চাঁদা **তুলিয়াছিল**—The boys *raised* subscription for the Saraswati Puja.

তোমার হাত **তোল**—*Raise* (or *hold up*) your hands.

মাটি হইতে ছুঁচটি **তোল**—*Pick up* the needle from the ground.

দন্ত চিকিৎসক আমার একটি দাঁত **তুলিয়াছেন**—The dentist has *extracted* one of my teeth.

শিশুরা দুধ **তোলে**—Babies *throw up* (or *vomit*) milk.

আমরা কূয়া হইতে জল **তুলি**—We *draw* water from the well.

সভায় জাতীয় পতাকা **তোলা** হইয়াছিল—The National Flag was *hoisted* in the meeting.

দেওয়া

আমাকে একটি টাকা **দাও**—*Give* me a rupee.

দরজা **দাও**—*Shut* the door.

আমি পরীক্ষা **দিব**—I shall *appear at* the examination.

পড়াশুনায় মন **দাও**—*Pay* attention *to* your studies.

তোমাকে ভাত **দেওয়া** হইয়াছে—Your rice has been *served*.

চাকরটি ঘর ঝাঁট দিল—The servant *swept* the room.

রামকে আর লজ্জা দিও না—Do not *put* Ram *to shame* any more.

দুইটি বালিকা ফুল গাছগুলিতে জল দিতেছে—Two girls are *watering* the flower plants.

আমি তোমাকে যাইতে **দিব** না—I shall not *allow* you to go.

তিনি আমাকে আশা **দিলেন**—He *held out* hopes to me.

এই বাড়ীটি ভাড়া দেওয়া হইবে—This house is *to let*.

দুষ্ট বালকটি শিক্ষক মহাশয়ের কথার জবাব **দিল** না—The wicked boy did not *answer* the teacher.

চোরটি ধরা **দিবে** না—The thief will not *surrender* himself.

ধরা

আমার হাত **ধর**—*Catch hold of* my hand.

আমার বড় মাথা ধরিয়াছে—I *have* a bad headache.

এই কাপে আর চা ধরে না—This cup *holds* no more tea.

তাহারা দৌড়াইল বটে কিন্তু গাড়ী **ধরিতে** পারিল না—They ran but *missed* the train.

এই গাছে এখনও ফল ধরে নাই—This tree has not *borne* fruit yet.

তুমি সর্ব্বদাই পরের দোষ **ধরিবার** চেষ্টা কর—You always try to *find fault with* others.

বৃষ্টি **ধরিয়াছে**—The rain has *held off* (or *stopped*).

দুই এক দিনের মধ্যেই গাছটিতে ফুল **ধরিতে** পারে—The tree *may be* in flower in a day or two.

এই বাড়ীতে আর লোক **ধরে** না—There is no *room* for more men in this house.

পকেটমার চোরটি **হাতে হাতে ধরা** পড়িয়া গিয়াছে—The pickpocket has been *caught red-handed.*

পথ হাঁটিয়া পথিকের পা **ধরিয়া** গেল—The traveller's legs were *tired* of walking.

তোমার চালাকি শীঘ্রই **ধরা** পড়িবে—Your trick will soon be *found out.*

থাকা

তোমরা কোথায় **থাক** ?—Where do you *live* ?

আমি ঠিক সময়ে প্রস্তুত **থাকিব**—I shall *get* myself *ready* just in time.

এখন **থাক্**, পরে দেখিব—*Not now*, I shall see to it afterwards.

তুমি নিশ্চিন্ত **থাক**, আমি তোমাকে একশত টাকা ধার দিব—*Rest assured*, I will lend you one hundred rupees.

আপনার অনুগ্রহের জন্য আমি আপনার নিকট কৃতজ্ঞ **থাকিব**—I shall *be grateful* to you for your favour.

অনেক ক্ষেত্রে মতদ্বৈধ **থাকিতে** পারে—Opinions may *differ* in many cases.

পড়া

চিঠিখানি চেঁচিয়ে **পড়**—*Read* out the letter.

ছেলেটি মাটিতে **পড়িয়া** গেল--The child *fell* on the ground.

বেলা পড়িয়া গেল—The day *declined*.

এই প্রশ্নগুলি পরীক্ষায় **পড়িতে** পারে—These questions may *come* in the examination.

বৃদ্ধের দাঁতগুলি **পড়িয়া** গিয়াছে—The old man's teeth have *fallen out*.

ছুরিখানির ধার **পড়িয়া** গিয়াছে—The edge of the knife has been *turned*.

রোগী মূর্চ্ছিত হইয়া পড়িল—The patient *fainted*.

ঘটনাটি তোমার মনে **পড়ে** কি ?—Can you *recollect* the event ?

জমিদারদের অবস্থা **পড়ে** গেছে—The zamindars have been *reduced* to poverty.

চোরটি ধরা **পড়েছে**—The thief has been *caught*.

আমার ভুলটি ধরা **পড়েছে**—My mistake has been *found out*.

প্রজাটি জমিদারের পায়ে **পড়িল**—The tenant *fell* at the feet of the landlord.

বাধা

এ কাজ করিতে আমাকে বাধা দিও না - Don't *prevent* me from doing this.

জার্মাণী এবং ফ্রান্সে যুদ্ধ বাধিয়াছিল—A war *broke out* between Germany and France.

কাহারও সহিত ঝগড়া বাধাইবে না—Do not *pick* a quarrel with anybody.

ষ্টীমারখানি চড়ায় বাধিয়া গিয়াছে—The steamer has *run aground*.

বাঁধা

একটি দড়ি দিয়া ছাগলটি বাঁধ—*Tie* the goat with a rope.

বালকটির হাত দুইটি বাঁধিয়া ফেল—*Bind* both the hands of the child.

ছেলেরা চোখ বাঁধিয়া খেলা করে—Children play by *blindfolding* their eyes.

আমি গহনা বাঁধা দিয়া টাকা ধার করিয়াছি—I have taken a loan by *pledging* ornaments.

মেয়েরা চুল বাঁধে—Girls *braid* their hair and *tie* it up into a knot.

মানা

তুমি গুরুজনকে **মানিতে** চাও না—You do not want to *obey* your superiors.

তুমি সালিশিদিগের কথা **মানিতে** চাও না—You do not want to *abide by* the decision of the arbitrators.

অনেকেই ভূত-প্রেত **মানে** না—Most men do not *believe* in ghosts.

তুমি যাহা বলিতেছ তাহা আমি **মানিয়া** লইতে পারি না—I cannot *take for granted* what you say.

রাখা

দোয়াতটি টেবিলের উপর **রাখ**—*Put* the inkpot on the table.

আমার কথা রাখ—Please *comply with* my request.

তুমি কি কোন ব্যাঙ্কে টাকা **রাখ**?—Do you *deposit* money in any bank?

এই টাকাগুলি আপনার কাছে **রাখুন**—Please *keep* this money with you.

আমি কোন চাকর রাখি না—I do not *engage* any servant.

বৃদ্ধ লোকটি দাড়ি রাখিয়াছে—The old man *wears* a beard.

ভদ্রলোকটি একটি ছেলে রাখিয়া মারা গিয়াছেন—The gentleman died *leaving* one son behind.

লাগা

কমলা লেবুটি কেমন লাগে—How does the orange *taste* ?

আমার ক্ষুধা লাগিয়াছে—I *am feeling* hungry.

পাড়া গাঁ আমার ভাল লাগে—I *like* villages.

এই জামাটি আমার গায়ে লাগে না—This coat does not *fit* me.

এই জুতায় আমার পায়ে ব্যথা লাগে—This shoe *pinches* my foot.

এই কাজে আমার একদিন লাগিতে পারে—It may *take* me one day to do this work.

সলিলের সর্দি লাগিয়াছে—Salil has *caught* cold.

এই ফাউণ্টেন পেনটি কিনিতে তোমার পাঁচ টাকা লাগিবে—This fountain pen will *cost* you five rupees.

একটি গুলিও বাঘটির গায়ে লাগিল না—Not a single shot *hit* the tiger.

অসীম বলিল যে তাহার ভাল লাগিতেছে না—Asim said that he was not *feeling* well.

Exercise

1. Translate into English :—

1. ছেলেটি মা ছাড়িয়া থাকিতে পারে না। 2. ছেলেগুলি কি চাঁদা তুলিতে পারিবে? 3. উঠে পড়ে (in right earnest) কাজটিতে লাগ (begin the work)। 4. রোদ লাগাইও না (Do not expose yourself to the sun)। 5. এভাবে দশ বৎসর কাটিয়া গেল। 6. তুমি কেন আমার হাত ধর্‌লে ? 7. শ্যামবাবু কি কারবার তুলিয়া দিবেন? 8. শৈলেন বহুদিন পড়া ছাড়িয়া দিয়াছে। 9. পোকায় আমার কোটটি কাটিয়া দিয়াছে। 10. সুশীলের খুব ক্ষুধা লাগিয়াছিল। 11. চীন ও জাপানের মধ্যে যুদ্ধ বাধিয়াছিল। 12. এই শিশিতে আর মধু ধরে না। 13. নাপিত সলিলের নখ কাটিয়া দিল। 14. ইঁদুরে জামাটি কাটিয়াছে। 15. এই ঘড়িটি কিনিতে তোমার কত লাগিল ? 16. কৃষকেরা ধান কাটিতেছে। 17. দু'পয়সা রাখতে চেষ্টা কর। 18. এই নিমন্ত্রণে কত খরচ পড়িবে ? 19. আমার ঠাকুরমা সুপারী কাটিতেছেন। 20. তুমি আমার হাত ধরিতেছ কেন ?

2. Translate into Bengali :—

1. Take care of your tongue. 2. My mother's hair is growing grey. 3. Don't find fault with anybody. 4. He who does not believe in the existence of God is an atheist. 5. My elder brother has given up studies. 6. He did not comply with my request. 7. My grandfather has artificial teeth set. 8. The native princes have been reduced to poverty. 9. Last year the questions of the School Final Examination leaked out. 10. This sack can hold no more corn.

CHAPTER XIV

Repetition of Verbs

I

সুধীর বাড়ী **যাব যাব** করিতেছে—Sudhir is thinking of *going* home.

কুকুরটি **মর মর** হইয়াছে—The dog is *about to die* (or *on the point of* death).

আলোটি নিবু নিবু হইতেছে—The light is *about to go out.*

তোমাকে আমি একথা **বলে বলে** হয়রাণ হয়েছি—I am tired of *speaking* this to you.

লিখিয়া লিখিয়া আমার পেন্সিলটি ক্ষয় হইয়া গেল—My pencil has worn out by constant *writing.*

II

পড়িতে পড়িতে গল্প করিও না—Do not talk while you *are reading.*

গান **গাইতে গাইতে** অন্ধটি চলিয়া গেল—The blind man went away *singing.*

বালিকাটি **নাচিয়া নাচিয়া** গান গায়—The girl *dances* as she sings.

আমি সিনেমা দেখিয়া দেখিয়া বিরক্ত হইয়াছি—I am sick of *seeing* the cinemas.

দুঃখিনী স্ত্রীলোকটি কাঁদিয়া কাঁদিয়া অন্ধ হইয়া গিয়াছে—The poor woman has become blind by *constant weeping*.

বক্তা বলিতে বলিতে হঠাৎ থামিয়া গেল—The speaker stopped short in his speech.

বিড়ালটি চক্ চক্ করিয়া দুধ খাইল—The cat *lapped* the milk.

ভোর হয় হয় এমন সময় আমি বিছানা হইতে উঠিয়া পড়িলাম—I got up from bed while the day *was dawning*.

III

টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতেছে—It is *drizzling*.

ঝুপ্ ঝুপ্ করিয়া বৃষ্টি পড়িল—It rained *heavily*.

মাছিগুলি ভন্ ভন্ করিতেছে—The flies are *buzzing*.

সে কেবলই বক্ বক্ করে—He is always *grumbling*.

আকাশে তারাগুলি মিট্ মিট্ করিতেছিল—The stars were *twinkling* in the sky.

বালকটি ভয়ে থর্ থর্ করিয়া কাঁপিতে লাগিল—The boy *quaked* (or *shook*) with fear.

শ্যামল রাগে **গর্ গর্** করিতে লাগিল—Shyamal was *wild with* rage.

তোমার জুতা **মস্ মস্** করিতেছে—Your shoes are *creaking*.

তাহার চোখ **ছল ছল** করিয়া উঠিল—Tears *started* in his eyes.

Exercise

1. Translate into English :—

1. আমি তোমাদের বাড়ীতে যাব যাব মনে করিতেছি। 2. অনেক দিন ধরিয়া তাহার সহিত আমার দেখা নাই। 3. সন্ধ্যা হয় হয় (It was getting dark) এমন সময় আমি বাড়ী পৌছিয়াছিলাম। 4. সোমেশ বেশ বুঝিয়া বুঝিয়া পড়ে [reads intelligently]। 5. চোরটি পা টিপিয়া টিপিয়া [on tiptoe] বাড়ীর ভিতরে ঢুকিল। 6. চোখের পলক পড়িতে না পড়িতে [in the twinkling of an eye] উড়োজাহাজখানি অদৃশ্য হইয়া গেল। 7. খাইতে খাইতে গান গাহিও না। 8. কাজ করিতে করিতে তাহার দেহ [health] ভাঙ্গিয়া পড়িল (broke down from over-straining) 9. আহত বালকটি যন্ত্রণায় ছট্‌ফট্ করিতেছে [is writhing in pain]। 10. মড় মড় শব্দে [with a crash] গাছটি মাটিতে পড়িয়া গেল।

11. Translate into Bengali :—

1. He went away muttering. 2. Drops of dew were sparkling on the petals. 3. The beggar begs wandering

from village to village. 4. Lay by something while you are still young. 5. The bees are buzzing about. 6. The flag was fluttering in the breeze. 7. A year slipped unwittingly by. 8. The Negro was fuming with rage. 9. Pitter patter falls the rain. 10. The stream is pouring down the hill.

CHAPTER XV

Repetition of Adverbs

হুমায়ূন **বার বার** যুদ্ধে পরাজিত হইয়াছিলেন—Humayun was defeated in war *again and again* (or, *time after time*).

রাণা প্রতাপের **পদে পদে** বিপদ ছিল—Rana Pratap was in danger *at every step.*

মাঝে মাঝে আমার সহিত দেখা করিও—See me *from time to time.*

রোগীকে এই ঔষধটি **ঘণ্টায় ঘণ্টায়** খাইতে হইবে—The patient shall take this medicine *every hour.*

একা একা এই কাজটি কর—Do this work *by yourself.*

আমাদের পরীক্ষা মুখে মুখে হইবে—We shall be examined *orally*.

চিঠিখানি মনে মনে পড়—Read the letter *silently*.

সে মনে মনে চিন্তা করিল—He thought *to himself*.

কানে কানে বল—Say *in a whisper*.

বুদ্ধদেব নগরে নগরে ঘুরিয়াছিলেন—Buddhadev wandered *from city to city*.

পথিকেরা পাশাপাশি হাঁটিতে লাগিল—The travellers travelled *side by side*.

দুষ্ট বালকটি সারাদিন রাস্তায় রাস্তায় ঘুরিয়া বেড়ায়—The wicked boy wanders *in the streets* all the day long.

বর্ষাকালে পুকুরগুলি কানায় কানায় পূর্ণ হয়—In the rainy season the ponds become full *to the brim*.

লোকটি ধীরে ধীরে চলিয়া গেল—The man walked away *slowly*.

বালকগুলি দলে দলে ছুটিতে লাগিল—The boys ran *in batches*.

ঘরে ঘরে অসুখ—There is illness in *every home*.

ফোঁটা ফোঁটা জল পড়িতে লাগিল—Water came down *drop by drop*.

এই পাগলটি সময়ে সময়ে জ্ঞানী ব্যক্তির মত কথা বলে—*At times* this mad man speaks like a wise man.

তোমার লেখার **ছত্রে ছত্রে** বানান ভুল—There are errors of spelling *in every line* of your writing.

ছেলেটি **দিন দিন** রোগা হইতেছে—The child is getting thinner *day by day*.

লোকটি **হাড়ে হাড়ে** বদমাইস—The man is wicked *to the backbone*.

Exercise

1 Translate into English :—

1. কুলিরা **সপ্তাহে সপ্তাহে** বেতন পায়। 2. জোয়ারে (flow tide) নদীগুলি কাণায় কাণায় পূর্ণ থাকে। 3. রাম বার বৎসর বনে বনে বেড়াইয়াছিলেন। 4. লোকগুলি একে একে (one by one) ঘরের ভিতরে প্রবেশ করিল। 5. ভিক্ষুকটি গ্রামে গ্রামে ঘুরিয়া ভিক্ষা করে। 6. তাহার বিপদ পদে পদে। 7. আমাকে মাসে মাসে বাড়ী ভাড়া (house-rent) দিতে হয়। 8. প্রজাগণ বৎসরে বৎসরে খাজনা দিয়া থাকে। 9. সে চুপে চুপে আমাকে এই কথাগুলি বলিল। 10. বালকগুলি সামনা সামনি (face to face) বসিয়াছিল। 11. সময়ে সময়ে আমি তাহাকে সাহায্য করি। 12. মা সন্তানকে চোখে চোখে রাখেন (keeps an eye on)।

II. Translate into Bengali :—

1. He told the story again and again. 2. Now-a-days there is want in every family. 3. Tell him this in a whisper. 4. The prince wandered in disguise from

country to country. 5. The lights are going out one by one. 6. Go by yourself. 7. Ramesh drinks milk every hour. 8. At times you make yourself scarce. 9. Danger followed Savitri at every step. 10. The bees suck honey from flower to flower .

CHAPTER XVI

Idiomatic uses of Some Bengali Particles

আর

আর কে যাইবে ?—Who *else* will go ?

এই ব্যাপারে আমি **আর** অগ্রসর হইব না—I shall not proceed *any farther* in this matter.

রমেশ এখন **আর** চাকরী করে না—Ramesh is *no longer* in service.

আমার **আর** একটি জামা আছে—I have *another* coat.

তুমি এখানে থাক, **আর** নাই থাক, কথা একই—It is *all the same* whether you stay here or not.

ই

তুমি**ই** ইহা বলিয়াছ—*It* is you who have said this.

আজ**ই** আমি বিমলকে সতর্ক করে দিব—I shall warn Bimal *this very* day.

অর্থ ই অনর্থের মূল—*It* is money that is at the root of all evils.

তোমাকে পড়িতেই হইবে—Read you *must.*

ও

শিশুতেও একথা বুঝিতে পারে—*Even* a child can understand this.

সুধীরও আমার সহিত যাইবে—Sudhir *also* will accompany me.

তুমিও সেখানে যাইতে পার—You *too* may go there.

এখনও প্রভাত হয় নাই—It is not *yet* dawn.

দুষ্ট ছেলেকে উপদেশ দিলেও যা না দিলেও তা—*It is all the same* whether you advise a wicked boy or not.

তুমি বিপদে পড়িলেও সলিল তোমাকে সাহায্য করিবে না—Salil will not help you *even though* you are in danger.

ত

বিমল ত কচি খোকা নয়—Bimal is *not* a baby.

তুমি ত কালকের ছেলে—You are *but* a child of yesterday.

আজ ত মাসের ১লা—Today is the first day of the month, *is it not* ?

কি হে, তুমি ভাল আছ ত ?—Hallo ! you are all right, *I think*.

ভাল লাগে ত আমটি খাও—Eat the mango if you *like* it.

জান ত বল—Tell me *if* you know it.

তুমি ত তার দলে যাবেই—*No wonder that* you should join him.

যেন

দেখিও **যেন** ক্ষতি না হয়—See *that* no harm is done.

তুমি **যেন** কিছুই জান না—*It seems* you know nothing.

আমি যেন লোকটাকে কোথাও দেখিয়াছি—I *think* I have seen the man somewhere.

আমি **যেন** এখন তোমাকে পড়া বলিয়া দিলাম, পরে কি করিবে—*Supposing* I help you now to learn your lesson, what will you do in future ?

বুঝি

সে বুঝি মনে করে যে আমি তাহাকে সর্বদাই সাহায্য করিব ?—Does he *expect* me to help him always ?

তোমরা **বুঝি** কাল বাড়ী যাইবে—*I think* you will go home tomorrow.

তার বুঝি নিজের বাড়ী ঘর নাই—He *seems* to have no house of his own.

বুঝি এতক্ষণ রোগীটি মারা গিয়াছে—*I am afraid* that the patient is dead by this time.

Exercise

1. Translate into English :—

1. তুমিই যত অনিষ্টের মূল (at the root of all evils)। 2. এই ছেলেটিকে দেখিবার আর কেহ নাই। 3. চন্দ্রেও কলঙ্ক (spot) আছে। 4. বুঝি লোকটার আজ খাওয়া হয় নাই। 5. সে কথাত ঠিক (true)। 6. তুমি এখনও যাও নাই? 7. দোষ তোমারই। 8. শশিভূষণ পাশ করিবেই। 9. আমার লোকও নাই অর্থও নাই। 10. তোমার কি একখানাও কাপড় নাই? 11. ইচ্ছা হয় ত যাও। 12. আমি আর তোমার কি করিব? 13. আমি যেন কেহই না, তোমার ব্যবহারে ইহাই মনে হয়। 14. তোমরা খেলা দেখ্‌তে যাচ্ছ ত? 15. পার ত শুক্রবারে আমার সঙ্গে দেখা করিও।

II. Translate into Bengali :—

1. Even a child knows it. 2. The prisoner will not speak the truth even if he be sentenced to death. 3. You have not gone through the book, no wonder you will get plucked in the examination. 4. I must go home this very day. 5. It is you who pushed me aside. 6. See that you do not fail to do this work. 7. His father is no longer in this world. 8. Saibalini could not restrain her tears any longer. 9. It seems you know nothing of this matter. 10. The child has not yet been spoilt.

———

CHAPTER XVII

Proverb (প্রবচন বা প্রবাদ)

কষ্ট না করলে কেষ্ট পাওয়া যায় না—No pains, no gains.

যেমন কর্ম তেমনি ফল—As you sow, so will you reap.

ভাই ভাই, ঠাঁই ঠাঁই—Brothers will part.

এক হাতে তালি বাজে না—It takes two to make a quarrel.

কয়লা ধুলেও কাল যায় না—Black will take no other hue.

ইচ্ছা থাকিলেই উপায় হয়—Where there is a will there is a way.

অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু—A friend in need is a friend indeed.

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—Too many cooks spoil the broth.

জোর যার মুল্লুক তার—Might is right.

যেমন প্রভু তেমনি ভৃত্য—Like master like servant.

ঢিলটির বদলে পাটকেলটি খাইতে হয়—*Tit* for *tat*.

অতিভক্তি চোরের লক্ষণ—Too much courtesy, too much craft.

আয় বুঝে ব্যয় কর—Cut your coat according to your cloth.

কাটা ঘায়ে নুনের ছিটে—Too add insult to injury.

মরার উপর খাঁড়ার ঘা—To slay the slain.

অল্প বিদ্যা ভয়ঙ্করী—A little learning is a dangerous thing.

উলুবনে মুক্তা ছড়াইও না—Don't cast pearls before swine.

যার জ্বালা সেই জানে—The wearer best knows where the shoe pinches.

আতুরে নিয়মো নাস্তি—Necessity has no law.

নাই মামার চেয়ে কাণা মামা ভাল—Something is better than nothing. Half a loaf is better than no loaf.

মৌনং সম্মতি লক্ষণম্—Silence gives consent.

কার শ্রাদ্ধ কেবা করে, খোলা কেটে বামুণ মরে—Everybody's business is nobody's business.

ফলেন পরিচীয়তে—A tree is known by its fruit.

সবুরে মেওয়া ফলে—Patience is bitter, but its fruit is sweet.

অন্ধের কিবা রাত্র কিবা দিন—Day and night are alike to a blind man.

নাচতে না জানলে উঠানের দোষ—A bad workman quarrels with his tools.

ঘর-পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়—A burnt child dreads the fire.

উঠন্ত মূলো পত্তনেই চেনা যায়—Morning shows the day.

পাপের কড়ি প্রায়শ্চিত্তে যায়—Ill got, ill spent.

ভিক্ষার চাল, আবার কাঁড়া আর আকাঁড়া—Beggars must not be choosers.

পায় না, তাই খায় না—Grapes are sour.

CHAPTER XVIII

Passages Translated

(a) নেতাজী সুভাষচন্দ্র বসু ভারতের মহাগৌরব। শৈশব হইতেই তিনি দেশকে সারা অন্তর দিয়া ভালবাসিতেন। সমস্ত জীবন তিনি দেশের ও দশের সেবা করিয়াছেন। তাঁহার ন্যায় তেজস্বী নির্ভীক পুরুষ পৃথিবীতে বিরল। তিনি ভারতবর্ষের এক মহান্ নেতা। পরাধীন দেশকে তিনি স্বাধীন করিবার জন্য কঠোর সংগ্রাম করিয়াছেন। এই স্বাধীনতা সংগ্রামে তিনি যে কত ক্লেশ হাসিমুখে সহ্য করিয়াছেন তাহার হিসাব নাই।

Netaji Subhaschandra Basu is the great pride of India. Even from his childhood he loved his country

with his whole heart. He served his country and the public all through his life. Bold and courageous men like him are very few in this world. He was a great leader of India. He fought hard to free his dependent country. There is no account of how much trouble he had to undergo gladly in this fight for freedom.

(b) বুদ্ধদেব ছিলেন এক রাজার ছেলে। ছেলেবেলায় তিনি নির্জনে বসিয়া খালি ভাবিতেন। একদিন তিনি বাগানে বসিয়া আছেন, এমন সময় তীরবিদ্ধ হইয়া একটি হাঁস তাঁহার কোলে আসিয়া পড়িল। তিনি তীর খুলিয়া হাঁসটিকে বাঁচাইলেন। কিছুক্ষণ পরে তাঁহার জ্ঞাতি ভাই দেবদত্ত সেখানে আসিয়া বলিল—হাঁসটিকে আমি তীরবিদ্ধ করিয়াছি, ও হাঁস আমার, ইহা আমাকে দাও।

Buddhadev was the son of a king. In his boyhood he used to think only sitting in a lonely place. One day he was sitting in a garden when a swan pierced with an arrow fell into his lap. He drew out the arrow and saved the swan. After a while his cousin Devadatta came to the spot and said, 'I have shot the swan with an arrow, so the swan belongs to me. Give it to me'.

(c) বর্তমানে আমাদের স্বাধীন দেশের জাতীয় পতাকার মাঝে যে চক্রটি আছে তাহা 'অশোকচক্র'। আমাদের দেশে যে টাকার নোট এখন চলছে, তার মধ্যে রাজা অশোকের স্থাপিত একটি স্তম্ভের উপর তিনটি সিংহ মূর্তির ছবি আছে। এ দেশের শাসনকার্য রাজা অশোকের আদর্শে চলবে বলে ঐ সকল চিহ্ন ব্যবহৃত হচ্ছে।

The wheel which is now in the centre of the National Flag of our independent country is 'the wheel of

Asoka'. The picture of three lions placed by Asoka on a pillar is in the currency note which is now current in our country. These signs are being used because the administration of our country will be run after the ideal of Asoka.

(d) পুরুরাজ আলেকজাণ্ডারের সেনার হাতে বন্দী হলেন। আলেকজাণ্ডারের শিবিরে পুরুকে নিয়ে যাওয়া হলো।

আলেকজাণ্ডার পুরুর দিকে তাকিয়ে দেখলেন, পুরুরাজের নির্ভীক ও প্রশান্ত দৃষ্টি। ভয়ের চিহ্ন মুখে এতটুকু নেই।

তিনি পুরুকে জিজ্ঞাসা করলেন, 'আপনি আমার হাতে বন্দী, কি প্রকার আচরণ আপনি আশা করেন?'

বিজয়ী বীরের মত পুরু জবাব দিলেন, 'রাজার প্রতি রাজার যেরূপ ব্যবহার করা দরকার, তেমনি আচরণ আশা করি!'

King Puru became a prisoner in the hands of Alexander's soldiers. Puru was taken into Alexander's camp. Alexander looked at Puru, and marked his bold and serene look. There was no trace of fear in his face in the least.

He said to Puru, 'You are my prisoner, what sort of treatment do you expect from me?"

Like a conquering hero Puru said, 'I expect such treatment as a king should deal with another king!'

(e) শিক্ষক—তুমি যে রাজ্যে বাস কর তার নাম কি?
ছাত্র—পশ্চিম বঙ্গদেশ।

শিক্ষক—তুমি কি জাতি?

ছাত্র—বাঙ্গালী জাতি।

শিক্ষক—পশ্চিম বঙ্গদেশ কোন্ দেশের অংশ ?

ছাত্র—ভারতের।

শিক্ষক—বলতে পার, আমাদের দেশের নাম ভারত হল কেন ?

ছাত্র—পুরাকালে আমাদের দেশে ভরত নামে এক রাজা ছিলেন। তাঁর নাম থেকেই আমাদের দেশের নাম হয়েছে ভারত।

Teacher. What is the name of the state in which you live ?

Student. It is West Bengal.

Teacher. What race do you belong to ?

Student. Bengalee.

Teacher. What is the country of which Bengal forms part ?

Student. It is India.

Teacher. Can you say why our country is called Bharat ?

Student. Long ago in our country there was a king called Varat. Our country was called Bharat after his name.

(f) বিদ্যাসাগর—নমস্কার।

মার্শাল—নমস্কার, আসুন পণ্ডিত।

বিদ্যাসাগর—আমি আপনার কাছে একটা অনুরোধ নিয়ে এসেছি।

মার্শাল—কি বলুন।

বিদ্যাসাগর—ছুটি চাই। আমার ভাইয়ের বিয়ে। মা বাড়ী যেতে লিখেছেন।

মার্শাল—ছুটি ? কতদিনের ?

বিদ্যাসাগর—অন্ততঃ চারিদিনের।

মার্শাল—তা তো এখন অসম্ভব। কলেজের কাজকর্ম চলবে কিরূপে ? আমি খুবই দুঃখিত, পণ্ডিত।

বিদ্যাসাগর—আমাকে যেতেই হবে।

মার্শাল—ছুটি না দিলেও যাবেন ?

বিদ্যাসাগর—হাঁ, চাকরী ছেড়ে দিয়ে যাব।

মার্শাল—কলেজের কাজ অপেক্ষা বিবাহের নিমন্ত্রণটাই আপনার নিকট বড় হল ?

বিদ্যাসাগর—নিমন্ত্রণ বড় নয়। মা ডেকেছেন সেইটেই বড়।

Vidyasagar. Good morning.

Marshal. Good morning. Come in, Pundit.

Vidyasagar. I have come to you with a request.

Marshal. Speak it out, please.

Vidyasagar I want leave. My brother's marriage ceremony is going to be held. Mother has written to me to go home.

Marshal. Do you want leave ? For how many days ?

Vidyasagar. At least for four days.

Marshal. That is impossible now. How will the college work go ? I am very sorry, Pundit.

Vidyasagar. Go I must.

Marshal. Will you go even if I do not grant you leave ?

Vidyasagar. Yes, I must go resigning my post.

Marshal. Does the marriage invitation appear more important to you than the college work ?

Vidyasagar. The invitation is not more important. But Mother has asked me to go and that is what makes it more important.

Passages For Translation

1. আমাদের দেশ ভারতবর্ষ স্বাধীন রাষ্ট্র। ইহার উত্তরদিকে হিমালয়ের পর্বতসারি। প্রথমে অনেকগুলি ছোট ছোট পাহাড় সমান জমি হইতে মাথা তুলিয়াছে। তাহার পিছনে ক্রমে ক্রমে উচুঁ হইয়া পাহাড়ের সারি (the range of mountains) একেবারে কত উর্দ্ধে মেঘের উপরে উঠিয়া গিয়াছে (rise higher and higher far above the clouds)। হিমালয়ের উচু চুড়াগুলির মাথায় সর্বদা বরফ জমিয়া থাকে (is always massed)। এইজন্য ইহার নাম হইয়াছে হিমালয় বা হিমের আলয় অর্থাৎ বাড়ী।

2. রেডিয়াম একটি অদ্ভুতধাতু (a wonderful substance)। ইহা দেখিতে ঠিক সাদা লবণের গুঁড়ার (the white powder of salt) মত। এক পাউণ্ড রেডিয়ামের মূল্য হাজার পাউণ্ড সোনার মূল্য অপেক্ষা অধিক। এই ধাতু নিতান্ত দুষ্প্রাপ্য (rare) বলিয়াই ইহার মূল্য এত অধিক। সমগ্র পৃথিবীতে এই ধাতু কয়েক চামচের বেশী নাই।

3. মহাত্মা গান্ধী সারা জীবন ধরিয়া মানুষের ভালর জন্য কাজ করিয়া গিয়াছেন। তিনি বলিতেন—'এ জগতে ছোট বড় কেউ নয়—মানুষকে ভালবাসিতে হয়, ঘৃণা করিতে নাই। ভালবাসা দিয়া পৃথিবী জয় করা যায়।'

ভারতবাসী আমরা ধন্য যে, এমন একজন মহাপুরুষ আমাদের এই ভারতবর্ষে জন্মিয়াছিলেন।

4. প্রতিদিন প্রভাতকালে আমরা জেগে উঠি। পশু, পক্ষী, প্রাণী, গাছ, লতা প্রভৃতিও জেগে উঠে। চাষীরা যায় তাদের চাষের কাজে। রাখালরা যায় মাঠে গরু নিয়ে। গ্রামের পাঠশালায় ছাত্ররা পড়ায় মন দেয়। সারাদিন সকলে কত আমোদ করে, পরিশ্রম করে। ক্রমে রাত্রি আসে। রাত্রি এলে সকলে বিশ্রাম করে—ঘুমিয়ে পড়ে।

5. রবীন্দ্রনাথ গাহিয়াছিলেন—'সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।' সত্যই ভারতবর্ষে জন্মিয়া আমাদের জীবন সার্থক হইয়াছে। এই দেশকে বড় করিবার জন্য, দেশকে ভাল করিয়া গড়িয়া তুলিবার জন্য এখন আমাদিগকে চেষ্টা করিতে হইবে। ভগবানের নিকট প্রার্থনা করি—'হে ভগবান! আমাদের শক্তি দাও, আমরা যেন সত্যিকার স্বাধীন দেশের মানুষ হইয়া গড়িয়া উঠি (build up)।'

6. জমিতে চাষ হয়, ফসল হয়—আমরা সকলে খাইয়া বাঁচি। ঐ যে কৃষক লাঙ্গল কাঁধে মাঠে চলিয়াছে তাহার প্রাণে কত আনন্দ (what a great joy)। নিজের হাতে সে জমিতে লাঙল দিবে, বীজ বুনিবে (sow the seeds), চারা তুলিয়া রোপণ করিবে (transplant the plants)। তাহার পর ধান হইবে। ধানের রাশি যখন সারা মাঠে ছড়াইয়া থাকিবে (when masses of paddy will spread all over the field) তখন দেখিতে হইবে কি সুন্দর—(how beautiful would be the sight)!

7. দুই বন্ধু গল্প করতে করতে একটা পথ দিয়ে চলেছে। সেই পথের ধারে ঘন বন (thick forest) ছিল। হঠাৎ বন থেকে একটা ভালুক বেরিয়ে সামনে এলো।

এক বন্ধু ভয়ানক ভয় পেয়ে তাড়াতাড়ি (hurriedly) একটা গাছে উঠে লুকালো (hid)—বন্ধুর কি দশা ঘটবে তা একবারও ভাবলো না।

সে দেখল—ভালুক তার কাছে প্রায় এসে পড়লো। তখন সে মাটিতে শুয়ে—দম বন্ধ করে মরার মত পড়ে রইলো। সে আরো শুনেছিল—ভালুক মরা মানুষ ছোঁয় না।

8. একটা আঙ্গুর ক্ষেতের পাশ দিয়ে একদিন এক খেঁকশিয়াল যাচ্ছিল। উপরে চেয়ে দেখলে—থোকা থোকা আঙ্গুর ফলে আছে (bunches of grapes were grown) যেমন বড়—তেমনি পাকা টস্ টসে (very large and also fully ripe)। আঙ্গুর ফল দেখে তার বড়ই লোভ হলো খেতে। কিন্তু আঙ্গুর ছিল অনেক উঁচুতে। সহজে পাবার উপায় ছিল না (were not within easy reach)।

9. দাদা—তোমার কাপড় জামা এত ময়লা কেন? ময়লা জামা-কাপড় পরলে কি ক্ষতি হয় জান?

মদন - কি ক্ষতি হয়, দাদা?

দাদা—ময়লা জামা কাপড় পরলে খোস, পাঁচড়া, দাদ এই সব চর্মরোগ হয়। তাই সব সময় আমাদের পরিষ্কার জামা-কাপড় পরা উচিত। ময়লা জামা-কাপড় তোমরা নিজেরা বাড়ীতে সাবান দিয়ে সাফ করে নেবে।

10. রাণী ভবানীর জমিদারী ছিল নবাব সিরাজদ্দৌলার অধীনে। সিরাজ ভারী খেয়ালী (whimsical) ছিলেন। একবার কি কারণে তিনি রাণী ভবানীর উপর ক্রুদ্ধ হন (grew angry with)। তিনি রাণীকে অপমান করবার জন্য একদল সৈন্য পাঠালেন। বিপদে ভয় পাবার মত মেয়ে রাণী ছিলেন না। তিনি তাঁর নিজের সৈন্য দলের সাহায্যে নবাবের সৈন্য দলকে বাধা দিলেন। সিরাজের সৈনিকেরা পরাজিত হইয়া পলায়ন করিল।

11. আমাদের গ্রামের নাম পলাশপুর। অনেক পলাশ গাছ আছে সেখানে। যখন ফুল ফুটে, তখন চারিদিক রাঙা হয়ে যায়। ছোট মধুমতী নদী বয়ে গেছে আমাদের বাড়ীর পাশ দিয়ে। বর্ষায় যখন দুই কূল ছাপিয়ে উঠে (when both the banks are overflowed) তখন ভারি ভাল লাগে (It becomes very pleasant)। পাল তুলে নৌকা ছোটে, জেলেরা মাছ ধরতে বের হয় লম্বা ছিপ চড়ে।

12. সুদূর আয়র্ল্যাণ্ড থেকে একটি মহিলা ভারতে এসেছিলেন ভারতের ধর্মে আকৃষ্ট হয়ে। এর নাম মার্গারেট এলিজাবেথ নোবেল। পরে ইনি ভগিনী নিবেদিতা নামে পরিচিতা হন।

সূর্যের কাছ থেকে চাঁদ পায় আলো, সেই আলো দিয়ে সে করে জগতের সেবা (serve)। ভগিনী নিবেদিতাও ধর্মজীবনের আলো লাভ করেছিলেন স্বামী বিবেকানন্দের কাছ থেকে, আর সেই আলো দিয়েই (and with that light) ভারতের সেবা করেছিলেন।

13. কবি-প্রতিভার জন্য (for her genius of a poet) সরোজিনী নাইডুকে বলা হয় 'বুলবুল'। তাঁর বক্তৃতা দেওয়ার শক্তি ছিল অদ্ভুত। তিনি তাঁহার সুললিত কণ্ঠে (sweet voice) যে অপূর্ব ভাষায় বক্তৃতা করতেন তা শুনলে মুগ্ধ হয়ে যেতে হতো। শুধু নারীই নয়, পুরুষের মধ্যেও তাঁর মত বক্তা কম দেখা যায়। তিনি বাঙালী। তিনিই ভারতীয় নারীদের মধ্যে কংগ্রেসের সর্বপ্রথম সভানেত্রী হইয়াছিলেন।

14. একটি লোকের অনেকগুলো ছেলে। ছেলেরা সব সময়ে ঝগড়া করে। একদিন লোকটি সব ছেলেকে কাছে ডেকে এনে বললে, —'তোমরা প্রত্যেকে একটা করে লাঠি নিয়ে এস তো?' প্রত্যেক ছেলে বাপের কথামত একটা করে লাঠি নিয়ে এল। অনেকগুলো হল। বাপ ছোট ছেলেকে বললে—সবগুলো নিয়ে একটি আটি বাঁধ।' বাঁধা শেষ

হলে বাপ তার বড় ছেলেকে বললে—'বাপু, এই লাঠির আঁটিটা ভাঙ্গ তো।'

15. 'রাজ্য আমাদের ছোট, শক্তি আমাদের অল্প। কিন্তু জন্মভূমির প্রতি আমাদের কর্তব্য অল্প নয়। আমরা কাপুরুষ নই, আমাদের কর্তব্যজ্ঞান আছে; আজ আমরা তারই প্রমাণ দেব।'

রানী দুর্গাবতীর কণ্ঠ থেকে এই বীরত্বপূর্ণ কথাগুলি বেরিয়ে এল।

একটু পরেই তাঁর কণ্ঠ থেকে ধ্বনিত হয়ে উঠল, 'অগ্রসর হও, শত্রু নিধনে এগিয়ে চল। তোমাদের তরবারি জন্মভূমিকে শত্রুর কবল (grasp of the enemy) থেকে মুক্ত করুক।'

16. পথে কালী দীঘি নামে এক বৃহৎ (long) দীর্ঘিকা আছে। তাহার জল প্রায় অর্ধ ক্রোশ (Its water stretches about half a mile)। পাড় (embankment) পর্বতের ন্যায় উচ্চ। তাহার ভিতর দিয়া পথ। চারি পার্শ্বে বট গাছ। তাহার শীতল ছায়া। দীঘির জল নীল মেঘের মত, দৃশ্য অতি মনোহর। তথায় মনুষ্যের সমাগম বিরল (Men seldom go there)। ঘাটের উপর (above the steps) একখানি দোকান আছে মাত্র। নিকটে যে গ্রাম আছে তাহার নামও কালী দীঘি।

17. একটি লোক তার গাধা বিক্রী করতে নিয়ে যাচ্ছে এক মেলায়। সঙ্গে তার ছেলে চলছে।

বাপ, বেটা দুই জনেই হেঁটে চলেছে, গাধাটার গলায় দড়ি বেঁধে নিয়ে যাচ্ছে, পিঠে তার কিছু নেই।

পথের ধারে একদল ছেলে খেলছে। হঠাৎ তাদের মধ্যে একজন গাধা ও লোক দুটিকে দেখে বলে উঠলো—'ছাখ, ছাখ, লোক দুটো কি বোকা! সঙ্গে অমন একটা গাধা থাকতে—দুজনেই হেঁটে যাচ্ছে।'

18. টুনটুনি—নাপিত ভায়া, নাপিত ভায়া, পায়ে কাঁটা বিঁধলো (run), তুলে দাও না তাড়াতাড়ি (draw it out at once, please)।

নাপিত—ইস্ (shame)! আমি হলেম রাজার নাপিত, আর তুই কিনা কোথাকার পুঁচকে পাখী (you are nothing but a tiny bird), তুই আমাকে বলিস তোর পায়ের কাঁটা তুলে দিতে! তোর সাহস তো কম নয়।

19. শোঁ শোঁ শব্দ করে জোরে বাতাস বইতে আরম্ভ করল। গাছগুলো জোরে জোরে নড়তে লাগল। আকাশে বিদ্যুৎ চমকাতে লাগল। ছিটে ছিটে (drop by drop) বৃষ্টি পড়তে লাগল। পাখীরা ভয় পেয়ে কিচির মিচির শব্দ করে নিজেদের বাসার দিকে উড়ে চলল। শিশুর দলও খুব ভয় পেয়ে গেল। তারাও দৌড়তে লাগল। কিন্তু এত ধূলা উড়ছিল যে, কোনদিকে তারা যাবে বুঝে উঠতে পারছিল না।

20 বড়দিনের ছুটি। নিখিল, গোপাল ও বিজন তিন বন্ধুতে ঠিক করল চিড়িয়াখানা দেখতে যাবে।

নিখিলের কাকাকে বলতেই তিনি ওদের নিয়ে যেতে রাজী হলেন। নিখিলের ছোট বোন চন্দনা খেলছিল ঘরের কোণে বসে। সেও বায়না ধরল যাবে (She also insisted on going with them)। ঠিক হ'ল (it was settled) পরদিন সকাল বেলায় খেয়ে দেয়ে চিড়িয়াখানা দেখতে যাওয়া হবে।

Harder Passages For Translation

1. কোনও গ্রামে চন্দ্রশেখর নামে এক ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার দুই পুত্র ছিল। তন্মধ্যে জ্যেষ্ঠের নাম শশিভূষণ ও কনিষ্ঠের নাম বিধুভূষণ। বিধুভূষণের বয়ক্রম যখন দেড় বৎসর তখন তাঁহার পিতার মৃত্যু হয়। এজন্য তিনি তাঁহার মাতার বড় স্নেহের পাত্র (mother's pet) ছিলেন। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা তাঁহার অপেক্ষা সাত আট বৎসরের বড় ছিলেন। সুতরাং শশীভূষণ যৎকালে বিদ্যাভ্যাস করিতেন, তখন

বিধুভূষণ কেবল খেলা করিয়া কাল কাটাইতেন (passed his time in play only).—স্বর্ণলতা।

2. আমরা যেরূপ আহার করি, গাছও সেইরূপ আহার করে। আমাদের দাঁত আছে, আমরা কঠিন জিনিষ খাইতে পারি। ছোট ছোট শিশুদের দাঁত নাই, তাহারা কেবল দুধ খায়। গাছেরও দাঁত নাই, সুতরাং তাহারা কেবল জলীয় দ্রব্য কিংবা বাতাস হইতে আহার গ্রহণ করিতে পারে। মূল দ্বারা মাটি হইতে গাছ রস শোষণ করে (suck sap)। চিনিতে জল ঢালিলে (pour water) চিনি গলিয়া যায়। মাটিতে জল ঢালিলে মাটির ভিতরের অনেক জিনিষ গলিয়া যায়। গাছ সেই সব জিনিষ আহার করে। —জগদীশচন্দ্র বসু।

3. রমেশ—আপনি কে ?

বনমালী—আপনাদের ভৃত্য—বনমালী পাড়ুই, গ্রামের মাইনর স্কুলের (M. E. school) প্রধান শিক্ষক।

রমেশ—আপনি স্কুলের হেড মাষ্টার ?

বনমালী—আপনার ভৃত্য। দুদিন (on two occasions) আপনাকে প্রণাম জানাতে (to pay my respects to you) গিয়েও (though I came) দেখা হয়নি (I could not meet you)।

রমেশ—আপনার স্কুলের ছাত্র সংখ্যা (roll-strength) কত ?

বনমালী—বিয়াল্লিশ জন। গড়ে (on average) দুজন করে পাশ করে। এবার নারায়ণ বাড়ুয্যের সেজ ছেলে (third son) জলপানি (scholarship) পেয়েছিল।

রমেশ—বটে (Is that so ?

বনমালী—আজ্ঞে, হাঁ (yes, sir)। —পল্লী সমাজ

4. কৃষ্ণ গোবিন্দ তখন কিছু করিল না; হাটবারের অপেক্ষা করিতে লাগিল (waited for the market day)। এবার হাটবারে

বৈষ্ণবীকে বলিল, 'আমার বড় অসুখ করেছে, তুমি হাট করিতে যাও (go out for marketing)।' বৈষ্ণবী সকালে হাট করিতে গেল। বাবাজী (The Vaishnab) বুঝিলেন, বৈষ্ণবী একদিন ছুটি পাইয়াছে, শীঘ্র ফিরিবে না। কৃষ্ণগোবিন্দ সেই অবকাশে সেই কোণ খুঁড়িতে লাগিল। সেখানে কুড়ি ঘড়া (pitcher) ধন পাইল। —দেবী চৌধুরাণী

5. বর্ষা নেমেছে (set in)। গর্মি (sultriness) আর নাই। থেকে থেকে (from time to time) মেঘের গর্জন (the rumbling of clouds) আর বিদ্যুতের চমকানি (the flash of lightning) চলছে। শিলং পর্বতে ঝর্ণার জল (spring water) বেড়ে উঠলো। কর্ণফুলি নদীতে বন্যা দেখা দিয়েছে (in spate)। শস্যক্ষেত ডুবিয়ে (under water) দিলে। দুর্গানাথের আঙিনায় (courtyard) জল উঠেছে। তার দর্মার বেড়া (walls of mat) ভেঙে গেল। বেচারা (poor) গরুগুলোর বড় দুর্গতি। এক হাঁটু পাঁকে (knee-deep mud) দাঁড়িয়ে আছে।

—রবীন্দ্রনাথ

6. হে ভারত! ভুলিও না, তোমার নারী জাতির আদর্শ (ideal of womanhood)—সীতা, সাবিত্রী, দময়ন্তী। ভুলিও না, তোমার উপাস্য দেবতা (god of worship) সর্বত্যাগী (all sacrificing) শঙ্কর। ভুলিও না, মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী তোমার রক্ত, তোমার ভাই। সদর্পে ডাকিয়া বল, ভারতবাসী আমার ভাই, ভারতবাসী আমার প্রাণ। দিনরাত প্রার্থনা কর, মা, আমার দুর্বলতা, কাপুরুষতা দূর কর। আমায় মানুষ কর।

—বিবেকানন্দ

7. গ্রামের প্রসন্ন গুরুমহাশয় বাড়ীতে একখানা মুদির দোকান করিতেন এবং দোকানের পাশে তাঁহার পাঠশালা ছিল। বেত ছাড়া (except the cane) পাঠশালায় শিক্ষাদানের উপকরণের (means of imparting education) বাহুল্য ছিল না (there was nothing

extra)। তবে এই বেতের উপর অভিভাবকদেরও বিশ্বাস গুরুমহাশয়ের বিশ্বাস অপেক্ষা কম নয়। তাই তাঁহারা গুরুমহাশয়কে বলিয়া দিয়াছিলেন, 'ছেলেদের পা খোঁড়া এবং চোখ কানা না হয়।' এইটুকু মাত্র নজর রাখিয়া তিনি যত ইচ্ছা বেত চালাইতে পারেন।'

—পথের পাঁচালী

8. পৌষমাসের দিন। অপু সকালে লেপ মুড়ি দিয়া রৌদ্র উঠিবার অপেক্ষায় বিছানায় শুইয়াছিল। মা আসিয়া ডাকিল, 'অপু, ওঠ শিগগির করে, আজ তুমি যে পাঠশালায় পড়তে যাবে! কেমন সব বই আনা হবে তোমার জন্যে। হ্যাঁ উঠ, মুখ ধুয়ে নাও।'

অপুর বাবা অপুকে পাঠশালায় পৌছিয়া দিয়া বলিল, 'ছুটি হবার সময়ে আমি আবার এসে তোকে বাড়ী নিয়ে যাব, অপু। বসে বসে লেখ। গুরুমহাশয়ের কথা শুন, দুষ্টামি করো না যেন।'

—পথের পাঁচালী

9. হরিদ্রাগ্রামে একঘর বড় জমিদার ছিলেন। জমিদারবাবুর নাম কৃষ্ণকান্ত রায়। কৃষ্ণকান্ত রায় বড় (immensely) ধনী। তাঁহার জমিদারীর মুনাফা (income) প্রায় দুই লক্ষ টাকা। এই বিষয়টা (estate) তাঁহার ও তাঁহার ভ্রাতা রামকান্ত রায়ের উপার্জিত (acquired)। উভয় ভ্রাতা একত্র হইয়া (jointly) অর্থোপার্জন করেন। উভয় ভ্রাতার পরম সম্প্রীতি ছিল(were on good terms)। উভয়েই একান্নভুক্ত ছিলেন (lived in a joint family)। —কৃষ্ণকান্তের উইল

10. আমার পাঁচ বছর বয়সের ছোট মেয়ে মিনি একদণ্ড কথা না কহিয়া থাকিতে পারে না (cannot remain silent)। তাহার মা অনেক সময় ধমক দিয়া (with a threatening) তাহার মুখ বন্ধ করিয়া দেন কিন্তু আমি তাহা পারি না। মিনি চুপ করিয়া থাকিলে এমনি অস্বাভাবিক দেখিতে হয় যে (silence on the part of Mini

appears so much unnatural), সে আমার বেশিক্ষণ সহ্য হয় না। এইজন্য আমার সঙ্গে তাহার কথোপকথনটা কিছু উৎসাহের সহিত চলে।

11. সূর্যমুখীকে দেখিয়া বুড়ী জিজ্ঞাসা করিল, 'হাঁ গা, তুমি কি আমাদের মা-ঠাকুরাণী গা (our lady) ?'

সূর্যমুখী বলিলেন, 'না বাছা!'

বুড়ী বলিল, 'হাঁ, তুমি আমাদের মা-ঠাকুরাণী।'

সূর্যমুখী বলিলেন, 'তোমাদের মা-ঠাকুরাণী কে গা?'

বুড়ী বলিল, 'বাবুদের বাড়ীর বউ গা!'

সূর্যমুখী বলিল, 'আমার গায়ে (on my person) কি সোনা দানা (jewels and ornaments of gold) আছে যে, আমি বাবুদের বাড়ীর বউ?'

বুড়ী ভাবিল, 'তাও তো বটে (yes, that's a point) !'—বিষবৃক্ষ

12. আমি আশ্রয় পাইলাম। আর একটি অমূল্য (priceless) রত্ন পাইলাম—একটি হিতৈষিণী সখী (a well-wisher and friend). তার শাসনে (at her admonition) দাস দাসীরাও আমাকে অমান্য করিত না। এ দিকে রান্নাবান্না সম্বন্ধেও সুখ হইল (I was in a happy position)। সে বুড়ী ব্রাহ্মণ ঠাকুরাণী—তাঁহার নাম সোনার মা—তিনি বাড়ী গেলেন না। মনে করিলেন, তিনি গেলে আর চাকুরীটি পাইবেন না (lose her job)। আমি কায়েমী (permanent) হইব। তিনি এই ভাবিয়া নানা ছুতা (on various pretexts) করিয়া বাড়ী গেলেন না।

13. মেয়ে কহিল, 'বেলা যে পড়ে এল বাবা, মহেশকে আন্‌তে যাবে না?'

গোফুর বলিল, 'না!'

কিন্তু তারা যে বল্‌লে তিন দিন হলেই (just at the end of

three days) পুলিশের লোক তাকে গো-হাটায় (cow-market) বেচে ফেলবে !'

গোফুর কহিল, 'ফেলুক্ গে (Let them do) ।'

গো-হাটা বস্তুটা যে ঠিক কি আমিনা তাহা জানিত না, কিন্তু মহেশের সম্পর্কে ইহার উল্লেখ মাত্রেই, তাহার পিতা যে কিরূপ বিচলিত (how upset) হইয়া উঠিত ইহা সে বহুবার লক্ষ্য করিয়াছে। কিন্তু আজ সে আর কোন কথা না কহিয়া আস্তে আস্তে চলিয়া গেল।

—শরৎচন্দ্র

14. রামলালের বয়স কম ছিল, কিন্তু দুষ্টবুদ্ধি কম ছিল না (was not lacking in wicked designs)। গ্রামের লোক তাহাকে ভয় করিত। কখন কাহার উপর কিভাবে অত্যাচার করিবে তাহা কাহারও অনুমান করিবার ক্ষমতা ছিল না। তাহার বড় ভাই শ্যামলালকেও ঠিক শান্ত প্রকৃতির (of a quiet nature) লোক বলা চলে না; কিন্তু সে লঘু অপরাধে গুরু দণ্ড করিত না। গ্রামের জমিদারী কাছারীতে সে কাজ করিত এবং নিজের জমিজমা তদারক করিত (looked after)। তাদের অবস্থা স্বচ্ছল (well off) ছিল। পুকুর, বাগান, কয়েক ঘর প্রজা (a few tenants) এবং কিছু নগদ টাকাও ছিল।

15. প্রতাপ—কে ? শক্ত ?

শক্ত—মেবার সূর্য (The sun of Mewar) অস্ত যায়নি দাদা।

প্রতাশ—শক্ত, আমি তোমার হস্তে বন্দী। আমায় শৃঙ্খল দিয়া (in chains) বেঁধে নিয়ে যেও না, শক্ত ! আমাকে মেরে ফেল, তারপর আমার ছিন্ন মুণ্ড (severed head) তোমার মনিব আকবরকে উপহার দিও। জীবতাবস্থায় (alive) বেঁধে নিয়ে যেও না।

শক্ত—তোমার বক্ষে (bosom) স্থান দাও দাদা !

প্রতাপ—তবে তুমিই কি দুইজন মোগল সৈনিকের হাত থেকে আমার প্রাণরক্ষা করেছ ?

শক্ত—স্বদেশের রক্ষক (saviour) রাজপুত কুলের গৌরব হইয়া (glory) প্রতাপকে ঘাতকের হাতে মরতে দিতে পারিনি। বীর কেশরী (oh, great hero)! আমায় ক্ষমা করুন।

প্রতাপ—ভাই, ভাই! (ভ্রাতৃদ্বয় আলিঙ্গন বদ্ধ হইলেন)

—দ্বিজেন্দ্রলাল

16. তখন সূর্য অস্তপ্রায়। জাহাজের ছাদের উপর মাস্তলের কাছে দাঁড়িয়ে ভারতবর্ষের তীরের দিকে চেয়ে রইলুম (I kept gazing at the shore of India)। সমুদ্রের জল সবুজ, তীরের রেখা নীলাভ (bluish), আকাশ মেঘাচ্ছন্ন। জাহাজ সমুদ্রের মধ্যে ক্রমশই অগ্রসর হচ্ছে। বামে বোম্বাই বন্দরের এক দীর্ঘ রেখা এখনো দেখা যাচ্ছে। দেখে মনে হল আমাদের পিতৃ-পিতামহের পুরাতন জননী (the ancient mother) ডাকছেন, বলছেন, আসন্ন রাত্রিকালে অকূল সমুদ্রে, অনিশ্চিতের (uncertainty) উদ্দেশ্যে যাস নে! এখনো ফিরে আয়! ক্রমে বন্দর ছাড়িয়ে গেলুম।

Part III

CHAPTER I

Letter-writing

দুইজন অনুপস্থিত ব্যক্তির মধ্যে সংযোগ স্থাপন করাই হইল পত্রের উদ্দেশ্য। চিঠিতে লেখকের মনের ভাব প্রকাশিত হইয়া থাকে। যখন আমাদের আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধব দূরে থাকেন তখন তাঁহাদের নিকট চিঠি লিখিয়া আমাদের মনের ভাব প্রকাশ করিয়া থাকি এবং সংবাদ প্রেরণ করি। এইরূপ লিপি লিখনের প্রণালীকে Letter-writing (পত্র-লিখন) বলা হয়।

যখন আমাদের আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধব নিকটে থাকেন তখন কথাবার্তা দ্বারা তাঁহাদের নিকট আমাদের মনের ভাব প্রকাশ করিয়া থাকি। কথাবার্তায় আমরা সরল ভাষা ব্যবহার করিয়া থাকি। যখন আমাদের আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধব দূরে থাকেন তখন আমাদের সেই কথাবার্তা পত্রে জানাইয়া থাকি। এজন্য চিঠির ভাষা সরল এবং সুস্পষ্ট হওয়া বিশেষ প্রয়োজন। সর্বদাই মনে রাখিবে চিঠির ভাষা নির্ভুল হওয়া চাই। হাতের লেখা ভাল না হইলে পত্র-প্রাপক চিঠির মর্ম বুঝিতে পারিবেন না। অতএব হাতের লেখা ভাল না হইলে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হইয়া যায়। পত্র-লিখন কৌশল (art) একটি বিশেষ গুণ। ইহা শিক্ষা করিতে যথেষ্ট চেষ্টা করিতে হয়।

ইংরাজীতে চিঠি লেখার একটি প্রণালী আছে। এই প্রণালী শিক্ষা করা বিশেষ প্রয়োজন। ভাল ভাবে চিঠি লিখিতে শেখা একটি বিশেষ ক্ষমতা। এই ক্ষমতা অর্জন করিতে হইলে বিশেষ যত্ন ও চেষ্টা করিতে হয়।

ভিন্ন ভিন্ন লোকের নিকট ভিন্ন ভিন্ন চিঠি লেখার ধারা আছে। তাঁহাদের সহিত লেখকের সম্বন্ধ অনুযায়ী চিঠির ভাব, ভাষা ও বিষয়বস্তু বিভিন্ন প্রকারের হইয়া থাকে।

মা, বাবা, ভাই, ভগ্নী, খুড়া, খুড়ি, জ্যাঠা, জেঠী প্রভৃতি আত্মীয়-স্বজনের নিকট চিঠি লিখিতে হয়। ইহাদের নিকট চিঠি লেখার একটি ধারা আছে।

বন্ধু-বান্ধবকে চিঠি লিখিতে হয়। তাঁহাদের নিকট চিঠি লেখার একটি স্বতন্ত্র পদ্ধতি আছে।

অপরিচিত ব্যক্তিকেও চিঠি লেখার প্রয়োজন হইয়া থাকে। তাঁহাদের নিকট চিঠি লেখার পদ্ধতি বিভিন্ন।

এইরূপে চিঠি লেখার কতকগুলি নিয়ম আছে। এই নিয়মগুলি শিক্ষা করা বিশেষ প্রয়োজন।

চিঠি লেখার ভাষা শিক্ষা করা যেমন প্রয়োজন তেমনি চিঠি লেখার পদ্ধতি শিক্ষা করাও বিশেষ প্রয়োজন।

চিঠি বিভিন্ন প্রকারের হইয়া থাকে। সাধারণতঃ চিঠিগুলিকে তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়া থাকে।

I. Private or Personal Letter (ব্যক্তিগত পত্র)

আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব এবং পরিচিত ব্যক্তিদের নিকট যে চিঠি লেখা হয় তাহাকে বলে Private or Personal letter (ব্যক্তিগত পত্র)

II. Business Letter (ব্যবসায়-সংক্রান্ত পত্র)

কখন কখন তোমার বই কেনার প্রয়োজন হইয়া থাকে অথবা খেলার জিনিস কিনিবার প্রয়োজন হইতে পারে। সেই সম্বন্ধে কোন বই-এর দোকানে অথবা খেলার সরঞ্জাম বিক্রয় করে এমন কোন দোকানে

তোমার চিঠি লেখার প্রয়োজন হয়। এইরূপ ব্যবসায়-সংক্রান্ত বিষয়ে কোন ব্যবসায় প্রতিষ্ঠানে যে পত্র লেখা হয় তাহাকে বলে Business Letter.

III. Official Letter (অফিস-সংক্রান্ত বিষয়ের পত্র)

একটি অফিসে বহু লোকে কাজ করিয়া থাকে। সেখানে যাঁহারা চাকুরী করেন office-এর কাজকর্ম বিষয়ে তাঁহাদের মধ্যে নানা প্রকার সংবাদের আদান প্রদান হইয়া থাকে। এইরূপ অফিস সংক্রান্ত-বিষয়ের চিঠিকে Official letter বলে।

এই তিন প্রকারের চিঠি ভিন্ন ভিন্ন চাকুরী ছুটি প্রভৃতির জন্য আবেদন পত্র, দরখাস্ত প্রভৃতি লিখিতে হয়। ইহাদিগকে Application, Petition প্রভৃতি নাম দেওয়া হইয়া থাকে।

CHAPTER II

Private Letter

চিঠি লিখিবার সময় কয়েকটি বিষয় স্মরণ রাখা বিশেষ প্রয়োজন।

(1) তুমি যাহা লিখিতে চাও উহা পুনঃ পুনঃ চিন্তা করিয়া লইবে।

(2) সরল এবং সুস্পষ্ট ভাষায় তোমার চিন্তাধারা প্রকাশ করিবে অর্থাৎ তোমার কোন ভাব যেন অবোধ্য না থাকে।

(3) তোমার চিঠির ভাষা grammatically correct হওয়া চাই।

(4) প্রত্যেক চিন্তাধারা এক একটি paraতে শেষ করিবে।

নিম্নে একখানি পত্রের নমুনা দেওয়া হইল। পত্রখানি লক্ষ্য করিলে

বুঝিবে ইহাতে পাঁচটি অংশ আছে। এই অংশগুলি পর পর যথাস্থানে সাজাইয়া চিঠি লিখিতে হয়।

Vill.—Kartickpukur,
P. O.—Deyganga,
Dt.—24 Parganas,
1. 10. 56.

My dear Samar,

The Puja holidays are drawing near. Will you come to our house to observe the Durga Puja ?

How joyfully should we observe !

Yours sincerely,
Nirmal

Address on the Post Card

Sree Samarendra Nath Ghose
12, Gandhi Road
Calcutta—12

I

Heading (শীর্ষলিপি বা শিরোনামা)

পত্রের প্রথম অংশ হইল Heading (শীর্ষলিপি বা শিরোনামা)

বাংলা পত্রে শীর্ষভাগে ঈশ্বরের নাম লেখার রীতি আছে, কিন্তু ইংরেজী পত্রে সে রীতি নাই।

ইংরেজী পত্রে Heading-এ থাকে লেখকের ঠিকানা এবং ইহার পরে

থাকে পত্র লিখিবার তারিখ। চিঠির উপরিভাগে ডানদিকের কোণে Heading লিখিতে হয়।

গ্রামের ঠিকানা লেখার নিয়ম হইল প্রথমে ডাকঘরের নাম, পরে গ্রামের নাম এবং ইহার পরে জেলার নাম।

যেমন—

P. O.—Deyganga,
Vill.—Kartickpukur,
Dt.—24 Parganas

ঠিকানাটি লেখা শেষ হইলেই তার নিম্নে লিখিবে তারিখ অর্থাৎ যে তারিখে চিঠি লেখা হইতেছে সেই তারিখটি লিখিতে হয়। প্রত্যেক চিঠিতে তারিখ থাকা বিশেষ প্রয়োজন। তারিখ ছাড়া কোন চিঠি ছাড়িতে নাই।

তারিখ তিন প্রকারে লেখা যায়। প্রথমে মাসের দিনটির সংখ্যা বসাইয়া একটি dot বসাইতে হয়, তারপর মাসের সংখ্যা বসাইয়া একটি dot বসাইতে হয়, তারপর বৎসরের সংখ্যা বসাইতে হইবে। বৎসরের সংখ্যা পুরাপুরি না দিয়া শেষের দুইটি ফিগার বসাইলে চলে। যেমন—
1. 10. '56

এই সংখ্যাগুলি নির্দেশ করিতেছে Ist Octob er, 1956 অর্থাৎ ১৯৫৬ সালের ১লা অক্টোবর।

দ্বিতীয় প্রকারে তারিখ লিখিবার নিয়ম হইল যে তারিখ সূচক সংখ্যাটি লিখিয়া তাহার পর মাসের নাম লিখিতে হয়। তাহার পর কথা বসাইয়া বৎসরের পুরা সংখ্যা বসাইতে হয়; যেমন—
Ist October, 1956

তৃতীয় প্রকারে তারিখ লিখিবার নিয়ম হইল যে ইংরেজী মাসটি প্রথমে লিখিয়া তারপর তারিখটি সাধারণ সংখ্যায় বসাইতে হয়, তারপর কমা বসাইয়া বৎসরের সংখ্যা বসাইতে হয় ; যেমন—

October 1, 1956

